বীক্ষণ

BIKSHAN

বীক্ষণ

সম্পাদক

ডঃ বিশ্বজিৎ কর্মকার

হুগলী উইমেন্স কলেজ

হুগলী

BIKSHAN
Collection of essay
Editor-in-Chief Dr. Biswajit Karmaka

Frist published : 01.02.2024

ISBN : 978-93-6128-474-8

Cover Design : Biswajit Karmakar & Anupam Sharma

Publishar
Principal
Hooghly Women's College
Hooghly, Pipulpati
West Bengal

Print
Lahor Publication House
B-5/44Kalyani, Nadia-741235
&
I.I.C.E, Kancharapara
(N) 24Pgs

Price 350

Advisory Board

* Dr. Sima Banerjee, Principal, Hooghly Women's College.
* Dr. Aparna Roy, Professor, Visva Bharati University.
* Dr. Mir Rejaul Karim, Professor, Aliah University.
* Dr. Srabani Paul, Professor, Rabindrabharati University.
* Dr. Arupkumar Das, Professor, Calcutta University.
* Mr. Santanu Basu, Professor, NSD, Delhi.
* Dr.. Santanu Das, Professor, Rabindra Bharati University.
* Dr. Tapas Kumar Mondal, Asso. Professor, Kalyani University.
* Dr. Somjyoti Mridha, Assistant Professor, North Eastern Hill University.

Editorial Board

* Dr. Jana Bandyopadhyay, Associate Professor, Department of Sanskrit, Hooghly Women's College.
* Dr. Samadyuti Haldar, Associate Professor, Depeartment of Matnmatics, Hooghly Women's College.* Dr. Biplab Mondal, Associate Professor, Department of Chemistry, Hooghly Women's College.
* Dr. Nirmalya Sensharma, Associate Professor, Department of Bengali, Hooghly Women's College.
* Dr. Lily Mondal, Assistant Professor, Department of English, Hooghly Women's College.
* Gurudas Biswas, Assistant Professor, Depeartment of Matnmatics, Hooghly Women's College.

Co-Editor-in-Chief

*Dr.Punarbasu Bose, Associate Professor, Depeart of Physic, Hooghly Women's College.

Editor-in-Chief

*Dr. Biswajit Karmakar, Associate Professor, Depeart of Bengali, Hooghly Women's College.

ভূমিকা

হুগলি জেলার প্রথম মহিলা মহাবিদ্যালয় হল হুগলি ইউমেন্স কলেজ। আমাদের প্রিয় মহাবিদ্যালয়টি স্থাপিত হয়েছিল ১৯৪৯ সালে। দেখতে দেখতে আমাদের মহাবিদ্যালয়ের পচাঁত্তর বছর বয়েস হয়ে গেল। হুগলি চুঁচুড়ার অনেক ইতিহাসের সাক্ষী আমাদের মহাবিদ্যালয়। স্থানীয় মেয়েদের উচ্চ শিক্ষার কথা মাথায় রেখে মহাবিদ্যালয়টি স্থাপিত হয়েছিল। সেই আমল থেকে বর্তমান সময় পর্যন্ত আমাদের ছাত্রীরা সুনামের সঙ্গে এগিয়ে চলেছে। যখন প্রাক্তন ছাত্রীরা এসে বলে আমি এই মহাবিদ্যালয়ের লেখা পড়া করেছি, তখন গর্বে বুক ভরে যায়। একদিন এক বিরল অভিজ্ঞতা হল, আমার কক্ষে এসেছিলেন মহাবিদ্যালয়ের এক প্রাক্তন ছাত্রী, বর্তমানে তিনি গুজরাটে থাকেন। মহাবিদ্যালয় সম্পর্কে তিনি অনেক স্মৃতিচারণ করলেন, ভালো লাগলো। আর মজাও পেলাম, যখন শুনলাম তিনি আমার থেকে বয়েসে বড়। এভাবেই তো ইতিহাস হয়ে যায় একটা প্রতিষ্ঠান। ইতিহাসের সাক্ষী তো বটেই আমাদের এই প্রতিষ্ঠান। মহাবিদ্যালয়ের প্রথম অধ্যক্ষা ছিলেন স্বাধীনতা সংগ্রামী শান্তিসুধা ঘোষ। এটা আমাদের পরম প্রাপ্তি, অহংকারও বটে। পচাঁত্তর বছরকে মাথায় রেখে আমরা বিভিন্ন পরিকল্পনা করেছি। সারা বছর ধরে আমাদের মহাবিদ্যালয়ে বিভিন্ন অনুষ্ঠান হচ্ছে। তার সঙ্গে পুস্তক প্রকাশের পরিকল্পনাও করেছি আমরা। পুস্তকটির নামকরণ করা হয়েছে "বীক্ষণ"। এই পুস্তকে বাংলা এবং ইংরেজিতে বিভিন্ন প্রবন্ধ লিখেছেন আমাদের এবং অন্যান্য কলেজের অধ্যাপিকা এবং অধ্যাপকেরা। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের গবেষিকা, গবেষকরাও প্রবন্ধ লিখেছেন। ধন্যবাদ জানাই সবাইকে। এছাড়া ধন্যবাদ জানাবো মহাবিদ্যালয়ের সমস্ত অধ্যাপিকা, অধ্যাপক এবং শিক্ষাকর্মীদের। জানি সবাই প্রত্যক্ষভাবে থাকতে পারেননি এই প্রকাশনার কাজে। কিন্তু পরোক্ষ হলেও সবারই সহযোগিতা প্রয়োজন। ধন্যবাদ জানাই উপদেষ্টা মণ্ডলীকে এবং সম্পাদক মণ্ডলীকে। তাদের ছাড়া এই কাজটি সম্ভব হত না। কলেজের অগ্রগতির জন্য গবেষণামূলক লেখার খুব প্রয়োজন। আশাকরি আমাদের এই প্রচেষ্টার ধারাবাহিকতা বজায় থাকবে। যেকথা না বললেই নয়, সম্পাদক ডঃ বিশ্বজিৎ কর্মকারের নিরবচ্ছিন্ন শ্রমের ফসল এই বইটি। তাকে মহাবিদ্যালয়ের তরফ থেকে ধন্যবাদ জানাই।

অধ্যক্ষা
ডঃ সীমা ব্যানার্জী

সম্পাদকীয়

আমাদের মহাবিদ্যালয় অনেক দিক দিয়ে এগিয়ে। আমাদের এই ভালোবাসার প্রতিষ্ঠান ইতিহাস বহন করে এগিয়ে চলেছে নিজের মহিমায়। হুগলী জেলার প্রথম মহাবিদ্যালয় শুধু তাই নয়, ১৯৫২ সালে নতুন ভবনের উদ্বোধনে এসেছিলেন সেই সময়ের মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়। মহাবিদ্যালয়ের প্রথম অধ্যক্ষা শান্তিসুধা ঘোষ ছিলেন বিপ্লবী, একাধিকবার তাঁকে জেলে যেতেও হয়েছিল। আবার এম.এ. পড়বার সময় তিনি "ঈশান বৃত্তি' পেয়েছিলেন। তিনি মেয়েদের নিয়ে তাঁর সময়ে যা চিন্তা ভাবনা করেছেন, তা ভাবলে বিস্মিত হতে হয়। "নারী" নামে একটি প্রবন্ধের বই লিখেছেন। আর নিজের নামের আগে "শ্রী" লিখতেন। একবার একটা অনুষ্ঠানে আমাদের মহাবিদ্যালয়ে এসেছিলেন কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী।

আমরা আমাদের এই মহাবিদ্যালয় নিয়ে গর্ব করি। জানি, দিন বদল হয়, সময় পাল্টে যায়, রাজনৈতিক-সামাজিক পরিবর্তনের সাথে সাথে দর্শনও যায় পাল্টে। এই পরিবর্তনের ধারায় একজন অধ্যাপিকা, অধ্যাপককে শুধু মহাবিদ্যালয়ে এসে পড়ালেই হবে না। তাঁদের অনেক অন্যরকম কাজ করতে হয়। তার সঙ্গে এসে পড়ে বিভিন্ন প্রকার গবেষণামূলক প্রবন্ধ লেখা, যা মহাবিদ্যালয়ের মানকে বাড়াতে সাহায্য করে।

আমরা যারা বর্তমানে একসাথে কাজ করি, তারা ভবিষ্যতে এক দিন না এক দিন একসাথে থাকবো না। এই কর্মজগৎ থেকে অবসর নিতেই হবে। তাই যতদিন এক সাথে থাকি, আসুন না সবাই বেঁধে বেঁধে থাকি। এই বেঁধে থাকার জন্য সব থেকে বড় প্রয়োজন মহাবিদ্যালয় থেকে একটা নিয়মিত বই বা পত্রিকা প্রকাশ করা। যা সত্যি আমরা সম্ভব করতে পেরেছি। যেমন এই বর্তমান গ্রন্থে আমরা সদ্য অবসর প্রাপ্ত অধ্যাপিকা সুলেখা রায়কে বেঁধে রাখতে পারলাম।

আমাদের মহাবিদ্যালয়ে এই গ্রন্থ প্রকাশের উদ্যোগ নেওয়ার জন্য আমরা অবশ্যই ধন্যবাদ জানাবো অধ্যক্ষা ডঃ সীমা ব্যানার্জীকে। তবে যে কোন বই প্রকাশ করা একার কাজ নয়। এর সঙ্গে জড়িয়ে থাকেন অনেকে। অনেকে সামনে চলে আসেন, অনেকে থাকেন পিছনে। কিন্তু সবাইকে সমমূল্যে ধন্যবাদ জানাই। আর যাদের ছাড়া এই বইটি বাস্তবে কোন দিন প্রতিষ্ঠা পেত না, তারা হলেন উনিশ জন প্রাবন্ধিক। তাদের লেখা নিয়ে আমার কিছু বলবার নেই। সবাই অত্যন্ত সুন্দর

প্রবন্ধ লিখেছেন। যা আমাদের বইটিকে শ্রীবৃদ্ধি করতে সাহায্য করেছে। আপনাদের সবাইকে অসংখ্য ধন্যবাদ।

সবশেষে বলি, আমাকে সম্পাদক করা হয়েছে ঠিকই, কিন্তু এটা আমার কাজ নয়, আমাদের কাজ। কাউকে না কাউকে দায়িত্ব নিতেই হত। যদি বইতে কোন ভুল থেকে থাকে, তার দায় আমার। তার জন্য আপনারা ক্ষমা সুন্দর দৃষ্টিতে বইটি পড়বেন। তাহলে আমার ত্রুটিকে লঘু মনে হবে। আশাকরি আমরা এর থেকেও ভালো কাজ ভবিষ্যতে করতে পারবো। ভালো থাকবেন সবাই।

সম্পাদক
ডঃ বিশ্বজিৎ কর্মকার

সূচিপত্র

দেশীয় উচ্চ শিক্ষা চর্চায় সপ্তগ্রাম-ত্রিবেণী
সুলেখা রায় ১১
Lost Threads: Examining the Role of Rural Women in the Textile Industryand Its Impacton Culture and Heritage in 19thto Early 20thCentury Bengal
Dr. Barnali Chattopadhyay ২১
"Euthanasia: Some Analytical Views"
Dr. Suchismita Ghosh Hazra ৩২
বিশ্বপরিবেশ সংরক্ষণ ও সুস্থ সমাজ সংগঠনে জৈনধর্মের অবদান
সুস্মিতা ঘোষ ৩৮
উপনিষদ শিক্ষার লক্ষ্য ও মানবধর্ম
ডঃ জনা বন্দ্যোপাধ্যায় ৪৭
সুনীল গঙ্গোপাধ্যায়ের 'সবুজ দ্বীপের রাজা' : এক অনন্য সৃষ্টি
ড. নির্মাল্য সেনশর্মা ৫১
সাংখ্য ও যোগ সম্প্রদায়ের আধিবিদ্যক আলোচনায় ঈশ্বরের ভূমিকা; একটি সংক্ষিপ্ত পর্য্যালোচনা
দেবেশ মুদি ৬৩
আধুনিক যুগে পুরুষার্থ
অনিমেশ সরকার ৭৫
Embracing Diversity: Unveiling the Intersex Community in Ancient Indian Mythology
Balaka Halder ৮০
A review on Presage Biology: role of indigenous folk cultures
Sujata Roy Moulik & Sumit Chakraborty ৯২
Reading Samhita Arni's The Missing Queen as a Critique of "India Shining"
Dr. Somrita Dey (Mondal) ১০৩
The Development Rhetoric: A Cosmetic Cover
Sunandita Sarker ১১৪
The Changing Trends of Economic Indicators
Sohini Nath ১২৪

Title of the Paper – National Education Policy 2020 and Student DevelopmentScenario in India
Dr.Amrita Bhattacharyya ১৩১
Unveiling the Layers of Knowledge: A Critical Assessment of Locke's Epistemology
Biswajit Pasman ১৩৭
রবীন্দ্রনাথের শিক্ষা চিন্তায় স্বপ্ন এবং বাস্তবতা
বিশ্বজিৎ কর্মকার ১৪৭
Myth versus Reality: A Brief Assessment of Feminist Revisionist Mythology in Margaret Atwood's Select Poems from The Snake Poems Series.
Adrija Santra ১৫৫
Fuzzy-Rough set approach for Data Modelling
Pallab kumar Dey ১৬৪
Adsorption of RhB dye using the ash of printed waste paper: A useless hazardous material used to remove other
Forkan E Aman ১৭৭
Hindu Class System and Culture: An Aurobindonian View
Dr. Indrani Sen ১৮৯

লেখক পরিচিতি ২০৩

দেশীয় উচ্চ শিক্ষা চর্চায় সপ্তগ্রাম-ত্রিবেণী
[প্রাক্ ঔপনিবেশিক পর্ব ।]
সুলেখা রায়

ভারতের সাংস্কৃতিক ইতিহাস আলোচনায় দেখা যায় ,মধ্যযুগে ভারতে বিভিন্ন অঞ্চলকে কেন্দ্র করে ভিন্ন ভিন্ন ভাষা, সাহিত্য, শিল্প স্বকীয় বৈশিষ্ট্য অর্জন করেছিল। বর্তমান আলোচ্য বিষয় প্রসঙ্গে এ কথাও স্মরণীয় যে মধ্যযুগে শিক্ষা ক্ষেত্রে কোনো কেন্দ্রীয় শিক্ষানীতি ছিল না,অথবা এমন কোন সাধারণ শিক্ষা ব্যবস্থা ছিল না,যাকে প্রতিনিধি স্থানীয় ব্যবস্থা হিসাবে চিহ্নিত করা যায় ।এ কারণে আলোচ্য সময়ের বিদ্যাচর্চা সম্পর্কিত ধারণা লাভের জন্য অঞ্চল ভিত্তিক আলোচনার বিশেষ গুরুত্ব আছে।

প্রাক্ ঔপনিবেশিক পর্বে বাংলায় প্রচলিত উচ্চ শিক্ষা সম্পর্কে বর্ণনা পাওয়া যায় 1835 ও 1838 খ্রিস্টাব্দে প্রকাশিত অ্যাডামের প্রতিবেদনে। আলোচ্য বিষয় সূত্রে ঐ প্রতিবেদনের প্রাসঙ্গিক অংশ, "There are three kinds of colleges in Bengal - one in which chiefly grammar, general literature and rhetoric and occasionally the great mythological poems and law are thought, a second in which chiefly law and sometimes mythological poems are studied, and a third in which logic is made the principal object of attention."[১] অ্যাডাম এক্ষেত্রে কলেজ বলতে নিঃসন্দেহে চতুষ্পাঠী গুলিকেই বুঝিয়েছেন।

প্রাপ্ত তথ্যাদি থেকে জানা যায় সাধারণ ভাবে এক একটি চতুষ্পাঠীতে এক একজন অধ্যাপক বিশেষ একটি বিষয়ে অধ্যাপনা করতেন। সুতরাং এই ব্যবস্থায় শিক্ষার্থীরা নিজ নিজ প্রয়োজন ও অভিরুচি অনুযায়ী অধ্যাপকের নিকট বিভিন্ন বিষয় শিক্ষার সুযোগ পেতেন। এ সময় বিভিন্ন বিষয় শিক্ষার সুবিধা সমন্বিত সংহত রূপ যে সকল অঞ্চলে দৃষ্টিগ্রাহ্য হত,- সেই স্থানগুলি 'বিদ্যাসমাজ' অভিধায় আখ্যায়িত হত ।

এইরূপ বিদ্যাসমাজের মধ্যে অন্যতম অগ্রগণ্য একটি বিদ্যাসমাজের স্বীকৃতি অর্জন করেছিল ত্রিবেণী ।সপ্তগ্রাম ও বাঁশবেড়িয়া ছিল এই সাংস্কৃতিক পরিমন্ডল ভুক্ত । বিদ্যাস্থান রূপে ত্রিবেণীর স্বীকৃতির বহু উল্লেখ পাওয়া.যায় ।উদাহরণ হিসাবে ও ধারণা স্পষ্টীকরণের জন্য দু-একটি বক্তব্য উল্লেখ করা যেতে পারে। যেমন-1791 খ্রিস্টাব্দে ক্যালকাটা রিভিউ পত্রিকায় লেখা হয়, "Tribeni was one of the four 'Sa-

maj' or places famous for Hindu learning ; the others are Nadia, Santipur and Guptipara."[2] আবার ঊনবিংশ শতকের সূচনায় ওয়ার্ড তাঁর গ্রন্থে লেখেন, "Almost every town in Bengal contains some Nyayayika schools ,though they are most numerous at Nudeeya ,Triveni and Vansvariya."[3]

পঞ্চদশ-ষোড়শ শতকে রচিত বাঙলা ও সংস্কৃত গ্রন্থাদিতে সপ্তগ্রাম ও ত্রিবেণীর সগৌরব উল্লেখ পাওয়া যায় । এক্ষেত্রে বিপ্রদাসের মনসাবিজয়, বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবত, কৃষ্ণদাস কবিরাজের চৈতন্য চরিতামৃত, বাসুঘোষের কড়চা উল্লেখযোগ্য। আলোচ্য প্রসঙ্গে বিশেষ গুরুত্বপূর্ণ স্মার্ত রঘুনন্দন বিরচিত প্রায়শ্চিত্তত্ত্ব নামক স্মৃতি গ্রন্থ। স্মার্তপ্রবর ত্রিবেণীর তীর্থ গৌরব বর্ণনা প্রসঙ্গে বলেছেন, "মহাভারতে বলা হইয়াছে,'প্রদ্যুম্ননগর হইতে দক্ষিণে এবং সরস্বতীর উত্তরস্থিত স্থানের নাম দক্ষিণ প্রয়াগ। এইখান হইতে গঙ্গাকে ছাড়িয়া যমুনা চলিয়া গিয়াছে ।এই দক্ষিণ প্রয়াগে স্নান করিলে প্রয়াগে স্নান করিবার ন্যায় অক্ষয় পূণ্য লাভ হইয়া থাকে ।'এই দক্ষিণ প্রয়াগকেই 'উন্মুক্ত বেণী' বলা হয়,এবং উহা সপ্তগ্রাম নামক নগরের দক্ষিণ দেশে 'ত্রিবেণী' নামে প্রসিদ্ধ।"[4] -উদ্ধৃত বর্ণনার প্রতিপাদ্য বিষয়ের দুটি দিক লক্ষণীয় :- ক) মহাভারতের উল্লেখ করে বক্তব্য বিষয়ের প্রাচীনত্ব প্রতিপাদনের প্রয়াস।

খ) ত্রিবেণী যথেষ্ট প্রসিদ্ধ হওয়া সত্ত্বেও স্থানটির অবস্থান বোঝানোর জন্য সপ্তগ্রামের মতো বানিজ্য নগরীর উল্লেখ।

বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবতেও (রচনা কাল-1535 খ্রিস্টাব্দ) সপ্তগ্রাম ও ত্রিবেণী একত্রে এবং পবিত্র স্থান রূপে বর্ণিত-

"সেই সপ্তগ্রামে আছে সপ্তঋষি স্থান।
জগতে বিদিত সে ত্রিবেণী ঘাট নাম ।।"[5]

বস্তুত পঞ্চদশ শতক থেকেই বাংলা সাহিত্যে সপ্তগ্রাম ও ত্রিবেণীর মহিমা কীর্তনের উদাহরণ যথেষ্ট, যা থেকে এই অঞ্চলের সাংস্কৃতিক পরিমন্ডল সম্পর্কিত ধারণা হলেও, উচ্চ বিদ্যাচর্চার বর্ণনা পাওয়া যায় না । সে কারণে এই বিষয়ে ধারণা গঠনের জন্য প্রয়োজন হল আলোচ্য অঞ্চলে চতুষ্পাঠীর অনুসন্ধান, তৎসহ শিক্ষার বিষয়বস্তু,অধ্যাপকদের পরিচয় গ্রন্থ ও গ্রন্থ রচয়িতা সম্বন্ধীয় তথ্য পর্যালোচনা ।

মধ্যযুগে রচিত মঙ্গলকাব্যগুলিতে বাণিজ্যের দিক থেকে গুরুত্বপূর্ণ সপ্তগ্রাম-ত্রিবেণী অঞ্চলের উল্লেখ প্রচুর। মঙ্গল কাব্য রচয়িতাগণের মধ্যে অন্তত দুই জনের জন্মস্থান ছিল এই অঞ্চল। এঁরা হলেন গৌরীমঙ্গল রচয়িতা শঙ্কর কিঙ্কর মিশ্র, এবং শ্রীকৃষ্ণ মঙ্গল রচয়িতা মাধব আচার্য। মাধব আচার্যের পিতা পরাশরও পন্ডিত মহলে সুপরিচিত ছিলেন, গ্রন্থ

মধ্যে তাঁর পরিচিতি এই রূপ, -

"পরাশর নামে দ্বিজ কুলে অবতার।
মাধব তাহার পুত্র বিদিত সংসার। ।"[৬]

বলাবাহুল্য যে এরূপ কাব্য রচনা নিয়মিত উচ্চ মানের শিক্ষা চর্চার অস্তিত্বের প্রমাণ। মঙ্গলকাব্য রচয়িতাগণ এবং চৈতন্য জীবনীর লেখকগণ সপ্তগ্রামের বর্ণনায় বাণিজ্যের উল্লেখ সহ যে ভাবে বারংবার এই অঞ্চলকে 'সপ্তঋষির বাসস্থান 'বলে গুণ কীর্তন করেছেন, তা থেকে কেবল বাণিজ্য কেন্দ্র নয় ,সাংস্কৃতিক পীঠস্থান হিসাবেও এ অঞ্চলের স্বীকৃতি ছিল এমন অনুমান সংগত ভাবে করা চলে । তাছাড়া ধনী বণিকগণ তাঁদের সম্পদের কিছু অংশ বিদ্যাচর্চার উন্নতি কল্পে ব্যায় করতেন এমন ধারণাও সংগত। চৈতন্য চরিতামৃত গ্রন্থে এই ধারণার সমর্থন পাওয়া যায় ।উক্ত গ্রন্থে সপ্তগ্রামের রাজস্ব সংগ্রহের অধিকারী হিরণ্যদাস ও গোবর্দ্ধনদাসের সভার বর্ণনা প্রসঙ্গে বলা হয়েছে ,-"অনেক পন্ডিত সভায় ব্রাহ্মণ সজ্জন ।

দুই ভাই মহা পন্ডিত হিরণ্য গোবর্দ্ধন ।।"[৭]

এভাবেই কৃষ্ণদাস কবিরাজ সপ্তগ্রামের শাসনাধিকারী দুই ভাইকে পন্ডিত ও বিদ্বৎজনের পৃষ্ঠপোষক রূপে বর্ণনা করেছেন।

এই সূত্রে বিশেষ ভাবে আলোচ্য ব্যক্তি অবশ্যই গোবর্দ্ধনদাসের পুত্র রঘুনাথ দাস,যিনি ছিলেন বৃন্দাবনের ষড়গোস্বামীর অন্যতম ও বহু গ্রন্থ রচয়িতা । সন্ন্যাস গ্রহণের পূর্ব পর্যন্ত সময়ে তিনি সপ্তগ্রামেই বসবাস করতেন। তাঁর শিক্ষার মান অবশ্যই উচ্চ ছিল। রঘুনাথ দাসের দুই জন শিক্ষকের নাম জানা যায়,এঁরা হলেন বলরাম আচার্য ও যদুনন্দন আচার্য। শ্রীশ্রী চৈতন্য চরিতামৃতে বলরাম আচার্যের উল্লেখ এই প্রকার,

"হরিদাস ঠাকুর চলি আইলা চান্দপুরে।
আসিঞা রহিলা বলরাম আচার্যের ঘরে।।
হিরণ্য গোবর্ধন দুই মুলুকের মজুমদার।
তার পুরোহিত বলরাম নাম তাঁর ।।
হরিদাসের কৃপা পাত্র তাতে ভক্তি মানে।
যত্ন করি ঠাকুরেরে রাখিল সেই গ্রামে ।।
নির্জন পর্ণশালায় করেন কীর্তন।
বলরাম আচার্য গৃহে ভিক্ষা নির্বাহন ।।
রঘুনাথ দাস বালক করে অধ্যয়ন।
হরিদাস ঠাকুরে যাই করে দরশন ।।"[৮]

উদ্ধৃতাংশের যে বক্তব্যগুলি বর্তমান আলোচনায় প্রাসঙ্গিক সেগুলি হল :-

১. বলরাম আচার্য নিজ গৃহে অধ্যাপনা করতেন।

২. সপ্তগ্রামের মজুমদারের পুত্র তাঁর কাছে অধ্যয়ন করতেন।

ইনি পৌরহিত্যও করতেন।

৩. ইনি অতিথি পরায়ন সচ্ছল গৃহস্থ ছিলেন।

শ্রী তারকব্রহ্ম দাস তাঁর রচিত শ্রীবৃন্দাবনে ছয় গোস্বামী গ্রন্থে মত প্রকাশ করেছেন বলরাম আচার্য ছিলেন অদ্বৈত আচার্য প্রভুর শিষ্য। -এই মত যথার্থ হলে, সিদ্ধান্ত করা যায় যে বলরাম আচার্য উচ্চ শিক্ষিত ছিলেন, কেননা অদৈত্ব আচার্য উচ্চ শিক্ষা দান করতেন। রঘুনাথের আরও একজন গুরুর নাম জানা যায়,-ইনি হলেন শ্রীযদুনন্দন তর্কচূড়ামণি । কবি কর্ণপুর রচিত শ্রীচৈতন্য চন্দ্রোদয় (10/3) নাটকে এঁর সম্বন্ধে বলা হয়েছে,-

" আচার্য্যো যদুনন্দনঃ সুমধুরঃ শ্রীবাসুদেব প্রিয়ঃ

তচ্ছিষ্যো রঘুনাথ ইত্যধিগুণঃ প্রাণাধিকো মাদৃশাম্ ।।"[9]

অর্থাৎ শ্রী বাসুদেব দত্ত ঠাকুরের প্রিয় পাত্র অতি সুমধুর মূর্তি শ্রী যদুনন্দন আচার্য, তাঁরই প্রিয় শিষ্য রঘুনাথ, নিজ গুণে তিনি আমাদের সকলেরই প্রিয় । প্রেমবিলাস অনুসারে ইনি ছিলেন হিরণ্য দাস ও গোবর্দ্ধনদাস -পরিবারের কুলগুরু ।[10] চৈতন্য চরিতামৃত অনুসারে ইনি অদ্বৈত শাখা;- "শ্রী যদুনন্দনাচার্য অদ্বৈতের শাখা ।

তার শাখা উপশাখাগণে নাহি লেখা ।।"[11]

এঁর আচার্য উপাধি ও বহু শাখার উল্লেখ থেকে এই অনুমান সংগত যে ইনি বিদ্যা চর্চা করতেন ও তাঁর বহু শিষ্যাদি ছিল। তাঁর এই শিষ্য বর্গের মধ্যে রঘুনাথ দাস অবশ্যই অতি উজ্জ্বল ব্যক্তি । সংস্কৃত ভাষায় রঘুনাথ দাস গোস্বামীর দক্ষতা তর্কাতীত। তাঁর রচিত গ্রন্থগুলি হল:- মুক্তাচরিত্র ,দানকেলিচিন্তামণি ,স্তবাবলী। উক্ত গ্রন্থ গুলি সবই তাঁর বৃন্দাবন বাসকালীন রচনা ,কিন্ত লক্ষ্যণীয় বিষয় হল গ্রন্থ রচনাকালে তিনি পূর্বাশ্রমের গুরুকে স্মরণ করেছেন। বিমানবিহারী মজুমদারের মতে," মুক্তাচরিত্রের চতুর্থ শ্লোকে দাসগোস্বামী নিজের গুরুকে (যদুনন্দন আচার্য) প্রণাম করে বলেছেন, - যাঁহার সুবিখ্যাত কৃপায় নাম শ্রেষ্ঠ হরিনাম, শচীপুত্র,স্বরূপ,রূপ,সনাতন, মথুরাপুরী ,গোষ্ঠবাটী,রাধাকুন্ড ,গিরিগোবর্দ্ধন ,ও শ্রীরাধামাধবের আশা পাইয়াছি সেই গুরুদেবকে প্রণাম। "--এইভাবে রঘুনাথদাস সংক্রান্ত প্রাপ্ত তথ্য থেকে সুনিশ্চিত হওয়া যায় সপ্তগ্রাম অঞ্চলে সংস্কৃত বিদ্যাচর্চার মান যথেষ্ট উঁচু ছিল ষোড়শ শতক। থেকেই, কেননা তিনি সপ্তগ্রাম ভিন্ন অন্য কোন সমকালীন বিদ্যাসমাজে শিক্ষা গ্রহণ করেন নি ।

ষোড়শ শতকে আবির্ভূত আরও দুই জন গ্রন্থকারের নাম জানা যায়,

যাঁরা নিত্যানন্দপুরের (কুন্তীঘাট) বাসিন্দা ছিলেন । এঁরা হলেন শ্রীধর ও বাণীনাথ । এই দুজন ছিলেন নিত্যানন্দের সাক্ষাত শিষ্য এবং জাতিতে সুবর্ণ বণিক। শ্রীধর রচিত গ্রন্থের নাম 'শ্রীশ্রীনিত্যানন্দ পটল' এবং বাণীনাথ রচিত গ্রন্থের নাম 'শ্রীনিত্যানন্দ-চৌতিশা।' অবশ্য এই গ্রন্থ দুটি অদ্যাপি পাওয়া যায় নি ।

উল্লিখিত তথ্যাদি থেকে নিশ্চিত হওয়া যায় যে পঞ্চদশ-ষোড়শ শতক থেকেই সপ্তগ্রাম-ত্রিবেণী অঞ্চলে বিদ্যাচর্চা চলত ,যার মান ছিল যথেষ্ট উচ্চ, কিন্ত এ পর্যন্ত বিদ্যাচর্চার নিয়মিত রূপ সম্বন্ধে তথ্য সুলভ নয় । এ বিষয়ে প্রাপ্ত তথ্যে চতুষ্পাঠী কেন্দ্রিক সুনির্দিষ্ট ও ধারাবাহিক উচ্চ বিদ্যাচর্চার সংবাদ পাওয়া যায় সপ্তদশ শতক থেকে । বিশ্বকোষে *[13] ত্রিবেণী সম্পর্কে বলা হয়েছে, এক সময় ত্রিবেণীতে ত্রিশটি টোল ছিল। অবশ্য এখানে 'এক সময়' বলতে কোন সময় তা নির্দেশিত হয় নি ।অষ্টাদশ শতকে ত্রিবেণী সংস্কৃত চর্চার অন্যতম পীঠস্থান রূপে স্বীকৃত ছিল। এই স্বীকৃতি ও খ্যাতির প্রধানতম কারণ ছিল জগন্নাথ তর্কপঞ্চাননের প্রতিভা এবং সে সম্পর্কে ঔপনিবেশিক প্রশাসক ও পন্ডিতজনের সচেতনতা। বলাবাহুল্য এরূপ প্রতিভার আবির্ভাবের একটি প্রেক্ষাপট ছিল। তবে চতুষ্পাঠী ভিত্তিক শিক্ষাকেন্দ্র রূপে আলোচ্য অঞ্চলের আত্মপ্রকাশ কিভাবে ও কোন সময় ঘটেছিল, সে বিষয়ে তথ্যের অভাব আছে । উক্ত বিষয়ে আলোচনা ও ধারণা গঠনের জন্য জগন্নাথ তর্ক পঞ্চাননের পূর্ব পুরুষগণের গ্রন্থ রচনা ও শিক্ষাদানে সক্রিয় ভূমিকা সম্পর্কে তথ্য পর্যালোচনার মাধ্যমে অগ্রসর হওয়া যেতে পারে ।

'বিবাদভঙ্গার্ণব'-এর পুষ্পিকা*[14] অনুসারে জগন্নাথ তর্ক পঞ্চাননের পিতার নাম ছিল শ্রী রুদ্র তর্কবাগীশ ।রুদ্রদেবের জ্যেষ্ঠ ভ্রাতা ভবদেব ন্যায়ালঙ্কার ।ভবদেব রচিত 'তিথিকলা' নামক প্রকরণের শেষে তাঁর উর্দ্ধতন তিন পুরুষের নামের উল্লেখ আছে ।এঁরা হলেন :-গঙ্গাদাস বিদ্যাভূষণ ,শিবকৃষ্ণ ন্যায়পঞ্চানন ,হরিহর তর্কালঙ্কার । হরিহরের দুই পুত্র পূর্বোল্লিখিত ভবদেব ও রুদ্রদেব ।

ভবদেব ন্যায়ালঙ্কারের সক্রিয়তার কাল হিসাবে 1719 -29 খ্রিস্টাব্দ (1641-51 শক) সময় চিহ্নিত করা গেছে।এই তথ্যের ভিত্তিতে অনুমান করা যায় তাঁর প্রপিতামহ ষোড়শ শতকের শেষ ভাগে বিদ্যমান ছিলেন,এবং সেক্ষেত্রে এই কথা নিশ্চিত ভাবে বলা যায় তিনি নবদ্বীপের বিখ্যাত স্মার্ত রঘুনন্দনের সমসাময়িক ছিলেন। ভবদেবের উল্লেখ অনুযায়ী গঙ্গাদাস বিদ্যাভূষণ ষড়দর্শন,শৈবসিদ্ধান্ত ,পুরান, মহাভারত ও চতুর্বেদে নিপুন ছিলেন। লক্ষ্যণীয় সমকালে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশেষ ভাবে চর্চার দুই বিষয় নব্য স্মৃতি ,ও নব্য ন্যায়ের উল্লেখ ভবদেব এই করেন নি ।পিতামহ

শিবকৃষ্ণ ন্যায়পঞ্চানন সম্বন্ধে ভবদেবের বক্তব্য হল তিনিও তাঁর পিতার মতই পন্ডিত ছিলেন। 'ন্যায়পঞ্চানন' এই উপাধি প্রমাণ করে তিনি ন্যায়শাস্ত্রে বুৎপত্তি অর্জন করেছিলেন । কিন্ত তিনি কার কাছে ন্যায়ের পাঠ গ্রহণ করেছিলেন তা জানা যায় না । তবে মনে হয় ,এ সময় পর্যন্ত ত্রিবেণী ন্যায় শাস্ত্রে উপাধি দানের অধিকার অর্জন করেনি । শিবকৃষ্ণের পুত্র হরিহর তর্কালঙ্কার ন্যায় শাস্ত্রে সুপন্ডিত ছিলেন, যিনি ন্যায়ের পাঠ গ্রহণ করেন নবদ্বীপে, মথুরানাথ তর্কবাগীশের (ষোড়শ শতকের শেষার্ধ)কাছে। হরিহর তর্কালঙ্কার গ্রন্থ রচয়িতা ছিলেন। অবশ্য তাঁর রচিত গ্রন্থের মাত্র চারটি পত্র অদ্যাপি পাওয়া গেছে (সংস্কৃত সাহিত্য পরিষদ, পুঁথি সংখ্যা-897)। প্রাপ্ত পত্রে তাঁর পিতা এবং গুরুর নামের উল্লেখ আছে। দীনেশচন্দ্র ভট্টাচার্য্যের মতে, এই গ্রন্থ রচনার উদ্দেশ্য ছিল ন্যায়শাস্ত্রের যাবতীয় বিষয়ের সার সংকলন। হরিহর তর্কালঙ্কার নিজ গুরু মথুরানাথের মতোই রঘুনাথ শিরোমণির মত লিপিবদ্ধ করেছেন। হরিহরের গ্রন্থ রচনাকাল সপ্তদশ শতকের মধ্যভাগ।

ত্রিবেণী বিদ্যাসমাজের অন্যতম শ্রেষ্ঠ ব্যক্তি ভবদেব ন্যায়ালঙ্কার। তাঁর সময়কাল সপ্তদশ শতকের শেষভাগ থেকে অষ্টাদশ শতকের প্রথমভাগ। ভবদেবের চতুষ্পাঠী ছিল বাঁশবেড়িয়াতে ।চতুষ্পাঠী চালানোর ব্যাপারে তিনি স্থানীয় ভূম্যধিকারীর সাহায্য পেয়েছিলেন। তাঁর রচিত তিনটি গ্রন্থের নাম জানা যায় :-স্মৃতিচন্দ্র , তীর্থসার ,ও নবগ্রহযোগ পদ্ধতি ।

জগন্নাথ তর্কপঞ্চাননের পিতা রুদ্রদেব তর্কবাগীশ (সপ্তদশ শতকের শেষার্ধ থেকে অষ্টাদশ শতকের প্রথমভাগ) কয়েকটি কাব্য ও নাটকের টীকাকার হিসাবে খ্যাতি লাভ করেছিলেন। তাঁর রচিত যে টীকা গুলি পাওয়া গেছে,সেগুলি হল:- শকুন্তলা,নৈষধ এবং প্রবোধচন্দ্রোদয়ের টীকা। তাঁর রচিত প্রবোধচন্দ্রোদয়ের টীকা বহুল প্রচারিত ছিল। 'রুদ্রী' নামে বিখ্যাত এই টীকা গ্রন্থের প্রতিলিপি সমকালীন শ্রেষ্ঠ বিদ্যাকেন্দ্র নবদ্বীপেও পাওয়া গেছে ।

সুবিখ্যাত জগন্নাথ তর্কপঞ্চানন (1694-1807 খ্রিস্টাব্দ) ছিলেন রুদ্রদেব তর্কবাগীশের সন্তান। দীনেশচন্দ্র ভট্টাচার্য্য তাঁর জন্ম দিন নির্দ্ধারণ করেছেন-1698 খ্রিস্টাব্দ, 13th সেপ্টেম্বর *[16] জগন্নাথ তাঁর জেষ্ঠ্য তাত ভবদেবের বাঁশবেড়িয়া স্থিত চতুষ্পাঠীর ছাত্র ছিলেন। ভবদেবের মৃত্যুর পর তিনি ত্রিবেণীতে রঘুদেব বাচস্পতির চতুষ্পাঠীতে যোগ দান করেন।

রঘুদেব ছিলেন কামালপুরের ভট্টাচার্য্য বংশের শ্রেষ্ঠ নৈয়ায়িক। তাঁর মতো খ্যাতিমান নৈয়ায়িক কি কারণে কামালপুর ছেড়ে ত্রিবেণীতে টোল স্থাপন করেন, সে সম্বন্ধে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায় না । এক্ষেত্রে

সম্ভাব্য দুটি কারণ এই রূপ :- ক) ত্রিবেণীতে অধিক সংখ্যক ও উন্নত মানের ছাত্র প্রাপ্তির সম্ভাবনা, 2) ত্রিবেণীর বিদ্যানুরাগী ব্যক্তিবর্গের আহ্বান ও পৃষ্ঠপোষকতা তাঁকে এ ব্যাপারে প্রণোদিত করেছিল। জগন্নাথ ত্রিবেণীতে গুরুর কাছ থেকে তর্কপঞ্চানন উপাধি লাভ করেন। সুতরাং এ সময় ত্রিবেণী তর্ক শাস্ত্রে উপাধি দানের অধিকারী ছিল, এবং বাংলার বিদ্যাসমাজ গুলির মধ্যে অন্যতম অগ্রগণ্য স্থান লাভ করেছিল একথা সুনিশ্চিত ভাবে বলা যায় ।

উপাধি প্রাপ্তির পর জগন্নাথ ত্রিবেণীতে টোল স্থাপন। অধ্যাপক হিসাবে তাঁর খ্যাতি দ্রুত ছড়িয়ে পড়ে ।প্রধানত ন্যায়ের অধ্যাপনা করলেও তাঁর চতুষ্পাঠীতে স্মৃতি,পুরান, তন্ত্র, অলঙ্কার, আয়ুর্বেদ প্রভৃতি বিষয়েও পাঠ দান করা হত । এ প্রসঙ্গে উইলিয়াম ওয়ার্ডের বক্তব্য উদ্ধৃতিযোগ্য ," At Triveni about 28 miles north of Calcutta, is a large chauvaree , where a Brahmun named Jagunnath'hu Tarkupanchannu presides .He knows a little of the Vedas,and, it is said, he has studied the Vedanta ,Shankhya ,Patanjulu, the Naya,Smrittee, tuntru,Ulunkara,Kalyan,Puranu,and other santra."[17]

জগন্নাথের পৃষ্ঠপোষকদের মধ্যে ছিলেন, -মহারাজ কৃষ্ণচন্দ্র , নবকৃষ্ণ বাহাদুর, মহারাজা নন্দকুমার ,আলিবর্দী,মীরজাফর ,বর্ধমান রাজ ত্রিলোকচন্দ্র প্রভৃতি ।তাঁর বিশেষ গুণগ্রাহী ছিলেন উইলিয়াম জোন্স । জোন্স-এর ভাষায় তিনি ছিলেন, "the most learned of the native law years."[18] জোন্সের বিশেষ অনুরোধে তিনি 'বিবাদভঙ্গার্ণব ' রচনা করেন। এটি

হিন্দুদের ব্যবহার শাস্ত্র। এই গ্রন্থের একটি প্রতিলিপি পাওয়া গেছে রাজা রাধাকান্তদেবের গ্রন্থাগারে ,যেটির পৃষ্ঠা সংখ্যা 970 ।এই বিশাল গ্রন্থ রচনা করতে সময় লেগেছিল চার বছর (1788-92)। এই সংকলন গ্রন্থের মুখবন্ধে জগন্নাথ উল্লেখ করেছেন, "আমি রুদ্রের পুত্র জগন্নাথ দেশের আইন রক্ষাকর্তার নির্দেশে এই গ্রন্থ সংকলিত করলাম। দৃঢ় ও নিষ্কলঙ্ক চরিত্রের পন্ডিত রাধাকান্ত, গুরুপ্রসাদ এবং অক্লান্ত পরিশ্রমী ছাত্রবৃন্দ রামমোহন, রামনিধি ,ঘনশ্যাম ও গঙ্গাধর এই সংকলনের কাজ সমাপ্ত করতে প্রভূত সাহায্য করেছেন।"[19] -পরবর্তী কালে কোলব্রুক চার খন্ডে জগন্নাথের সংকলনটি ইংরাজিতে অনুবাদ করেন। এই বই সম্পর্কে সরকারের ঔৎসুক্য ছিল খুব বেশি, যার প্রমাণ হল এটির 300 কপি কলকাতার সরকারী প্রেসে ছাপার ব্যবস্থাপনা। অবশ্য এর কিছুদিনের মধ্যেই 'কর্ণওয়ালিশ কোড' কার্যকরী হয়, ফলে এই গ্রন্থটির

প্রয়োজনীয়তা হ্রাস পায়।

আলোচ্য অঞ্চলে প্রাক্ ঔপনিবেশিক পর্বে বিদ্যাচর্চা সম্পর্কিত আলোচনায় আরও কয়েক জন উল্লেখযোগ্য ব্যক্তি হলেন:- চন্দ্রশেখর বাচস্পতি,রঘুদেব বাচস্পতি এবং রাঘবেন্দ্র তর্কালঙ্কার। কারও কারও মতে চন্দ্রশেখর বাচস্পতি ছিলেন জগন্নাথের পিতামহ হরিহর তর্কালঙ্কারের জেষ্ঠ্য ভ্রাতা ।কিন্ত ভবদেব ন্যায়ালঙ্কার তাঁর গ্রন্থে যে বংশ পরিচয় দিয়েছেন তাতে চন্দ্রশেখর বাচস্পতির নাম নেই। বিনয় ঘোষ লিখেছেন, "রুদ্রদেবের জ্যেষ্ঠ তাত চন্দ্রশেখর বাচস্পতি সমগ্র বঙ্গদেশে একজন শ্রেষ্ঠ স্মার্ত ছিলেন-তাঁহার নিবন্ধের নাম স্মৃতিসার সংগ্রহ, দ্বৈতনির্ণয় ও মীমাংসাশাস্ত্রে ধর্মদীপিকা।"[20] সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের গবেষণা গ্রন্থ অনুসারে জানা যায় উল্লিখিত নিবন্ধগুলির লেখকের নাম চন্দ্রশেখর ভট্টাচার্য্য, যিনি বাচস্পতি উপাধিধারী ছিলেন এবং বারেন্দ্র ব্রাহ্মণ কুলের সন্তান ছিলেন।[21] কিন্ত জগন্নাথ তর্কপঞ্চানন নিজ বংশ পরিচয় দিয়েছেন রাঢ়ীয় কাশ্যপ গোত্র পালধি গাঞী । অন্য একটি নির্ভরযোগ্য সূত্র থেকে আলোচ্য সময়কালে ত্রিবেণী সন্নিহিত নিত্যানন্দপুরে চন্দ্রশেখর বাচস্পতি নামে একজন স্মার্তের অস্তিত্ব সম্বন্ধে নি:সন্দেহ হওয়া যায়।কেননা এই নামধারী একজন স্মার্তকে এই সময় জমি দান করেছিলেন সরফরাজ খান।[22] উমাচরণ ভট্টাচার্য্য বর্ণিত কাহিনী অনুসারে নিত্যানন্দপুর নিবাসী অদ্বিতীয় জ্যোতির্ঙ্গ চন্দ্রশেখর বাচস্পতি ছিলেন রুদ্রদেব তর্কবাগীশের চির সুহৃদ, যাঁর চতুষ্পাঠী ছিল ত্রিবেণীর পূর্ব পল্লীতে । প্রাপ্ত এই সকল তথ্য থেকে এরূপ ধারণা হয় যে চন্দ্রশেখর বাচস্পতি ছিলেন জগন্নাথ তর্কপঞ্চাননের পূর্ববর্তী একজন প্রতিভাবান পন্ডিত, যাঁর চতুষ্পাঠী ছিল ত্রিবেণীতে,তিনি নিবন্ধ রচয়িতা ছিলেন এবং পারিবারিক সৌহার্দ্য -এর সূত্রে তাঁর জেষ্ঠ্য তাত-এর স্থলাভিষিক্ত ছিলেন ।

রঘুদেব বাচস্পতি ও রাঘবেন্দ্র তর্কালঙ্কার কামালপুরের বিখ্যাত পন্ডিত বংশের সন্তান। রঘুদেবের পিতা মধুসূদন পঞ্চানন ,ভ্রাতা বাসুদেব বিদ্যালঙ্কার নদীয়া রাজের দানভাজন ছিলেন। রঘুদেব ত্রিবেণীতে চতুষ্পাঠী করেন। তাঁর চতুষ্পাঠীতে জগন্নাথ দশ বছর অধ্যয়ন করেছিলেন। রঘুদেবের পুত্র পৌত্রেরও পান্ডিত্য খ্যাতি ছিল। মধুসূদন পঞ্চাননের ভ্রাতা সিদ্ধেশ্বর সার্বভৌমের পৌত্র ছিলেন রাঘবেন্দ্র তর্কালঙ্কার। ইনিও ত্রিবেণীতে টোল করেন। রাঘবেন্দ্রের পাঁচ পুত্রও নৈয়ায়িক হিসাবে খ্যাতিমান ছিলেন। এঁরা হলেন:-রাজবল্লভ ন্যায় বাচস্পতি, কামদেব বিদ্যা বাচস্পতি,লোকনাথ তর্ক সিদ্ধান্ত, জগন্নাথ ন্যায়পঞ্চানন, ও বলরাম তর্ক ভূষণ ।উল্লিখিত পন্ডিত বর্গের নিজস্ব চতুষ্পাঠী ছিল ভাটপাড়া,শিবপুর, কেওটা প্রভৃতি স্থানে ।

প্রাপ্ত এই সকল তথ্য থেকে সুনিশ্চিত ভাবে যে ধারণা স্পষ্ট হয়, তা হল ত্রিবেণী ও তৎসন্নিহিত অঞ্চলকে কেন্দ্র করে উচ্চ বিদ্যাচর্চার ধারা বেগবতী হয়েছিল ও বেশ কিছুকাল সজীব ছিল। একারণেই বাঙলায় প্রাক্ ঔপনিবেশিক এবং ঔপনিবেশিক পর্বের প্রথম দিকের দিন গুলির শিক্ষাচর্চার ইতিহাসের অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে ত্রিবেণী-সপ্তগ্রামের বিদ্যাচর্চার কথা অবশ্য আলোচ্য।

তথ্যসূত্র

1)William Adam, Report on the state of Education in Bengal 1835 &1838,edited by A.Basu.C.U. 1941,P.18

2)দীনেশচন্দ্র সেন, বৃহৎ বঙ্গ, দে'জ 1993 ,

পৃ:345

3)W.Ward ,A view of the History, Literature and Mythology of the Hindoos ,Vol.2,Lo,1822,P.226

4)প্রায়শ্চিত্তত্বত্ত্বম্ ,হৃষিকেশ শাস্ত্রী সম্পাদিত, কলিকাতা,1335 সাল,পৃ:177

5)চৈতন্য ভাগবত, বৃন্দাবন দাস বিরচিত, সুকুমার সেন সম্পাদিত, সাহিত্য আকাদেমি,1991,পৃ: 298

6)আশুতোষ ভট্টাচার্য, মঙ্গলকাব্যের ইতিহাস ,এ.মুখার্জ্জী অ্যান্ড কোং,1368 পৃ:464

7)চৈতন্য চরিতামৃত, সুকুমার সেন ও তারাপদ মুখোপাধ্যায় সম্পাদিত, আনন্দ, অন্ত/তৃতীয়

8) ঐ

9) শ্রী তারকব্রহ্ম দাস, শ্রীবৃন্দাবনে ছয় গোস্বামী, শ্রীধাম মায়াপুর ,পৃ:409

10)গৌড়ীয় বৈষ্ণব অভিধান, দ্বিতীয় খন্ড, দ্বিতীয় সংস্করণ, নবদ্বীপ, 501চৈতন্যাব্দ ,পৃ:1310

11) চৈতন্য চরিতামৃত, আদি/দ্বাদশ

12)বিমানবিহারী মজুমদার, চৈতন্য চরিতের উপাদান, পৃ:115

13)বিশ্বকোষ, বিংশ ভাগ,কলকাতা,1316বঙ্গাব্দ

14)দীনেশচন্দ্র ভট্টাচার্য্য, বঙ্গে নব্য ন্যায় চর্চা,বঙ্গীয় সাহিত্য পরিষৎ,চৈত্র, 1358,পৃ:228

15)শ্রী সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, স্মৃতিশাস্ত্রে বাঙালী,কলকাতা,1368 বঙ্গাব্দ, পৃ:28

16)বঙ্গে নব্য ন্যায় চর্চা,পৃ:227-28

17)W.Ward,A view of the History, Literature and Religion of the Hindus,1811,P. 200

18) Nandini Bhattacharya-Panda,Hindu Law in Colonial Bengal, O.U.P.,2008,P.205
19)পূর্ণেন্দুনাথ নাথ,জজ পন্ডিতদের কথা,পুস্তক বিপণি,2004,পৃ: 23
20) বিনয় ঘোষ, পশ্চিমবঙ্গের সংস্কৃতি, প্রকাশ ভবন, পৃ:309
21)স্মৃতিশাস্ত্রে বাঙালী, পৃ: 26
22)নরেন্দ্রনাথ ভট্টাচার্য, হুগলী জেলার পুরাকীর্তি ,প্রত্নতত্ত্ব অধিকার, তথ্য সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, পৃ:88

Lost Threads: Examining the Role of Rural Women in the Textile Industry and Its Impact on Culture and Heritage in 19th to Early 20th Century Bengal

Dr. Barnali Chattopadhyay

Weaving, as a pervasive traditional occupation across India, predominantly thrived in rural areas, serving as a domestic industry. Cotton emerged as the prevalent material in the fabric production process, "of this a great deal is freed from the seed by the women who spin it, and a part of this is also beaten by the same persons". According to Nirmala Banerjee, Bengal's women were renowned for their expertise in cotton spinning, and until the early 19th century, Dhaka Muslins were globally acknowledged for their exceptionally fine yarn. The spinning endeavor employed a considerable workforce, as evidenced by the presence of five to six spinning wheels in affluent households within cotton manufacturing regions. Buchanan's observations shed light on the role of professional Dhuniyas, who undertook the tasks of cleaning, beating, and seed separation for cotton. While a portion of these Dhuniyas possessed sufficient capital to purchase cotton for cleaning and retailing, the majority worked exclusively on a contractual basis. On average, a married couple could earn between 3 to 4 rupees per month from their spinning activities.

The city of Dhaka gained renown as a prominent center for muslin production. During the first half of the nineteenth century, Dumroy, a town situated approximately twenty miles west of Dhaka along the Bunsi River, emerged as a significant hub. The majority of Dumroy's inhabitants were Hindus, and a notable portion of the town's 400 houses belonged to weavers who specialized in supplying the exquisite thread required for the Dhaka looms.

Weaving activities were prevalent across numerous villages in

the Dhaka region. In addition to Dhaka itself, other notable manufacturing towns (aurung) included Sonargaon, Dumroy, Teetabaddy, Junglebarry, and Bazitpur, where the production of muslins thrived. The moist and damp climate of Dhaka proved highly conducive to the manufacturing process of muslin, whereas the dry and arid atmosphere of Birbhum was better suited for the production of coarse calico fabrics.

The production of muslin necessitated the utilization of delicate fingers to handle the yarn. Typically, young women engaged in spinning this yarn during the early morning hours, specifically "before the dew disappeared from the ground." In the region of Dacca, the manufacturing process of muslin was heavily influenced by atmospheric conditions. Cotton freshly harvested possessed a notable level of moisture, which proved beneficial for the softness of the yarn required for muslin production. However, if left exposed for a duration of two to three months, the cotton would gradually lose its moisture, resulting in a harder texture suitable for weaving fine cloth. Conversely, coarse thread was exclusively crafted from fresh cotton, which was entirely unsuitable for the production of delicate fabrics.

During the months of September and October, fresh cotton thread would enter the market, while the delicate yarn, requiring the drying period to draw out fine threads from the cotton, would be available for sale two to three months later. This refined thread would typically reach the market between December and March, occasionally extending into the initial weeks of April. It is worth noting that a significant number of spinners had tragically perished during the famine of 1788, leading to a shortage of skilled spinners. As a result, many spinners preferred to focus on spinning coarse cotton thread, as they allocated their time primarily to afternoon spinning sessions, which were not the most conducive hours for producing fine thread.

The spinning industry exhibited two prominent characteristics that are worth noting. Firstly, it was predominantly monopolized by women, and secondly, it was not restricted to a particular caste

or social group. Even women from the highest castes actively participated in spinning activities. The spinning of thread for cloth production served as a part-time occupation for women across all classes in Bengal, regardless of their caste. The preparation of cotton thread occupied the leisure hours of women belonging to higher castes, including Brahmin women and the wives of jugis (menial workers) and cultivators. As described in Martin's book on the history, topography, antiquities, and culture of Eastern India, almost every woman, except those involved in trade, engaged in spinning. In ancient India, it was customary for women within each household to carry out their own spinning tasks, with widows particularly playing a significant role. This practice persisted in Bengal as late as 1914.

Despite being a part-time domestic endeavor, spinning was highly labor-intensive. The production of small quantities of thread required diligent effort, as women could only allocate a limited number of hours due to their various domestic responsibilities.

The process of spinning necessitated the utilization of two key instruments: the "charka" or spinning wheel, which primarily produced coarse yarn, and the "takwa" or spindle, which served to refine the yarn. Both these instruments played a fundamental role in supplying thread for the majority of manufactured goods. N. K. Sinha elucidated that the finest varieties of thread were crafted using the spindle, while the wheel was employed for the production of coarser thread. Due to the nature of spinning being interwoven with domestic tasks, the resulting thread was produced at a lower cost compared to other commodities that required manual skill.

During the spinning process, the spinner would grasp the cocoon and pinch it to extract the filament. The thread was then wound onto a bamboo frame known as "latai," which was held by the right hand. The cocoons were positioned on the left side of the spinner, with the thread passing over the right thigh. Before being wound onto the latai, the thread was twisted by the left hand. On average, women managed to weave approximately two seer of

yarn in a month, showcasing their dedication and productivity in this endeavor.

The primary contributors to the spinning industry were the wives of farmers, who undertook the task of freeing the cotton from its seeds using a common hand mill. Subsequently, they beat the cotton with the assistance of a bow and spun the fibers using a small wheel, which, according to Martin, was a rudimentary and unsatisfactory tool. In fact, all the implements employed throughout the spinning processes were deemed "extremely imperfect" by Martin. The rural women, lacking access to advanced technology, had to rely on traditional methods due to this technological disparity. Nirmala Banerjee noted that the women's skills were developed in an environment lacking proper tools, leading to detrimental effects on their physical well-being. The spinners involved in producing the finest Dacca muslins invariably suffered from deteriorating eyesight by the age of thirty. Hameeda Hossain also remarked on the constraints faced by women due to the decline in their capacity for this work after the age of thirty, primarily due to the strain placed on their eyes from spinning activities.

Furthermore, a small number of economically disadvantaged Brahmin women engaged in preparing the fiber from country cotton (kapas) and spun it to create "paita," the sacred thread worn by Brahmins.

Estimating the exact number of individuals involved in spinning, dyeing, and related activities during the nineteenth century is a challenging task, primarily due to the absence of regular census records. However, Buchanan conducted a survey of Bihar and Patna in 1811-12, shedding some light on the matter. According to his findings, women, comprising approximately one-fifth of the population, were engaged in spinning, with an estimated count of 330,426 individuals. The annual value of the thread produced by each spinner amounted to 7 rupees, 2 anna, and 8 pice, resulting in a total annual value of Rs. 23,67,277. Considering that the raw material cost at the retail price reached Rs. 12,86,272, this left a profit of Rs. 10,81,005, equating to approximately Rs. 3¼ per

spinner.

In another account provided by Buchanan, he mentioned the probable income of the spinners of Shahabad. Their total count slightly exceeded 1,59,500, and the average annual value of their produce was approximately Rs. 8. After deducting the value of the raw material and the cost of beating, each spinner earned an average of around a rupee and a half per year.

These figures provide a glimpse into the economic aspects of the spinning industry during that period, highlighting the profitability for individual spinners and the overall value generated by their labor.

This particular statement serves to emphasize the meager earnings of spinners. However, it is important to consider two significant factors. Firstly, the districts mentioned earlier only present a partial view rather than a comprehensive picture of the spinners in Bengal. Secondly, the majority of spinners were housewives, limiting their spinning activities to their spare time, which often amounted to only a few hours in the afternoon. It is undeniable that the earnings were indeed small; nevertheless, they undoubtedly added some value to their families' livelihoods.

In addition to these part-time spinners, there existed a select few professional spinners who dedicated long hours each day to spinning, particularly when working with fine thread. However, the demand for fine thread in Bengal diminished during the latter half of the eighteenth century. To incentivize spinners, the Commercial Resident of Sonamukhi even offered a small premium to those who could bring sufficient quantities of fine thread to the market.

The price that spinners received for their high-quality yarn often did not adequately compensate them for their labor. As a result, many spinners showed a preference for spinning coarse cotton, as it was more commonly used for domestic consumption and fetched a satisfactory price. On the other hand, spinners specializing in fine thread generally enjoyed a relatively better income from their profession. Their dedication and attachment to

the spinning wheel were often expressed through popular sayings, such as "Charka amar swami put, charka amarnati, charkardaulateamarduarebandhahati" (The spinning wheel is as dear to me as my husband, son, or grandson. It is due to the spinning wheel that I have an elephant in chains at my door).

The advent of the Industrial Revolution in England led the East India Company to divert its focus from Bengal's manufactured cotton piece goods to the production of raw cotton. The enactment of the Charter Act of 1813 facilitated the entry of English private manufacturers into the Indian market. Consequently, the introduction of British-manufactured cotton goods disrupted the rural environment in Bengal. The British policy at the time was summarized as "leave off weaving, supply us with the raw materials, and we will weave for you."

In 1820, the Agricultural and Horticultural Society was established in Kolkata following the suggestion of Dr. Carey. The primary objective of this society was to enhance agricultural practices in Bengal, with a specific emphasis on improving cotton cultivation. To encourage the cultivation of long staple cotton in Bengal, the Court of Directors provided seeds of American cotton, which were made available to the Agricultural Society. These plants proved to be more productive in terms of cotton yield compared to the varieties commonly cultivated in the region.

The establishment of the Agricultural and Horticultural Society and the promotion of improved cotton cultivation in Bengal were strategic measures taken in response to the changing dynamics of the cotton industry and the growing demand for raw materials in the context of expanding global trade.

During the early years of the nineteenth century, the British cotton textile industry experienced remarkable growth and success. In light of this development, the East India Company embarked on a quest to explore methods of replacing Indian manufactures with British goods, as well as promoting British industries at the expense of Indian industries. The Company's Court of Directors communicated with the Governor of Bombay regarding the

introduction of cotton ginning machines, as part of their broader objective to secure raw materials from India for British industries and stimulate the consumption of British manufactures within India. This two-fold agenda formed a central aspect of England's early commercial policy.

Even with the ascension of Queen Victoria to the throne in 1837, there was no relaxation of the policies previously pursued. Instead, the Parliament focused on inquiries related to how cotton could be grown in India to meet the demands of British looms, rather than exploring ways to enhance Indian looms. The Parliament's aim was to establish an independent English economy that relied on supplies from its own dominions, thus prompting investigations into whether India could provide the necessary raw materials in sufficient quantities.

These actions were motivated by the desire to reduce dependence on foreign nations and foster self-sufficiency within the British economy. Consequently, the focus shifted towards obtaining supplies from India, one of Britain's colonies, rather than improving the capabilities of Indian industries.

Over time, the appeal of Bengal cotton goods in foreign markets significantly diminished, with this decline becoming more pronounced after 1813. The emergence of machine-made, inexpensive British cotton goods flooded the market, leading to a decrease in domestic demand as well. While it is acknowledged that the English played a pioneering role in this process, according to K. K. Dutta, the decline of Bengal cotton goods was a gradual and protracted process that did not have a definitive starting or ending point. Nonetheless, the consequences of this decline were striking, as it disrupted the structure of Bengal's rural society, with women being particularly affected. The importation of British cotton goods not only impacted weavers but also affected spinners, carders, ginners, and others involved in the production process. As the demand for Bengal cloth dwindled, the allure of country thread also waned for weavers and traders.

Great Britain began sending their twisted cotton, valued at

Rs. 81,000, to Calcutta in 1825-26, and this figure eventually exceeded Rs. 8,00,000. By 1838-39, the total value of imported articles reached Rs. 56 lakh. The immediate consequence of this influx was the unemployment of spinners, as home-spun thread simply could not withstand the competition posed by cheaper machine-made alternatives.

Bengal's hand-made piece goods undoubtedly possessed superior qualities in terms of durability, fineness, and texture. However, as is often the case, consumers prioritized cheapness above all else. Consequently, the traditional practice of spinning, symbolized by the housewife's spindle twirling on the cotton-floor, saw a significant decline. The majority of rural women, who had previously been self-sufficient through their earnings from spinning, were now left in a state of helplessness due to the discontinuation of the East India Company's business and the influx of thread exports from England. These women lacked training in alternative vocations and struggled to find employment opportunities, both in mechanical and agricultural sectors. Employment prospects were particularly poor in both rural and urban areas, leading to a decline in the urban population. Cities such as Dhaka, Murshidabad, and Shantipur witnessed depopulation during the early nineteenth century.

The textile companies gradually reduced their investments in Dhaka, with the capital invested in cloth production dropping from Rs. 25 lakh in 1790 to approximately Rs. 3 lakh in 1801. By 1807, it had reached Rs. 6 lakh, and in 1813, it plummeted to Rs. 2 lakh. Consequently, within a span of fifteen years, the East India Company ceased all investments in muslin production.

The repercussions of unemployment among rural women extended beyond mere financial deprivation; the loss extended to Bengal's art and heritage as well. The demise of the handloom industry resulted in a significant loss for India, both in terms of artistic excellence and the artisans' loss of employment. The skill and craftsmanship displayed by women in their artistry surpassed what technology alone could ever achieve. Mill-made cloth never

completely replaced India's indigenous handloom industry, as the intricate designs, qualities, and textures produced by handloom weavers remained unparalleled, except at great expense. These qualities were considered the hallmark of the weavers' skill. However, the women's contribution, particularly in the preparation of the finest yarns, where the fineness was a matter of degree rather than kind, often went unappreciated.

The notion that women's tools are generally inferior may stem from the historically undervalued nature of women's domestic work. Due to the lack of recognition and appreciation for such work, neither families nor societies have dedicated resources toward the technological advancement of tools associated with women's tasks, such as the chula (stove) or broom. As an illustration, in the traditional silk yarn industry, women used rudimentary bamboo reels. They manually pulled out the yarn, twisted it on their thighs, and then wound it onto the reel. This resulted in uneven and brittle yarn that was unable to compete with the filature machine-produced yarn introduced by Europeans in Bengal during the latter half of the eighteenth century.

In the textile industry, the advent of improved mechanized European technologies further marginalized rural women, displacing them from their traditional occupations. Reluctant to invest their physical capital or undergo training for new forms of work, these women found themselves gradually pushed out of the industry. The dominance of mechanized European industry posed challenges for rural women who lacked the resources and willingness to adapt to these new methods.

In summary, women played a crucial role in meeting the societal and familial demands through their utilization of traditional tools. It is noteworthy that women made a significant contribution to the splendor of Bengal textiles, as the quality of the textiles relied heavily on the excellence of both the weaving and the thread, which were spun by the women in rural Bengal. Despite their incredible knowledge and expertise demonstrated in the textile industry, their contributions were seldom acknowledged due to

the absence of institutional recognition. Within their own society, they were often regarded as illiterate individuals of low social status, while in reality, their position and contributions far surpassed those of upper-caste housewives who engaged in leisurely domestic activities and idle conversations with neighbors revolving around ornaments, saris, and local gossip. Unfortunately, history failed to recognize the immense contributions of these spinners, as the male-dominated society overlooked the vital role played by women in the advancement of the esteemed art of Bengal textiles.

Bibliography

F Buchanan, An account of the districts of Bihar & Patna in 1811-1812, p-647

Nirmala Banerjee, Women's Work and Discrimination, in Devaki Jain (ed.) Tyranny of the Household, p-154

H R Ghosal, Economic Transition in the Bengal Presidency, p-2

F Buchanan, An account of the districts of Bihar & Patna in 1811-1812, p-647

D V Mitra, The Cotton Weavers of Bengal, p-163

Ibid, p-174

Ibid, p-153

H R Ghosal, Economic Transition in The Bengal Presidency, p-2

D V Mitra, The Cotton Weavers of Bengal, p-175

Ibid, p-176

H R Ghosal, Economic Transition in The Bengal Presidency, p-2

Ibid

H Hossain, The Company Weavers of Bengal, p-47

Ibid, p-38

N K Sinha, History of Bengal, p-18

J C K Peterson, Bengal District Gazetteers, Dist. – Burdwan 1910, p-122

Martin, History Topography Antiquities & c of Eastern India, Dist. Dinajpur, p-960

Nirmala Banerjee, Women's Work and Discrimination, in Devaki Jain (ed.) Tyranny of the Household, p-156

H Hossain, The Company Weavers of Bengal, p-38

Buchanan, An Account of the Districts of Bihar and Patna in 1811-12, p-647

Buchanan, Shahabad Report, pp-408–9

Shahabad Report, Appendix I

Buchanan, Bihar & Patna, p-647

H R Ghosal, Economic Transition in The Bengal Presidency, p-2

H Hossain, The Company Weavers of Bengal, p-39

H R Ghosal, Economic Transition in The Bengal Presidency, Notes & References, p-13

Amalesh Tripathi, Some Reflections on the East India Company's Charter of 1813, Book: Essays in Modern Indian Economic History, p -194

H R Ghosal, Economic Transaction in the Bengal Presidency, p-244

Ibid, Note & Reference, p-252

Ramesh Dutt, The Economic History of India, vol-1, p-177

Ramesh Dutt, The Economic History of India, vol-1, Introduction, p-xii

Ibid, vol-2, Preface, p- vii

Ibid, vol-2, p-89

K K Dutta, Studies in the History of the Bengal Subah, p-436

H R Ghosal, Economic Transaction in the Bengal Presidency, p-32

Ibid

D V Mitra, The Cotton Weavers of Bengal, p-197

Ibid, p -198

Ibid, p-199

Ibid

S Bhattacharya, Eastern India, The Cambridge Economic History Of India, p-279

D V Mitra, The Cotton Weavers of Bengal, p- 198

Nirmala Banerjee, Women's Work and Discrimination, in Devaki Jain (ed.) Tyranny of the Household, p-157

Nirmala Banerjee (ed.), Changing Industrial Scenario, p-20

Nirmala Banerjee, Women's Work and Discrimination, in Devaki Jain (ed.) Tyranny of the Household, p-155

"Euthanasia: Some Analytical Views"

Dr. Suchismita Ghosh Hazra

Euthanasia is defined as a physician's deliberate act to cause a patient's death by directly administering a lethal dose of medication or other agents. Euthanasia has been called "Mercy Killing" also. When the sufferings of the patient pose unbearable problem to the patient particularly, the question of ending his or her life with the help of a doctor comes. It is directly opposed to the basic task of a doctor. Because,a physician is responsible for curing the sufferer, to heal, to alleviate pain and to prolong life. The idea of euthanasia is likely to put a physician in a state of confusion and conflict of conscience. To take part actively in the actual performance of euthanasia is difficult to bear psychologically. The role of a healer is transformed into the role of a killer, though with consent and legal approval creates a sense of defeat from the standpoint of medical ethics. In the Hippocratic Oath a physician is debarred from prescribing a deadly drug or giving advice which may cause death of the patient. It must be remembered that the whole spirit of medical education comes from the basic idea of Hippocratic Oath. So, a doctor is supposed to follow the moral standpoint of the medical education system. Euthanasia has been rejected by doctors since the fifth century B.C as it contradicts the oath of Hippocrates. The original oath is full of code of conduct meant for medicos. It states in one place "I will neither give a deadly drug to anybody if asked for it, nor will I make a suggestion to this effect."[1]

Quality of life is the most important thing regarding euthanasia. All of we know that we have a right over the body. We have a right to live with dignity and we should have a right to leave this world with dignity. If a person does not have minimum pleasure in his life then life will become meaningless to him. There are many examples from our daily life where biological life continues but human life in any meaningful sense has ceased. In one case, the

patient is an irreversible coma reduced to a vegetative existence. In still another case, the patient's personality has completely deteriorated. In each of these cases, the quality of life has deteriorated. There is no longer any capacity for creative employment, intellectual pursuit or the cultivation of interpersonal relationships. In short, in each of these cases life seems to have been rendering meaningless in the sense that the individual has lost all capacity for normal human satisfactions. In such position, euthanasia can be considered as desirable.

There are two types of distinction that are prominent in the discussions of euthanasia. The first distinction is between active and passive euthanasia and the second distinction is between voluntary and involuntary euthanasia.

Active euthanasia means taking a direct action to kill the terminally ill patient, giving him a lethal injection prescribed by the doctor. On the other hand, passive euthanasia means allowing the terminally ill patient to die by withholding treatment or by withdrawing life saving devices.

Voluntary euthanasia means mercy killing of a terminally ill patient with his or her consent. On the other hand, involuntary euthanasia means mercy killing without the consent of a terminally ill patient because the person is incapable of giving his or her consent. But in this case, the consent of the patient's family members or relatives can be obtained.

To clarify, it can be said that a patient suffering from very painful and terminally ill cancer may ask to be killed with a fatal injection or morphine to relieve himself or herself from acute pain and suffering is an example of voluntary euthanasia. On the other hand, the possibility of involuntary euthanasia arises in cases of comatose adults or in cases of severely defective newborns.

It is noticeable that combination of voluntary and involuntary distinction with the active and passive distinction results in four types of euthanasia.2 They are namely – i) Active voluntary euthanasia ii) passive voluntary euthanasia

(iii) Active involuntary euthanasia and

iv) Passive involuntary euthanasia.

There are some arguments in support of euthanasia. For example, the quality of one's life is as important as the length of one's life. Terminally ill patients should be provided with an easier, better and dignified death without suffering. Moreover, Euthanasia is in the best interest of the hospital staff and other patients. Because, the hospital staff can pay more attention to other patients and also use the medical resources for other patients who would be benefited from them.

Similarly, there are also some arguments against the euthanasia. For example, euthanasia results in disrespect for the sanctity of human life. Since death is irreversible, the wrong diagnosis of a disease by a physician needlessly kills the patient. Moreover, euthanasia violates the natural inclination of human beings to prolong their life until they go through a natural death and thus, euthanasia goes against nature. Because, God has supreme dominionover all things in the world, including human life. Therefore, no person should destroy his life or the life of another person. The patient should not be allowed to die before a natural death comes to him, because research in medical science might discover a cure for the ailment that is causing severe pain to the patient. Euthanasia, a new definition of death, is already accepted in some western countries like Canada, Netherland, Britain. There are different legal standpoints on euthanasia in different countries of the world. For instance, Netherlands is in the top position about the euthanasia. In Netherlands, euthanasia is legal and regulated by termination of life on "request and assisted suicide". Doctors in the Netherlands who comply with certain guidelines can now openly carry out euthanasia and can report this on the death certificate without fear of prosecution. In November 30, 1994, the Netherland parliament finally put into law the guide lines under which the Dutch doctors are permitted to give lethal injections to patients who are suffering unbearably without hope of improvement. On 4th February 1993, Britain's highest court ruled that doctors could lawfully act to end the life of their patients.

Belgium legalized euthanasia in September 2002. In the U.S.A, although euthanasia is illegal in all states, physician assisted dying is legal in Washington and Montana. In traditional Eskimo societies it was the custom for a man to kill his elderly parents, but the murder of a normal healthy adult was almost heard of. 3

Recently, India has become conscious about the euthanasia. There was a recent verdict of supreme court delivered on 7th March, 2011 by a bench comprising Justices MarkendeyKatju and GyanSudha Mishra.4 It is a path breakingjudgment which tends to legalize what is commonly referred as "Passive Euthanasia".

This famous verdict was the result of a petition filed for grant of such permission by writer cum social activist Pinky Virani on behalf of ArunaRamachandraShanbaug, a hapless comatosevictim of sexual assault who had been in persistent vegetative state (PVS) for the post over thirty seven years at Mumbai's reputed KEM hospital. Although the supreme court declined such request in respect of Aruna, it permitted passive euthanasia in appropriate cases albeit with stringent guidelines. But there is no law in India as its guideline. Aruna's case was covered in the non-voluntary euthanasia.Because, in this case the consent was not taken directly from Aruna, but from Pinky Virani.

Here, any type of euthanasia, has not been supported in the perspective of most of the Indian philosophy,especially on the basis of Buddhist and Samkhya Philosophy. Indian Philosophy apparently seems pessimistic about the life, but actually it is optimistic. Because, the different paths of "cessation of sufferings"(liberation) in Indian philosophy never support the annihilation of physical existence (death) of a man. For example, Buddhism and Samkhya system admit sufferings (sorrows) as an inevitable fact of human life. But, these are not pessimistic philosophy. Because,Buddhism admitted "cessation of sufferings"(nirvana)in human life by the realization of four noble truths and Samkhya admitted "cessationof sufferings" by the realization of the difference between non-consciousness(prakrti)and consciousness(purusa).

Lord Buddha's ethical teachings is dependent on the sufferings

of human being. The message of his enlightenment points to man the way of life that leads beyond sufferings.5These have come to be known as the four noble truths (catvariaryasatyani). They are namely-

i) Life in the world is full of sufferings

ii) There is a cause of these sufferings

iii) It is possible to stop sufferings

iv) There is eightfold noble path (astangikamarga) to stop these sufferings.

That is to say, in Buddhism there is a path which leads to the cessation of sufferings(duhkha,duhkhasamudaya, duhkhanirodha, duhkhanirodhamarga). All the teachings of the land Buddha center round these four.

Similarly, Samkhya system also admits three types of sorrow-in human life. Samkhyakarika, the most authentic text of samkhya, begins its analysis about the sufferings of different beings. It states that a desire for alleviation of three kinds of sorrow arises in the mind of the sufferer. adhyatmika,adhibhautika and adhidaivikaare the three types of sorrow (duhkha), which destroy the pleasures of life.6 Among these, adhyatmikaduhkha is produced by the disorders of either mental or physical system of the individual concerned. There are two types of adhyatmikaduhkha, such as sariraduhkha (physical sorrow) and manasaduhkha (mental sorrow). The transformation (parinama) of gross body (sthulasarira) which occurs by the disbalanced state of vayu, pitta and kaphaof sthulasarira is called sariraduhkha (Physical sorrow) and the transformation of subtle body (suksmasarira) which occurs by the influence of kama (desire), krodha (anger) etc is called manasaduhkha (mental sorrow).

Samkhya admitted two types of liberation, i.ejivanmukti(-embodied liberation) and videhamukti (disembodied liberation). Disembodied liberation means annihilation of gross body. But in the state of embodied liberation both subtle body and gross body exist. Samkhya considers, even after the attainment of embodied liberation a man must enjoy his fruit of action (prarabdhakar-

maphalbhoga) and this enjoyement may be in the form of sufferings till his disembodied liberation.

So, it can be said that both Buddhism and Samkhya system admits that physical existence is the cause of sufferings. But, without the body ultimate cessation of sufferings (liberation) is impossible. So, "euthanasia" which leads to the prior death for escapement from sufferings is inconsistent with the path of liberation both in Buddhism and samkhya system in Indian philosophy.

Bibliography

1) Ethical Quandaries in Human Genetics"-
Jyotish Chandra Basak, published by Levant Books, Kolkata 700014, 1stEdition 2008, P-26.
2) "Ethics: Theory and Practice" – Y.V. Satyanarayana, published by Dorling kindersley (India) Pvt. Ltd, 1st edition, 2010, P-165.
3) "Practical Ethics"- Peter Singer, published by Cambridge university press, 1st Indian Edition, 2000, P-217.
4) "Lawyers update" (journals) – volume XVII, Part – 4 , published by universal Book Traders, Delhi – 110054, April 2011, P-12.
5) "BharatiyaDarsana" (1st Part) – PramodbandhuSengupta, Banerjee publishers, Calcutta 700009, 12th edition, March, 1986, P-122.
6) Samkhyakarika – I, VedantacuncuPurnachandra (edn.and Trans), samkhyakarika, 1stedn., West Bengal state Book Board, August, 1983.

বিশ্বপরিবেশ সংরক্ষণ ও সুস্থ সমাজ সংগঠনে জৈনধর্মের অবদান

সুস্মিতা ঘোষ

আধুনিক ধনতান্ত্রিক বিশ্বের প্রধান ও প্রথম সমস্যা পরিবেশ দূষণ তথা বাস্তুতন্ত্রের ভারসাম্যহীনতা। বিজ্ঞান ও প্রযুক্তি বিপুল ব্যবহারে মানুষের জীবনযাত্রার আমূল পরিবর্তন সাধিত হয়েছে। পশ্চিমী ভোগবাদী সংস্কৃতির প্রভাবে সমগ্র বিশ্ব পরিবেশ দূষিত বিপন্ন। 'বিশ্ব উষ্ণায়ন' (Global warming) এখন একটি অতি পরিচিত শব্দ তথা বিষয়। আধুনিক বিজ্ঞান প্রযুক্তি নির্ভর জীবন ধারায় যন্ত্রের যথেচ্ছ ব্যবহারে কল- কারখানা, যান-বাহনের নির্গত ধোঁয়া,প্ল্যাস্টিকের ব্যবহার সব দিক থেকেই প্রকৃতিকে প্রতিনিয়ত নষ্ট করছে। সম্পদের মাত্রাতিরিক্ত ব্যবহার ভোগবাদী সমাজের প্রধান অসুখ। নগরায়ন হেতু অবিবেচিত বৃক্ষচ্ছেদন, অবাধ যৌনতায় জনসংখ্যা বৃদ্ধি, প্রাকৃতিক সম্পদের পন্যায়ণ ও মাত্রাতিরিক্ত কার্বন নির্গমনের ফলে প্রাকৃতিক পরিবেশ আজ বিপন্ন। যার ফল স্বরূপ উষ্ণায়ন, সমুদ্রের জলস্তর বৃদ্ধি, অম্লবৃষ্টি, ওজনস্তরে চ্ছেদ ভয়ঙ্কর প্রাকৃতিক বিপর্যয় বন্যা,খরা, মহামারী, ভূমিকম্প,সুনামী প্রভৃতির ফলে বিশ্বে জীবকূল আজ বিপন্ন, জীববৈচিত্র নষ্ট, আর বাস্তুতন্ত্রের ভারসাম্য বিপর্যস্ত।

এই পৃথিবী মাতৃরূপা, তার অসংখ্য জীবকূলকে অজীব সত্তাকে আপন সন্তানের মত লালন সংরক্ষণ করছে। প্রকৃতির এই দান নিঃস্বার্থ; অকৃপণ উদার। আর এই সকল জীবনের মধ্যে মানুষই একমাত্র প্রাণী যে স্বার্থলোলুপ, দায়িত্বজ্ঞানহীন এবং মনুষ্যকেন্দ্রিক জীবনে ব্যাস্ত অভ্যস্ত। অন্য জীবনের প্রতি তার দৃষ্টি শুধু ভোগের, সংরক্ষণের নয়। তাই আজ বহু প্রজাতির প্রাণী অবলুপ্ত, অদৃশ্য পৃথিবী থেকে চিরতরে। আর যে প্রাকৃতিক ঐশ্বর্য সম্পদ তাকে বাঁচিয়ে রেখেছে, খাদ্যবস্ত্র পানীয় বায়ু যোগায় তারই চরমতম ক্ষতিসাধনে মানুষ ব্যাপৃত, ব্যাস্ত। এই চরম ব্যাধি থেকে পৃথিবী, প্রকৃতি সহ সমস্ত জীবকূল (মানুষ সহ) কে রক্ষার একমাত্র উপায় প্রাচীন ভারতীয় পরিবেশ প্রকৃতি সংরক্ষণের নীতি শিক্ষার মধ্য দিয়েই সম্ভব। পরিবেশের তথা মনুষ্যসৃষ্ট জীবকুলের এই চরম সংকট থেকে মুক্তির উপায় হল প্রাচীন ভারতীয় ধর্মাচার্যদের প্রদর্শিত পথ পরিবেশ সচেতন শিক্ষা। যেখানে বাস্তুতন্ত্রের ভারসাম্যের প্রকৃত এবং বিজ্ঞানসম্মত উপায় নির্দেশ রয়েছে। প্রাচীন ভারতীয় শাস্ত্রগ্রন্থ—

বেদ,উপনিষদ,পুরাণসমূহ, সূত্রগ্রন্থ, রামায়ণ,মহাভারত,শ্রীমদ্ভগবদগীতা, জৈন ও বৌদ্ধ দর্শনে প্রকৃতি, জীব ও জড় বা অজীব সত্তার বন্ধুত্বপূর্ণ সহাবস্থানের শান্তিজনক সহবাসের পথ নির্দেশ রয়েছে। "Our mad race for economic development through industrialization at the cost of environment would ultimately lead to disaster. If the present rate of pollution is not checked the man will see, eat and breath pollution, so, the solution lies en harmonizing of economic development with environment".[1]

মানুষ সহ সমগ্র জীবের অস্তিত্ব নির্ভর করছে প্রকৃতির সঠিক সংরক্ষণ, সম্পদের পরিমিত ব্যবহার এবং সমগ্র জীবসত্তার অস্তিত্ব স্বীকার করে তার বিকাশে সহযোগীতা করা। প্রকৃতির সংকট, সমস্ত জীবের সংকট, জৈন ধর্মে এই প্রকৃতি সংরক্ষণ ও বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত রয়েছে যা আজকের বিশ্বজোড়া সংকট নিরসনে একমাত্র উপায় হতে পারে।

বেদ উপনিষদের পরম্পরা থেকেই বৌদ্ধ ও জৈন দর্শনের ধারা সৃষ্ট, তবে তা ভিন্ন রূপে উপলব্ধ। জৈন মতে "বিশ্বজগত চলেছে জীব ও অজীবের পারস্পরিক সম্বন্ধে ফলে, অজীব বলতে বোঝায় পাঁচটি শ্রেণীভুক্ত সত্তাকে—আকাশ (শূন্য), ধর্ম (যা চলমান), অধর্ম (যা নিশ্চল), কাল (সময়) ও পুদ্গল (বস্তু)। আত্মা যে শুধু মানুষ, জন্তু, বৃক্ষ ও উদ্ভিদের আছে তা নয়। আত্মা আছে পাথরের, পাহাড়ে, বহতা নদীর, আরও অন্যান্য বস্তু"।[2]আত্মা শুধুমাত্র জীবেরই নয়, জৈনদের বিশ্বাস অজীব বা জড়বস্তুর ও আত্মা রয়েছে, জীব ও অজীব পরস্পরের আত্মা কর্মের সূত্রে আবদ্ধ। তাই জৈন ধর্মের মূল নীতি হল আত্মার দেহ থেকে দেহান্তরে প্রাপ্তির চক্র থেকে মুক্তি লাভ, যা কেবল সীমিত কর্ম সম্পাদনের মধ্য দিয়েই সম্ভব। কর্মের সম্পূর্ণ বিলয় ঘটলে তখনই আত্মা জন্ম মৃত্যুর চক্র থেকে মুক্তিলাভ করে। আর কর্মের বিলয় সম্ভব কেবলমাত্র আত্মসংযম, সুশৃঙ্খল জীবন যাপনের মাধ্যমে। জৈন তীর্থঙ্করগণ আত্মার মুক্তির উপায় স্বরূপ কতকগুলি দশর্নের উল্লেখ করেছেন। পঞ্চমহাব্রত (Five vows),তত্ব (Fundamental principles), দ্রব্য (Dravya 0r substances), অনেকান্তবাদ,(Anekantavada) পরম্পরোপগ্রহ জীবনম (equanimity), জীব দয়া (kindness to animals) নিরামীষ আহার, আত্ম সংযোম, অপচয় না করার ও অহিংসার মধ্য দিয়ে আত্মার কর্ম নিবৃত্তি এবং কর্মের নিবৃত্তির মধ্য দিয়ে আত্মার মুক্তি সম্ভব।

আধুনিক ভোগবাদী ও পুঁজিবাদী বিশ্বের মূল সমস্যাই হল অনিয়ন্ত্রীত

ভোগ এবং অসংযোমী জীবনযাপন, এই ব্যাধি হতে উদ্ধারের উপায় হিসেবে জৈন দর্শনের নীতিই যথেষ্ট—১) অহিংসা, ২) অপরিগ্রহ, ৩) অনেকান্তবাদ ৪) ব্রহ্মচর্য ৫) সত্যবাদিতা। যদি জৈন ধর্মের এই নীতিকে কঠোরভাবে পালন হয় তবে প্রকৃতির যে ক্ষতি সাধিত হয়েছে তা সংশোধন সম্ভব।

১) অহিংসা (Non injury or non violence)—জৈন ধর্মের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্রত হল অহিংসা। অহিংসাই মূল ধর্ম। "Nothing is higher than Mount Meru or anything more expansive than the sky. Likewise know that Dharma is canal to Ahimsa in the world".[3] অন্যান্য ধর্মেও অহিংসা নীতি পালিত হয়, তবে জৈন ধর্ম স্বতন্ত্র তার এই অহিংস দশর্নের কারণে। জৈন সূত্র অনুযায়ী "The severance of vitalities out of passion is injury"[4] [Tattavarthsutra] সুতরাং জৈন গ্রন্থের বক্তব্য অনুযায়ী অহিংসা হল ব্যক্তিগত স্বার্থ চরিতার্থে কোন জীবের জৈবিক সত্তার হানি সাধনই অহিংসা। তা সে শারিরীক, মানসিক কিংবা বাচনিক ব্যবহার করলেও হিংসা প্রদর্শিত হয়। আধুনিক ভোগবাদী বিশ্বে মানুষের অনিয়ন্ত্রিত, অসংযত ভোগে প্রতিনিয়ত প্রচুর পশু হত্যা করা হয়; খাদ্যের তথা অনান্য প্রয়োজনে; জৈন মতে এই হিংসার কারণেই সমগ্র বিশ্ব আজ কষাইখানাতে পরিণত হয়েছে। সচেতন কিংবা অচেতন ভাবে মানুষ জীব হত্যা করে, এর থেকে সতত বিরত থাকাই অহিংসা। মানুষের মত করে অন্য জীবেরও বেঁচে থাকার অধিকার রয়েছে, অন্য জীবনের প্রতি শ্রদ্ধা এবং অন্য জীবের আত্মার অস্তিত্বের উপলব্ধিই পারে এই পৃথিবীর বাস্তুতন্ত্রগত ভারসাম্যহীনতাকে সঠিক পথে আনতে। শ্রদ্ধা ভিন্ন সমগ্র বিশ্বের বিশ্বভাতৃত্ব, এবং শান্তিজনক সহাবস্থান অসম্ভব। আজকের আধুনিক বিশ্বে মারণাস্ত্রের যথেচ্ছ ব্যবহারের প্রতিযোগীতায় অহিংসাই একমাত্র পথ—জৈন গ্রন্থ 'আকারঙ্গসূত্রানুযায়ী'—"every human being wants to live; nobody likes suffering. Therefore do not inflict suffering on anybody. This is non-violence"[5] জৈন সূত্রে অপরের ক্ষতি সাধনই হিংসা; আর এই কর্মই সেই জীবাত্মার মুক্তির অন্তরায়। কর্ম জ্ঞানমূলক চেতনার দ্বারা সম্পাদিত হলেই তা অহিংস হবে। অর্থাৎ এমন পরিস্থিতর উপস্থিত যেখানে আত্মবিপন্ন, সেক্ষেত্রেই অপরের প্রতি হিংসা প্রদর্শনের যৌক্তিক প্রয়োজন স্বীকার্য, অন্যথায় তা হিংসা, অশ্রদ্ধা রূপে বিবেচ্য। "all of us have two fold consciousness knowledge consciousness (জ্ঞানচেতনা) and action consciousness (karmachetana)[6] সুতরাং যে কর্ম

জ্ঞান চেতনার দ্বারা সম্পাদিত, তা শুদ্ধ পবিত্র এবং অহিংস; এর দ্বারা কোন জীবের ক্ষতিসাধন হয় না, বিশ্ব প্রকৃতি সংরক্ষণে এই জ্ঞান চেতনারই প্রয়োজন এখন বেশী। লোভ, অপরিনামদর্শী ভোগের ফলে প্রতিনিয়ত, প্রকৃতির ক্ষতি সাধিত হচ্ছে। জৈন ধর্মের অহিংসাই বাঁচার একমাত্র পথ। ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবাণু থেকে উৎকৃষ্ট জীব মানুষের মধ্যে সেই পরম চৈতন্যের স্বপ্রকাশ উপস্থিতি; তাই সর্ব জীবের প্রতি করুণা, শ্রদ্ধা ও অহিংস প্রদর্শনই হল মুক্তির পথ। আর সর্ব জীবের প্রতি শ্রদ্ধা, সহিষ্ণুতা প্রদর্শনে জীবের সংরক্ষণ সম্ভব—যা বিশ্বপ্রকৃতি পরিবেশকে সুরক্ষিত করবে। সজীব নির্জীব, সচল নিশ্চল, সকল প্রকার জীবের প্রতি কায়—মন—বাক্যে হিংসা থেকে বিরত থাকাই অহিংসা। তাই জৈন সন্ন্যাসী গৃহী সকলের কাছেই মাংস আহার নিষিদ্ধ। এমনকি কীট পতঙ্গের জীবনও সর্তকভাবে রক্ষা করা কর্তব্য।

ব্যহারিক জীবনেও জৈন সন্ন্যাসীরা জল ছেকে খেতেন, যাতে জল অন্তর্গত জীবাণু রক্ষা পায়, আবার পথ চলার সময় পালকের সম্মার্জনা দিয়ে পিপড়ে কীট পতঙ্গাদী ক্ষুদ্র প্রাণীদের ঝাট দিয়ে সরিয়ে দেওয়া যাতে অনিচ্ছাকৃত হানি না ঘটে। জৈনরা মুখে বস্ত্রের আবরণ ব্যবহার করে যাতে আনুবিক্ষণীক জীব শ্বাসের সঙ্গে দেহের ভিতরে প্রবেশ করে মারা না যায়। চাষের কাজে জীবন নষ্ট হয়, তাই জৈন সন্ন্যাসীদের কৃষিকাজ নিষিদ্ধ ছিল। এমনকি আগুনের ব্যবহারও সীমিত ছিল কারণ আগুনে পতঙ্গাদী পুড়বে, এবং অগুনের সহযোগী বাতাসের সূক্ষ্ম জীব পুড়বে এইরূপ চরম অহিংসের দর্শন জৈন ধর্মকে স্বাতন্ত্র দান করেছে।[৭] আর পরিবেশ রক্ষায়, বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষা এই রূপ ভাবনা আজকের হিংসাদীর্ন বিশ্বকে পথ দেখাতে পারে। জৈন নীতিতত্ত্বে অহিংসার চারটি ভিন্নতর সম্পর্ক রয়েছে —১) মৈত্রী—বন্ধুত্ব (friendliness) ২) প্রমোদ—দর্শনেই আনন্দ (feeling glad at the sight of virtuous) ৩) করুণা (compassion for those who are in misery) ৪) মধ্যস্থ (Equanimity to those who are without virtue)[৪] অহিংসা জীবাত্মার সর্বশ্রেষ্ঠ ও সর্বোচ্চ আদর্শ। জীবের দুঃখের মূল কারণই হল কর্ম এবং কর্মে হিংসা যুক্ত। "কর্মনা শরীর" কর্মের মধ্য দিয়েই হিংসা সম্পাদিত হয়। মহাবীর দুই ধরনের হিংসার উল্লেখ করেছেন—'অর্থ হিংসা এবং অনর্থ হিংসা'। আপন অস্তিত্বের প্রয়োজনে সম্পাদিত হিংসা হল অর্থ হিংসা, কিন্তু অপ্রয়োজনে সম্পাদীত হিংসাই অনর্থ হিংসা, যা সর্বদাই পরিত্যাজ্য।

অপরিগ্রহঃ—(Non-attachment,non-possession)—জৈন ধর্মেও দর্শনের মূল ভিত্তি হল অহিংসা ও আত্মসংযোম। এই দুটি জীবার্দশ

ভিন্ন জীবের বস্তুগত মোহময় জীবন—মৃত্যুর চক্র হতে মুক্তি নেই। জৈন ধর্ম সব সত্তাকেই সংবেদী চেতনাযুক্ত এবং স্বতন্ত্র অস্তিত্বের মনে করে। আর উচ্চতর জীব কেবলমাত্র অস্তিত্ব রক্ষার প্রয়োজনেই অজীব সত্তাকে ব্যবহার করবে, সংযম তথা আত্মনিয়ন্ত্রনই সেখানে মূল উপজিব্য বিষয়। 'অপরিগ্রহ' ব্রতের তাই মূল নীতিই হল—সংযম, আত্মনিয়ন্ত্রণ তথা স্বার্থশূন্যভাবে বিষয়াসক্তি,মোহ লোভ থেকে মুক্তি। জৈন দর্শনে জীবের ভোগই তার দূর্ভোগের দুঃখের মূলকারণ, তাই পরিমিত ভোগ, দ্রব্যের ব্যবহারে সংযম অত্যাবশ্যক। জৈন গ্রন্থ দশবৈকালিকা সূত্রানুযায়ী "As the bee that stucks honey in the blossoms of a tree without hurting the blossom and strengthening itself, the monks take food from lay people such they do not disturb them"[৯], অর্থাৎ জৈন দর্শনে কোন বস্তুর কোন রুপ ক্ষতি বা অনিষ্ট সাধন না করে আপন নিয়ন্ত্রিত প্রয়োজন সাধনই অপরিগ্রহ। অধিক ভোগ, অনিয়ন্ত্রিত লোভের বশে আজকে বিশ্ব নিমজ্জীত। জৈন দর্শনে এই ভোগই মুক্তির অন্তরায়। পুদগল বা জড়বস্তু সমূহ অনন্ত অবয়ব বিশিষ্ট। মিথ্যা দর্শন, অবিরিত, (আসক্তি), প্রমাদ (অসতর্কতা), কষায় (মান, মোহ প্রভৃতি) এবং যোগের (আস্রব) নিমিত্ত জীব পুদগল সমূহকে গ্রহণ করে তাদের সাথে যুক্ত হয়, এটিই জীবের বন্ধন। তত্ত্বসূত্রে বলা হয়েছে—"সকষায়ত্বাৎ জীবঃ কর্মভাবযোগ্যপুদ্গলানাদত্তে স বন্ধ"। কষায়ই জীবের সকল বন্ধনের মূল হেতু।[১০] জৈন দর্শনে দুঃখ দুর্দশাভোগী আত্মাকে 'জীব' বলা হয়েছে। আর এই জীব পুদগল আশ্রয়ে আপন মুক্তি বিস্মৃত হয়। ক্রোধ, মান, মায়া ও লোভ ইত্যাদি কাষায় এর দ্বারা পরিচালিত হয়ে জীব আত্মা কর্মপুদগলে অনুপ্রবেশ, আকৃষ্ট বা মোহগ্রস্ত হয়। এই মোহ মুক্তিই জৈন দর্শনে 'অপরিগ্রহ'। জৈন মহাবীরের মতে বন্ধ দ্বিবিধ ভাববন্ধ ও দ্রব্যবন্ধ। এই দুই বন্ধ মুক্তির উপায় হল পুদগল আস্রব বা সঞ্চার বন্ধ করে 'সংবর' এবং 'নির্জর' এর মধ্য দিয়ে কর্ম নাশ। জীবের কামনা-বাসনার জন্যই পুদগল আস্রব বা সংযোগ ঘটে। পরিগ্রহ হল মহাকর্মের হেতু; যা আত্মমুক্তির অন্তরায়। পার্থিব বস্তুর আর্কষণে মোহে তার প্রতি আসক্তি এবং অধিকারই পরিগ্রহ, ভূমি সম্পত্তি, বাড়ি, অর্থ,অলংকার, স্বর্ণ ঝি চাকর, রত্নাদী কিংবা বিলাসবহুল ভোগের সামগ্রি সবই। এর থেকে নিবৃত্তিই অপরিগ্রহ।[১১]

জৈন ধর্মের পঞ্চ ইন্দ্রিয়ের আসক্তি থেকে প্রতিনিবৃত্তি হওয়াকেই অপরিগ্রহ বলা হয়েছে। রুপ, রস, গন্ধ ও শব্দ যথাক্রমে চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক এই পঞ্চ ইন্দ্রিয়ের আকর্ষণ থেকে নিজেকে মুক্ত করাই অপরিগ্রহ। জৈন মতে বিষয় বাসনাই দেহধারণের কারণ, তাই

বিষয় বাসনা থেকে মুক্ত না হলে জীবের বন্ধন মুক্তি সম্ভব নয়। 'মানুষের সহজ সরল জীবনযাপন। অনাসক্তি, আত্মসংযম, সর্বোপরি অহিংসার পরিশীলন ব্যতিরেকে পরিবেশকে বর্তমান সংকটের করাল গ্রাস থেকে সমুদ্ধার করা সম্ভব নয়। আর পরিবেশ যদি স্থিতিশীল না হয় তবে মনুষ্যকূল তথা সমগ্র জীবকূল ধ্বংস হয়ে যাবে।[12]

জৈন দর্শন জীবনের প্রাত্যহিক ন্যুনতম প্রয়োজনীয়তাকে স্বীকার করে তবে অধিক গ্রহণকে নিন্দা করে। মানুষ তার লোভের বশবর্তী হয়ে প্রয়োজনের তুলনায় অধিক ভোগে প্রবৃত্ত হয়, জৈন দর্শনে জীবন চর্যায় যা নিন্দানীয়, সর্বথা নিষিদ্ধ। সম্পদের সংগ্রহ, ক্ষমতার প্রতিযোগীতায় আজ সমগ্র বিশ্ব বিপথগামী, মারণাস্ত্রের সম্ভারে দিগভ্রষ্ট, পারমানবিক অস্ত্রের মত সর্ববিধংসী অস্ত্র আজ সমগ্র জীবকুলের অস্তিত্বের প্রশ্নচিহ্ন এঁকে দিয়েছে। জৈন ধর্মের এই 'মহাব্রতের' দর্শনই পারে আজকের ভোগদীর্ণ, সমস্যাজীর্ণ বিশ্বকে রক্ষা করতে। "Jainism in its 'aparigraha' vows, advocates universal ethics for social-excellence and spiritual upliftment. Possessiveness and violence are related. Therefore to practice non-violence one has to give up attachment to possession."[13]

জৈন সন্ন্যাসীর ক্ষেত্রে অপরিগ্রহ কঠোরভাবে পালনের বিধান রয়েছে। কারণ কামনা বাসনা জাত পরিগ্রহই বন্ধন। মুক্তির পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। জৈন ধর্মে তাই কঠোর সংযম তথা চরম কৃচ্ছসাধনের নিদর্শন আছে। সংঘ রক্ষার জন্য সন্ন্যাসীকে সর্বত্যাগী হতে হবে। শুধু জাগতিক বিষয় নয়; নিজের দেহ-মন-প্রবৃত্তিকেও সন্ন্যাসী স্বকীয় মনে করবেন না। কারন অজীব মাত্রই কর্মের বন্ধনে জীবকে আবদ্ধ করে।

অনেকান্তবাদঃ [Non-Absolutism or the Doctrine of Multiple vision]—জৈনরা অনেকান্তবাদী, অর্থাৎ তাঁরা কোন একটি নিশ্চিন্ত সিদ্ধান্ত বা সত্যকে স্বীকার করেন না। তাঁদের মতে কোন সৎ বস্তু অনন্ত ধর্মবিশিষ্ট। 'একান্ত' অর্থ 'একপক্ষ' বা 'কোন নিশ্চিন্ত সিদ্ধান্ত'; আর কোন বস্তু অনন্ত ধর্মবিশিষ্ট বলেই কোন একটি অবস্থা বা ধর্ম স্থায়ী নয়। দ্রব্যের গুণ বা ধর্ম আপেক্ষিক সত্য; কারন তা পরিবর্তনশীল এবং অনিত্য। জৈনরা বেদপ্রমান্য স্বীকার করে না।তাদের মতে উপনিষদ বা বৌদ্ধমত সত্যের একটা বিশেষ দিকমাত্র(একান্তভাব) দেখেন, সত্যের নানা দিক (অনেকান্তভাব)। সত্য একদিক থেকে নিত্য আবার অন্যদৃষ্টিতে অনিত্য বা পরিবর্তনশীল। জৈনগণ বলেন, অল্পজ্ঞ লৌকিক জীবের কোন জ্ঞানই পূর্ণ সত্য নয়। আবার সেই জ্ঞান পূর্ণ মিথ্যাও নয়। সকল লৌকিক জ্ঞান আংশিক ও আপেক্ষিক সত্য। জৈন দর্শনে একে 'স্যাদবাদ' বলে।

'স্যাদ' শব্দটি 'অনেকান্ত' বোধক। জৈনগণ অনেকান্তবাদ বোঝাতে একটি কাহিনীর অবতারণ করেছেন—অন্ধব্যক্তিদের হস্তীর নানা অঙ্গের জ্ঞান ও তার জন্য বিরোধের দৃষ্টান্ত উপস্থাপন করেছেন "এক অন্ধব্যক্তি হস্তীর কর্ণ স্পর্শ করে বলে, 'হস্তীটির আকার গ্রাম্য হাত পাখার মত; অন্য অন্ধব্যক্তি হস্তীর শুঁড় স্পর্শ করে বলে, 'হস্তীটির আকার সর্পের মত', অন্য অন্ধব্যক্তি হস্তীর পা স্পর্শ করে বলে 'হস্তীটি স্তম্ভের মত'। এইভাবে বিভিন্ন অন্ধব্যক্তি হস্তীর বিভিন্ন অঙ্গ জেনে, ভিন্ন ভিন্ন রূপে হস্তীর আকার সম্পর্কে বিভিন্ন সিদ্ধান্তে উপনিত হয়। প্রত্যেকেরই সিদ্ধান্ত মিথ্যা নয়, আংশিক বা আপেক্ষিক সত্য। কেবল যে ব্যক্তি চক্ষুষ্মান হস্তীকে পূর্ণভাবে প্রত্যক্ষ করে তার পক্ষেই সামগ্রীক সত্য ও সিদ্ধান্তে উপনিত হওয়া সম্ভব।[14]

জৈন মতবাদ বস্তুতান্ত্রিক। জৈনদের স্যাদবাদ ও অন্যকান্তবাদ তত্ব পরস্পরের সম্পর্কযুক্ত; এই মতবাদ অনুসারে সাধারণ লৌকিক জ্ঞান (অপূর্ণ মানুষের) কেবলমাত্র বিশেষ দৃষ্টিভঙ্গীতেই সত্য; চরম সত্য নয়। কোন একটি যখন পূর্ণ সত্য দাবি করে তখনই কলহ, বিবাদ ও অযৌক্তিক গোড়াঁমি সৃষ্ট হয়। অর্থাৎ কোন একটি বিশেষ মতবাদকে যাঁরা চরম সত্য মনে করে তারা একান্তবাদী। জৈনদের মতে বিভিন্ন মতবাদই একসঙ্গে সত্য হতে পারে, তাই তা অনেকান্তবাদী।[15] সুতরাং জৈন মতবাদ উদার এবং পরমত সহিষ্ণু। কোন একক সিদ্ধান্ত বা মতকে তারা চরম বা একমাত্র সত্য বলে স্বীকার না করে বহুত্বের ভাবনাকে মান্যতা দেয়। আজকে ধর্মান্ধ বিশ্বে এই মতই একমাত্র সমাধান, শান্তি আনতে পারে। আধুনিক ভোগবাদী তথা একান্তবাদী বিশ্বে যেখানে ধর্মে ধর্মে হানাহানি, ধর্মীয় সন্ত্রাসবাদ গোটা বিশ্বকে সন্ত্রস্ত অশান্ত করে তুলেছে, সেখানে একমাত্র অনেকান্তবাদী দর্শন শান্তির বারি বর্ষণে সক্ষম। জৈন আচার্যগণের দৃষ্টিতে শুধু নিজের ধর্ম বা নিজের মত পথ একমাত্র হতে পারে না, বিভিন্ন ধর্ম, মত পথ যে একসাথে সত্য হতে পারে, অনেকান্তবাদী জৈন দর্শন তা প্রমাণ করেছে। "Anekanta is not only a tool for logical development, but it is equally useful in developing the self, family life, society, community, management, therapy, counseling, political decisions, jurisprudence and all other disciplines of human life- it help to develop the tolerance and coexistence of mind and explores new insight to lead a life of peace and harmony".[16]

জৈন অনেকান্তবাদ এর দর্শন শুধু তত্বগত বিষয় নয়; সমাজ

সংসারে অপরকে মান্যদান, শ্রদ্ধা বা সহিষ্ণুতা প্রদর্শনই এই দর্শনের মূল অর্থ। আজকের সমস্যাদীর্ন বিশ্বে অনেকান্তবাদী দর্শনের দ্বারা বন্ধুত্বপূর্ণ সহাবস্থান, শান্তিজনক সহাবস্থান অনেক সহজ হয়। পারস্পরিক বোঝাপড়া, সৌভাতৃত্ব, মুক্ত উদার চিন্তার দ্বারাই সম্ভব। অহিংস নীতির প্রয়োজনেই অনেকান্তবাদের দর্শনের দরকার। অন্যের প্রতি অশ্রদ্ধা অসিষ্ণুতা ও সহিংস্রতাই নামান্তর। "It is holistic principle. It is ideal for successfully managing conflicts. The kind of intellectual tolerance it will develop, will further lead to an atmosphere of peaceful co-existence avoiding dogmatism and fanaticism".[17]

উপসংহারঃ

বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর আজকের বিশ্ব ভোগের রোগে আক্রান্ত। মাত্রারিক্ত লোভ সমগ্র বিশ্ব তথা জীবকূলকে করে তুলেছে বিপন্য। অসংযমী জীব মানুষই এর জন্য একমাত্র দায়ী। বিজ্ঞান প্রযুক্তির যথেচ্ছ ব্যবহারে বিশ্বব্যাপী যে সংকট ঘণীভূত হয়েছে তার নিরসন করতে প্রয়োজন সম্যক দর্শন, সম্যক্ জ্ঞান এবং সম্যক চরিত্র। জৈন ধর্মের এই 'ত্রিরত্নের' মধ্যেই নিহিত আছে আজকের বিশ্বের বিপুল সমস্যা একমাত্র সমাধান।" সম্যগ্ দর্শন জ্ঞান চরিত্রাণি মোক্ষ র্মাগঃ"(তত্বার্থবিধম সূত্র উমাস্বামী)। আত্মিক আধ্যাত্মিক মোক্ষ তো বটেই আজ এই ভোগবাদের মনুস্যসৃষ্ট সংকটে জৈনধর্মের মহাব্রত, বিশেষতঃ অহিংসা, অপরিগ্রহ এবং অন্যকান্তবাদী দর্শন হতে পারে একমাত্র বাঁচার উপায়। সম্যক জ্ঞান, দর্শন চরিত্র ভিন্ন এই সুস্থ স্বার্থশূন্য চিন্তা, উদার অহিংস তথা বহুত্ববাদী চিন্তা সম্ভব নয়। দ্বন্দ্ব নয়, বন্ধুত্ব, বিবাদ কলহ নয়, বোঝাপড়ার মধ্যদিয়েই সম্ভব, পরস্পরের প্রতি শ্রদ্ধা, মান্যতা এবং সহিষ্ণুতা আনতে পারে বিশ্ব শান্তি। জৈন দর্শনের মধ্যে আছে সেই সূত্র।

Reference :

1. J.K. Galbraith, 1967, On the nature of our Industrial civilization, New Delhi, Industrial State, P-67
2. Anghshupati Dasgupta, Atiter Ujjal Bharat (ভাষান্তর), The wonder that was India, Progressive Publishers, 2005, P-395
3. J.K. Galbraith, 1967, On the nature of our Industrial civilization, New Delhi, Industrial State, P-79

4. Tattavarthsutra
5. Akaranga Sutra
6. Dayananda Bhargava, 1968, Jain Ethics, Motilal Banerasi Dass,New Delhi, P-33
7. Anghshupati Dasgupta, Atiter Ujjal Bharat (ভাষান্তর), The wonder that was India, Progressive Publishers, 2005, P-67
8. Gita Meheta, 2010,Ecological Insight in Jainism,at Institute of Gandhian Studies, Gouripur, Wardha
9. Gita Meheta, 2010,Ecological Insight in Jainism,at Institute of Gandhian Studies, Gouripur, Wardha
10. দেবব্রত সেন, ভারতীয় দর্শন, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৭৪, পাতা-67-69
11. Asha Mukherjee, Jainism : Its identity on the basis of literature and Philosophy, Religion and Literature Indian perspective, Edited by Projit Kumar Palit, P-199
12. Anubrata Global Organization, Lardnan, 1995, Environmental Conference.
13. Gita Meheta, 2010,Ecological Insight in Jainism,at Institute of Gandhian Studies, Gouripur, Wardha
14. দেবব্রত সেন, ভারতীয় দর্শন, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৭৪, পাতা 40-41
15. নীরদবরণ চক্রবর্তী, ভারতীয় দর্শন, পাতা 63
16. Budhadev Bhattacharyya, 2022, Philosophy of Anekanta Approach's, The tolerance and Co-exist mind, Jainsm and Jaina Culture in India, Edited by Projit Kumar Palit, Kaveri Books, New Delhi, p-247-48
17. Gita Meheta, 2010,Ecological Insight in Jainism,at Institute of Gandhian Studies, Gouripur, Wardha

উপনিষদ শিক্ষার লক্ষ্য ও মানবধর্ম

ডঃ জনা বন্দ্যোপাধ্যায়

প্রাচীন উপনিষদগুলো বৈদিক সাহিত্যের বিভিন্ন শাখার সংহিতা অথবা ব্রাহ্মণ অথবা আরণ্যক অংশের সঙ্গে সংযুক্ত। শংকরাচার্য কৌষীতকি উপনিষদ ছাড়া বাকি এগারোটির ওপর ভাষ্য লিখেছিলেন। প্রাচীন ভারতের শিক্ষার লক্ষ্য ছিল আত্মজ্ঞান ও আত্ম-উপলব্ধি। প্রাচীন ঋষিরা জাগতিক সুখ দু:খের অতীত এক উপলব্ধির সন্ধান করেছিলেন।

প্রাচীন শিক্ষার লক্ষ্যই ছিল জ্ঞানের অনুশীলন দ্বারা জাগতিক বন্ধন থেকে মুক্তি লাভ। এই প্রসঙ্গে জ্ঞানমার্গ ও কর্মমার্গের কথা উল্লেখ করা যায়।

বৈদিক যুগের শেষ ভাগে বৈদিক দেবদেবীদের উদ্দেশ্য করে স্তুতি নিবেদনের জন্য কর্মকান্ডর পাশাপাশি আরণ্যক উপনিষদের কালে গভীর জ্ঞানতৃষ্ণা লক্ষিত হয়। উপনিষদই ছিল জ্ঞানতত্ত্বের ভান্ডার। উপনিষদের জ্ঞানতত্ত্বের মধ্যে মানবধর্মের বিভিন্ন দিক বিধৃত হয়েছে। উপনিষদ আত্মজ্ঞান লাভের আকর। নতুন নতুন জ্ঞান ও মেধার সন্ধানে বৈদিক ঋষিরা ক্রমাগত জিজ্ঞাসু হয়ে উঠেছিলেন। শুধু ঋষিরাই নন, কোন কোন রাজর্ষিও ব্রহ্মজ্ঞান লাভে ব্রতী হন। যেমন রাজর্ষি জনক ব্রহ্মবিদ্যা লাভের জন্য যাজ্ঞবল্ক্যর শিষ্যত্ব গ্রহণ করেছিলেন।

ঈশোপনিষদের প্রথম মন্ত্রে আছে "তেন ত্যক্তেন ভুঞ্জীথাঃ" অর্থাৎ ত্যাগের দ্বারা ভোগ করো। এই উপদেশ আত্মজ্ঞানী সন্ন্যাসীদের জন্য, যাঁরা ত্যাগ ও নিবৃত্তির পথ অবলম্বন করবেন। এখানে বলা হয়েছে ত্যাগের সঙ্গে ভোগ করতে হয়। উপনিষদ ভোগ ও ত্যাগের সামঞ্জস্য নির্দেশ করে। সামগ্রিক কল্যাণের জন্য দুটোই প্রয়োজন।

বিশ্বে যা কিছু আছে, সবই এক মহাসত্তার দ্বারা পরিবৃত। এক অখণ্ড বিভেদহীন চিন্তাধারা উপনিষদে লক্ষিত হয়, যা বর্তমান যুগের পক্ষে আদর্শ।

"মা গৃধ কস্যস্বিদ্ ধনম্।" এই শিক্ষা বর্তমান যুগে অবশ্যই প্রাসঙ্গিক, যেখানে চুরি অপহরণ এত বেশী বেড়ে গেছে।

ঈশোপনিষদের দ্বিতীয় মন্ত্রে বলা হয়েছে "কুর্ব্বনেবেহ কর্মাণি....."। অর্থাৎ আত্মজ্ঞানে অনধিকারী সাধারণ মানুষদের জন্য শাস্ত্রবিহিত কর্মানুষ্ঠান বিহিত হয়েছে।

স্বামী বিবেকানন্দও উপনিষদ ও বেদান্ত তত্ত্বের প্রচারে আত্মনিয়োগ

করেছিলেন। রামকৃষ্ণ মিশন থেকে প্রাচীন উপনিষদগুলোর ব্যাখ্যা ও অনুবাদ গ্রন্থ প্রচারিত হয়েছে। ফলে মানুষের উপনিষদ চর্চার সুযোগ ঘটেছে।

উপনিষদে ব্রহ্মজ্ঞান আহরণ বিভিন্ন রীতিতে উপস্থাপিত হয়েছে। এ প্রসঙ্গে পিতা পুত্রের আলোচনা দৃষ্ট হয়। যেমন ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠ অধ্যায়ে পিতা অরুণি ও পুত্র শ্বেতকেতুর কথা আছে। তৈত্তিরীয় উপনিষদে বরুণ ও ভৃগুর কথোপকথন আছে। বৃহদারণ্যক উপনিষদে যাজ্ঞবল্ক্য ও তাঁর পত্নী মৈত্রেয়ীর কথা উল্লিখিত হয়েছে। এখানে সম্পর্কের বাইরে ব্রহ্মজ্ঞান অর্থাৎ আত্মজ্ঞান মুখ্য হয়ে উঠেছে।

উপনিষদে মানুষের প্রকৃতি ও ইচ্ছা অনুযায়ী শ্রেয় ও প্রেয় এই দুটি শব্দের ব্যবহার লক্ষিত হয়। দেহ ও পার্থিব বিষয়ের পরিতৃপ্তি হল প্রেয়, আর সামাজিক ক্ষেত্রে গোষ্ঠীর স্বার্থ বা সামগ্রিক কল্যাণ সাধনকে বলে শ্রেয়। শ্রেয়কে গ্রহণ করলে কল্যাণ হয় (কঠ ১/২/১)। এক্ষেত্রে ব্যক্তি স্বার্থের থেকে গোষ্ঠী স্বার্থ বড়--এই উপদেশ দেওয়া হয়েছে। এতে মানুষের সংকীর্ণ দৃষ্টি দূর হবে। বর্তমানে এই চিন্তার বড়ই প্রয়োজন।

উপনিষদের ঋষি একাধিক আদর্শের কথা বলেছেন। বৃহদারণ্যক উপনিষদের গল্প থেকে জানা যায় প্রজাপতি সমাবর্তনের দিন তিন শিষ্যকে উপদেশ দেন - "দ দ দ ইতি দাম্যত দত্ত দয়ধ্বম ইতি"। ঋষি তিনটি সদগুণ অভ্যাসের কথা বলেছেন আত্মদমন কর, দান কর এবং দয়া কর (বৃহদারণ্যক, ৫/২/৩)। এই তিনটি সদগুণের অভ্যাস মানব কল্যাণের পথ সুগম করে--এ কথা বর্তমান যুগেও অস্বীকার করা যায় না।

তবে আত্মদমন ও ব্রহ্মচর্য পালনের নির্দেশ থাকলেও অন্যদিকে গার্হস্থ্য ধর্ম পালনের উপদেশ দেওয়া হয়েছে। তৈত্তিরীয় উপনিষদে আছে, আচার্য সমাবর্তনের দিনে অন্তেবাসীকে উপদেশ দিচ্ছেন, "সত্যকথা বলবে। ধর্ম আচরণ করবে। বেদপাঠ থেকে বিরত থাকবে না। আচার্যকে প্রিয় উপহার দেবে। বংশধারাকে অব্যাহত রাখবে।" (তৈত্তিরীয় ১/১১/১)। সত্য কথা বলা ও ও ধর্ম আচরণ করা মানব কল্যাণ তরান্বিত করে। এর প্রাসঙ্গিকতা আজও আছে। এখানে আচার্য শিষ্যকে সংসার ধর্ম পালনের উপদেশ দিয়েছেন। মানব জাতির ধারাবাহিকতা বজায় রাখাও জরুরী, তাই এই উপদেশ।

কর্তব্য কর্মের প্রতিও নীতি নির্দেশিত হয়েছে। যেমন তৈত্তিরীয় উপনিষদে বর্ণিত সমাবর্তনের দিন আচার্য উপদেশ দিয়েছেন, "যা অনবদ্য কর্ম, তাই হল কর্তব্য কর্ম। অন্য প্রকৃতির কর্ম বর্জন করে সেই কর্মই করা উচিত" (তৈত্তিরীয় ১/১১/২)। এভাবে সংসার ও সমাজ

জীবনের প্রতিটি ক্ষেত্রেই উপনিষদের নীতির বাস্তব প্রয়োগ লক্ষিত হয়।

ঈশোপনিষদের ষষ্ঠ মন্ত্রে বলা হয়েছে যে, যিনি ব্রহ্ম থেকে তৃণ পর্যন্ত সমস্ত ভূতকে নিজের আত্মাতে দর্শন করেন এবং সমস্ত ভূতের মধ্যে নিজের আত্মাকে দর্শন করেন,তিনি কাউকে ঘৃণা করেন না। এখানে একত্ব দৃষ্টির দ্বারা ঘৃণাবোধ দূর হয় এই উপদেশ দেওয়া হয়েছে। বর্তমান পৃথিবীতে ঘৃণার দ্বারাই বিভেদ সৃষ্টি হয়। তাই উপনিষদের এই বাণী মানুষকে ঘৃণা ও বিভেদ থেকে সচেতন করবে। আত্মজ্ঞ ব্যক্তির আত্ম পর ভেদ থাকে না। ভেদবুদ্ধি থেকে যে বিদ্বেষ ও সংকোচ জন্মায় তা থেকে বিশ্বে সকল সমস্যা সৃষ্টি হয়। এই উপনিষদ এ বিষয়ে বিশেষ অবগত করে।

ঈশোপনিষদের সপ্তম মন্ত্রে উল্লিখিত সর্বভূতে আত্মা এবং আত্মায় সর্বভূত এই জ্ঞান সাধনা লব্ধ অনুভূতি। এই অনুভূতি ও উপলব্ধির মধ্যে দিয়েই জীব চৈতন্য নিজেকে বিস্তার করতে পারে। এই প্রকার দৃষ্টি লাভ করলে মানুষের দু:খ ও মোহ দূর হয়। এই অবস্থায় পরম আনন্দময় সত্তার উপলব্ধি সম্ভব হয়। শোক, দু:খ, মোহ অজ্ঞানের কারণ। উপনিষদ ও বেদান্ত দর্শন আত্মজ্ঞানীদের অজ্ঞান বিনষ্ট করার উপদেশ দানের সঙ্গে সঙ্গে মানবসত্তার শোক নাশের তথা দু:খের ঐকান্তিক বিনাশের কথা বলে। মোহ তথা বাসনা নাশের কথা বলে।

গৌতম বুদ্ধও বিশ্বমানবতার কল্যাণে যে ধর্ম প্রচার করেছেন, তার মূল লক্ষ্য হল নির্বাণ লাভ। নির্বাণ লাভের দ্বারা তৃষ্ণার বন্ধন ছিন্ন হয় অর্থাৎ বাসনা মুক্তি ঘটে এবং রাগ-দ্বেষ মোহাগ্নি নির্বাপিত হয়। তৃষ্ণা বা বাসনার বিনাশ হলে পুনর্জন্ম রোধ হয়। জন্ম মৃত্যুর পরিক্রমাকে বৌদ্ধ পরিভাষায় 'ভবচক্র' বলা হয়। এর থেকে মুক্ত না হলে দু:খের অবসান ঘটে না। দু:খের পরিপূর্ণ নিবৃত্তিই হল 'নির্বাণ'।

ঈশোপনিষদে যেমন দু:খ ও মোহ বা বাসনা নাশের কথা আছে, বৌদ্ধ ধর্মেও বলা হয়েছে দু:খ থেকে মুক্তির একমাত্র উপায় নির্বাণ লাভ। নির্বাণ লাভের দ্বারাই তৃষ্ণা বা বাসনা মুক্তি ঘটে, মোহ দূর হয়।

উপনিষদের চিন্তাশীল ঋষি একই সঙ্গে কবি ও দার্শনিক হওয়ায় বিশ্বের সমস্যাগুলো তাঁর মনকে প্রভাবিত করে। সেজন্যই উপনিষদের মধ্যে জীবনদর্শন সুন্দর সুললিত ভাষায় প্রকাশ পেয়েছে। দার্শনিক তত্ত্বগুলো আপাত বিক্ষিপ্ত আকারে থাকলেও ভারতীয় দর্শনের মূল ভাবগুলো বুঝতে অসুবিধা হয় না। রবীন্দ্রনাথের মতেও আধ্যাত্মিকতার ভিত্তি ভূমি উপনিষদ। তাঁর নিজের কথায় "আমার জীবনের মহামন্ত্র পেয়েছি উপনিষদ থেকে।"

ব্রহ্মর অখণ্ড সত্তা দ্বারা ঈশ্বর, বিশ্ব, প্রকৃতি ও সকল মানুষের মধ্যে

বিরাজিত এক অখণ্ড সত্তাকে উপলব্ধি করা যায়। সবার মধ্যে নিজেকে এবং নিজের মধ্যে সবাইকে উপলব্ধি করার মধ্যেই মানবপ্রেমের মূল মন্ত্র নিহিত। এর দ্বারাই গতানুগতিক জীবন থেকে মহৎ জীবনের উত্তরণ ঘটে।

উপনিষদে "ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ" এই মন্ত্র অনেকবার উল্লিখিত হয়েছে,যার দ্বারা আধ্যাত্মিক (শারীরিক, দৈব), আধিদৈবিক ও আধিভৌতিক-- এই ত্রিবিধ বিঘ্ন থেকে শান্তি হোক বলা হয়েছে। মানবকল্যাণের সর্বোচ্চ বাণী এই নাদব্রহ্মরূপী ওঁ--এর মধ্যে ধ্বনিত হয়েছে।

সহায়ক গ্রন্থাবলী

১) স্বামী গম্ভীরানন্দ সম্পাদিত উপনিষদ গ্রন্থাবলী (প্রথম খন্ড) উদ্বোধন কার্যালয়, কলকাতা

২) অতুলচন্দ্র সেন, সীতানাথ তত্ত্বভূষণ, মহেশচন্দ্র ঘোষ সম্পাদিত উপনিষদ অখণ্ড সংকলন,হরফ প্রকাশনী, কলেজ স্ট্রিট, কলকাতা-৭

৩) Radhakrishnan, Sarvepalli, Editor, History of Philosophy Eastern and Western, George Allen & Unwin Ltd

৪) Sharma, Shubhra (1985), Life in the Upanishads, Abhinav Publications.

৫) Sharma, B. N. Krishnamurti (2000), A History of the Dvaita School of Vedanta and its literature: from the earliest beginnings to our own times, Motilal Banarsidass Publishers.

সুনীল গঙ্গোপাধ্যায়ের'সবুজ দ্বীপের রাজা' : এক অনন্য সৃষ্টি

ড. নির্মাল্য সেনশর্মা

স্রষ্টা সুনীল গঙ্গোপাধ্যায় পাঠককে উপহার দিয়েছেন অজস্র স্মরণীয় সৃষ্টি । এই লেখক – ব্যক্তিত্বের সৃষ্টিশীল কলম বাঙালিকে করেছে মুগ্ধ – বিস্মিত । ১৯৭৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয় সুনীল গঙ্গোপাধ্যায়ের বিশিষ্ট সৃষ্টি 'সবুজ দ্বীপের রাজা' । পরে এই উপন্যাসটি চলচ্চিত্রায়িত হয় । এটি কাকাবাবু সিরিজের দ্বিতীয় উপন্যাস । প্রথমটি হল 'ভয়ংকর সুন্দর' , যে উপন্যাসের পটভূমি কাশ্মীর। 'ভয়ংকর সুন্দর' উপন্যাসের কাহিনির কথক কাকাবাবুর ভাইপো সন্তু। এ উপন্যাসে বরফাবৃত কাশ্মীর আর অতীতের অজানা ইতিহাসকে মায়াময় হয়ে উঠতে দেখা যায় ক্লাস এইটে পড়া বারো-তেরো বছরের কিশোর সন্তুর কথনে । কিন্তু 'সবুজ দ্বীপের রাজা' লিখিত স্রষ্টার কলমেই , এখানে আর নেই আত্মকথন রীতির প্রয়োগ , সন্তু এবার আর কথক নয় । 'সবুজ দ্বীপের রাজা'র পটভূমি আন্দামান দ্বীপপুঞ্জ , বিশেষ করে আন্দামান দ্বীপপুঞ্জের জারোয়া জাতি অধ্যুষিত একটি অঞ্চল। কাকাবাবুর সেখানে যাওয়া একটি বিশেষ উদ্দেশ্য নিয়েই ।

আটটি পর্ববা খন্ডে বিভক্ত এই মনোজ্ঞ কিশোর উপন্যাস 'সবুজ দ্বীপের রাজা'র কাহিনি রহস্য আর রোমাঞ্চে পূর্ণ । উপন্যাসে পাই কাকাবাবুর অ্যাডভেঞ্চারের কথা । কাকাবাবুর সঙ্গী তার ভাইপো সন্তু । আবিষ্কারের নেশায় আর রহস্যের উন্মোচনে কাকাবাবু বেরিয়ে পড়েন অ্যাডভেঞ্চারে । লেখক – কাকাবাবুকে কোনদিনই প্রচলিত অর্থে গোয়েন্দা বলতে যা বোঝায় , তা বলতে চাননি, কাকাবাবু নিজের পরিচয় এভাবেই দিয়েছেন – 'আমি কিছু – কিছু রহস্য সমাধানের চেষ্টা করি । এগুলো সাধারণ খুনটুনের সমস্যা নয় , পৃথিবীতে এমন কতকগুলো রহস্যময় ব্যাপার আছে , যার সমাধান মানুষ এখনো করতে পারেনি । ..... আমি এরকম রহস্য সমাধানের চেষ্টা করি ।'

আসলে সুনীল গঙ্গোপাধ্যায়ের হাতে বাংলা অপরাধ – মুখ্য গল্পের ধারায় এসেছে নতুন বাঁক । প্রচলিত গোয়েন্দা কাহিনিতে দেখা যায় গোয়েন্দা তার পারদর্শিতায় , কর্মতৎপরতা আর বুদ্ধিমত্তায় চিহ্নিত করে অপরাধীকে, যে অপরাধী অন্যান্য চরিত্রের মধ্যে লুকিয়ে থাকে , আর তাকে সনাক্তকরণই হয়ে ওঠে কাহিনির প্রধান চমক বা আকর্ষণ। কিন্তু

সুনীল গঙ্গোপাধ্যায়ের কাহিনিতে তেমন ভাবে আড়াল থাকে না দুষ্কৃতি বা অপরাধীর পরিচয়, দুটি বিরোধী পক্ষের মানুষের লুকোচুরি, সংঘাত আর শিহরণের মধ্যেই প্রধানত নির্ভরশীল সুনীল গঙ্গোপাধ্যায়ের অপরাধমুখ্য গল্পের ভাবনা।

কোনো রহস্য উন্মোচনে কাকাবাবু এগিয়ে আসেন নিজের আকর্ষণের জন্যই। নিজেকে তিনি নিয়োজিত রাখেন পুরাতত্ত্ব ও ভূবিজ্ঞান সম্বন্ধীয় নানা অভিযান – অনুসন্ধানে, যা পুরোপুরি ব্যক্তিগত উদ্যোগে আর রহস্য – উন্মোচনের নেশার খাতিরে। আসলে সুনীল নতুন কিছু করতে চেয়েছেন প্রথাগত অ্যাডভেঞ্চার কাহিনির ভাবনা থেকে সরে এসে। আর এই অভিনবত্ত্ব সৃজনের জন্যই সুনীল ঢেলে সাজালেন তাঁর কাহিনি – পরিকল্পনাকে। বদলে দিলেন অভিযান – কাহিনির ধরনকেই। সুনীলের কাকাবাবুর লক্ষ্য যুক্তিসম্মত সমাধান, বিজ্ঞান বা ইতিহাসের সেইসব রহস্যের, যাদের পাওয়া যায় নি কোন মীমাংসাসূত্র বা কোন বিশেষ ঘটনার উপযুক্ত কার্যকারণ সম্বন্ধ। আসলে কাকাবাবু করে চলেন অন্য ধরনের ইতিহাসের অনুসন্ধান , তার ভাবনায় ধরা পড়ে অন্য ধরনের অপরাধ। আর সেজন্যইকাকাবাবুর এগিয়ে চলা এক অভিযান থেকে অন্য অভিযানে। আবার বৃহৎ বিশ্বের অজানা রহস্য খুলে যায় কিশোর সন্তুর চোখের সামনে, যে কাকাবাবুর ভাইপো আর অভিযানের সঙ্গী। কাকাবাবুর স্বাতন্ত্র্য বোঝাতে গিয়ে স্রষ্টা সুনীল গঙ্গোপাধ্যায় লিখেছেন – 'কাকাবাবু ডিটেকটিভ নন, খুন – ডাকাতির তদন্ত করেন না। রহস্যময় দুঃসাহসী, অভিযানেই তাঁর আগ্রহ, সন্তুও তাতেই মেতে ওঠে।'১

কাকাবাবুর নাম রাজা রায় চৌধুরী। বয়স তার তিপান্ন-চুয়ান্নর মতো, তিনি অত্যন্ত উচ্চপদে চাকরি করতেন দিল্লিতে পুরাতত্ত্ব বিভাগে। আফগানিস্তানের পাহাড়ি পথে তাঁর জিপ-গাড়ি এক দুর্ঘটনার কবলে পড়ে। মরতে মরতে বেঁচে গেলেও কাকাবাবুর একটি পা নষ্ট হয়ে যায় চিরকালের মতো, তাই তিনি হাঁটেন ক্রাচে ভরদিয়ে। সাংঘাতিক তার মনের জোর। 'কাকাবাবু সমগ্র' – এর প্রথম খন্ডের ভূমিকায় কাকাবাবুর স্রষ্টা সুনীল গঙ্গোপাধ্যায় লিখেছেন – 'একবার আমি একজন খোঁড়া মানুষকে খুব উঁচু পাহাড়ে উঠতে দেখেছিলাম। তাঁর যেন একটুও কষ্ট হচ্ছিল না। তখন আমি ছোট, সন্তুরই বয়েসী। সেই মানুষটিকে দেখে বুঝতে পেরেছিলাম, অসাধারণ তাঁর মনের জোর, আর এরকম মনের জোর থাকলে মানুষ যে – কোনো বাধাকেই জয় করতে পারে। সেই মানুষটিই কাকাবাবু'।২

দুর্ঘটনার পর চাকরি ছাড়লেও কাকাবাবু বাড়িতে বসে থাকতে পারেন না, কারণ তার মধ্যে রয়েগেছে আবিষ্কারের নেশা। বই পড়ে

তিনি সন্ধান পান অমীমাংসিত রহস্যের, আর তিনি বেরিয়ে পড়তে চান সেইসব রহস্য – উন্মোচনে – 'অন্যরা বেড়াতে গিয়ে শুধু সুন্দর সুন্দর জিনিস দেখে। আর কাকাবাবু যান বিশেষ উদ্দেশ্য নিয়ে'।

সন্তুর ভালো নাম সুনন্দ রায় চৌধুরী। সন্তুর পরীক্ষা শেষ হয়েছে , এবার সে ক্লাস নাইন থেকে টেনে উঠবে। শেষ পরীক্ষার দিনই কাকাবাবু সন্তুর কাছে তার সঙ্গে বেড়াতে যাওয়ার প্রসঙ্গ তুলেছিলেন।

উপন্যাসের শুরুতেই দেখি ক্লাস টেনে উঠতে – চলা কিশোর সন্তুর কাছে বেড়াতে যাওয়া প্রসঙ্গে কাকাবাবুর প্রশ্ন ছিল , 'জাহাজে যেতে চাও , না এরোপ্লেনে?' সন্তু হয়ে উঠেছিল আনন্দে আত্মহারা, ধক্ করে উঠেছিল তার বুকের মধ্যে, আসলে – 'খুব বেশি আনন্দ হলে বুকের মধ্যে এরকম ঢিপঢিপ করে। ঠিক ভয়ের মতন। মনে হয়, হবে তো? শেষ পর্যন্ত হবে তো?'

সন্তুর কাছে দারুণ ব্যাপার হয়ে ওঠে কাকাবাবুর সঙ্গে বেড়াতে যাওয়া, কারণ সেখানে রয়েছে নতুন অ্যাডভেঞ্চারের হাতছানি।

তারপর এল সেইদিন, যেদিন ভোরবেলা অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র ও পাসপোর্ট গুছিয়ে নিয়ে কাকাবাবুর সঙ্গে সন্তু তার অজানা জায়গার উদ্দেশ্যে বেরিয়ে পড়েছিল। তার আগে ভেজানো দরজা ফাঁক করে কাকাবাবুকে ডাকতে গিয়ে থমকে গেছিল সন্তু। কাকাবাবুকে রিভলবারে গুলি ভরতে দেখে সন্তুর মনে প্রশ্ন জেগেছিল, এবারের যাত্রা কি কোন বিপদ্জনক জায়গায়। এই প্রথমবার সন্তুর বিমানে চড়ার অভিজ্ঞতা হবে। দেখা যায় সন্তুর মনের ভাবনা – 'প্লেনে চাপবার কথা ভেবেই সন্তুর এত আনন্দ হচ্ছে যে, তার মুখ দিয়ে ঘাম বেরিয়ে যাচ্ছে, জীবনে প্রথম সে প্লেনে চাপবে । প্লেনটা যখন ব্যাঁকা হয়ে মাটি থেকে আকাশে ওড়ে, তখন, ভেতরের মানুষগুলো গড়িয়ে পড়ে যায় না?'

প্লেনের শেষ সীটটায় সন্তু আবিষ্কার করেছিল দুজন সাহেবকে, যাদের মধ্যে একজন সন্তুকে ইচ্ছা করে ধাক্কা দিয়েছিল পাসপোর্ট – অফিসের সামনে, কাকাবাবুকে সে জানিয়েও ছিল সে কথা।

প্লেনেই সন্তু কাকাবাবুর কাছে শুনেছিল তাদের গন্তব্যস্থল আন্দামান। তারা নামবে আন্দামানের রাজধানী পোর্টব্লেয়ারে, আন্দামান সম্পর্কে সন্তুর ভালো ধারণা না থাকলেও, আন্দামান ক্রমশ অপরূপ হয়ে দেখা দিল সন্তুর চোখে। প্লেন থেকে নীচের দিকে তাকিয়ে দেখেছিল, যতদূর দেখা যায় শুধুই সমুদ্র, যে সমুদ্রের রঙ নীল, চোখ যেন ঝলসে যায় জলের ওপর ঠিকরে পড়া রোদে, জানলা দিয়ে নীচের দিকে তাকিয়ে অপরূপ দৃশ্য সন্তুকে অবাক করে দিল। এ দৃশ্য সে দেখেছে ছবির বইয়েতেই – '..... এখানে সমুদ্রের জল একেবারে গাঢ় নীল রঙের, এত

গাঢ় যে , মনে হয় কলম ডুবিয়ে অনায়াসে লেখা যাবে , তার মাঝখানে ছোট – ছোট দ্বীপ।' আন্দামানে রয়েছে অনেকগুলো দ্বীপ। পরে সন্তু শুনেছিল যার সংখ্যা দুশোর বেশি।

অপূর্ব আন্দামানের প্রাকৃতিক সৌন্দর্য, ছোটছোট পাহাড় আর পাহাড়ে অজস্র গাছপালা রয়েছে প্রতিটি দ্বীপেই, ভাবাই যায় না পৃথিবীতে এখনো রয়েছে এত গভীর বন, বড় বড় গাছ, আর 'সেই নীল রঙের সমুদ্রের মধ্যে সবুজ সবুজ দ্বীপ, দ্বীপগুলোর ধারে ধারে ঢেউ এসে ভেঙে পড়ে ধপধপে সাদা ফেনা ছড়িয়ে দিচ্ছে'।

বাড়ি ঘর নেই বেশিরভাগ দ্বীপেই। একটু ঝাঁকুনি দিয়ে প্লেন মাটি ছুঁল, প্লেন থেকে নেমে তাদের সঙ্গে পরিচয় হল মি. দাশগুপ্তর, যিনি গাড়ি নিয়ে তাদের জন্য অপেক্ষা করছিলেন। দাশগুপ্ত তাদের নিয়ে এলেন থাকার জন্য বুক করে রাখা 'টুরিস্ট হোমে'র ঘরে। আন্দামানে পৌঁছানোর পর দাশগুপ্তর সঙ্গে কাকাবাবুর কথায় সন্তু জানতে পেরেছিল, কোন্ রহস্যের উন্মোচনে কাকাবাবুর আন্দামানে আসা।

দাশগুপ্তকে কাকাবাবু জানিয়েছিলেন কিছু লোকের নিরুদ্দেশ বা খুনের খোঁজ নিতে তিনি আসেননি, সেগুলো পুলিশের দায়িত্ব, তিনি এসেছেন রহস্য-উদ্ধারে। পৃথিবীর বিভিন্ন দেশ থেকে' সেখানে এত বৈজ্ঞানিক আসার কারণ খুঁজতে, যারা সেখানে এসে নিরুদ্দেশ হয়ে গেছিল – 'রহস্য হচ্ছে, এইসব বৈজ্ঞানিকরা এখানে এসেছিল কেন? প্রায় পঞ্চাশ বছর ধরে পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে কিছু বৈজ্ঞানিক এখানে এসেছে খুন হবার জন্য বা নিরুদ্দেশ হবার জন্য? বৈজ্ঞানিকরা এত বোকা হয় না। তারা এসেছিল নিশ্চয়ই কোন উদ্দেশ্য নিয়ে, এই উদ্দেশ্যটা যে কী, তা এখনো জানা যায় নি, আমি এসেছি সেটা জানতে।' কাকাবাবু জানিয়েছেন তাদের সঙ্গে প্লেনে আসা সাহেব দুটোরও নিশ্চয় রয়েছে বিশেষ উদ্দেশ্য।

দাশগুপ্তর ব্যবস্থা করা লঞ্চে তারা বেরিয়ে পড়েছেন সমুদ্রে। আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের কোন কোন অঞ্চল বেশ দুর্গম। এখানে নানা ধরনের জনজাতির বাস। মাঝে মাঝে আগ্নেয়গিরিরও দেখা মেলে দ্বীপগুলিতে। একসময় আন্দামানের দ্বীপগুলিতে পাঁচ ধরনের আদিবাসী ছিল। তার মধ্যে সেন্টিনেলিজরা আর জারোয়ারা অত্যন্ত হিংস্র, বাকিরা শান্ত হয়ে গেছে। অনেক দূরে আলাদা দ্বীপে থাকে সেন্টিনেলিজরা। হিংস্র জারোয়াদের অবস্থান খুব বেশি দূরে নয় – দক্ষিণ আর মধ্য আন্দামানের গভীর বনের মধ্যে থাকে তারা। জারোয়ারা আবহমান কাল ধরে বসবাস করে লোকচক্ষুর আড়ালে। তারা অত্যন্ত স্বাধীনতা প্রিয়। সাধারণ মানুষ জারোয়াদের এলাকায় যায় না। ভারত ভূখন্ডের

সঙ্গে আন্দামানের যোগাযোগ ঘটে মারাঠাদের নেতৃত্বে সপ্তদশ শতকের শেষ ভাগে, এখনও তথাকথিত সভ্য মানুষের দৃষ্টির আড়ালে রয়ে গেছে আন্দামান ও নিকোবরের বেশ কিছু দ্বীপ।

প্রায়শই শান্তিপূর্ণ হয় নি তথাকথিত সভ্য মানুষদের সঙ্গে জারোয়াদের সাক্ষাৎ। দেখা গেছে কিছু জারোয়াকে পোর্টব্লেয়ারে আনা হয়েছিল আধুনিক জীবন ও সমাজের সঙ্গে পরিচয় করানোর জন্য। কিন্তু তাদের জারোয়া সমাজ আর গ্রহণ করেনি , দ্বীপে ফিরে যাবার পর।

'সবুজ দ্বীপের রাজা' উপন্যাস লেখায় নিশ্চয়ই কাজ করেছিল সুনীল গঙ্গোপাধ্যায়ের সচেতন – বোধ। আর উপন্যাসটি সেই সময়ই লেখা যখন আধুনিক সমাজের মধ্যে নতুন করে আগ্রহের সঞ্চার ঘটতে শুরু করেছে জারোয়াদের নিয়ে, ওদের জীবনধারা নিয়ে। জারোয়াদের সম্পর্কে অনেক তথ্যই ছিল অজানা , যখন সুনীল গঙ্গোপাধ্যায় লিখেছিলেন এ উপন্যাস।

ক্রমশ আন্দামানে কমছে আদিম জনজাতির সংখ্যা। আন্দামানের কাহিনি কিন্তু বারে বারে তথাকথিত সভ্য মানুষের বিপক্ষেই কথা বলেছে – তাদের লোভের কথা, হিংসার কথা। তথাকথিত সভ্য মানুষদের, বিশেষত পশ্চিম দেশের মানুষদের সেখানে যাওয়া আন্দামানের অন্যতম প্রধান সমস্যা, আর তারা যেন সেখানে সভ্যতার বিষ ছড়িয়ে দিতে চায়। তথাকথিত সভ্য মানুষদের নির্মম বিশ্বাসঘাতকতাও আন্দামান প্রত্যক্ষ করেছে। এছাড়াও আর একটি দিকের কথা আমাদের মনে রাখতে হবে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের একটি গুরুত্বপূর্ণ দিক জড়িয়ে রয়েছে আন্দামানের ইতিহাসের সঙ্গে। এ প্রসঙ্গে চলে আসে বিখ্যাত সেলুলার জেলের কথা। ভারতের স্বাধীনতা সংগ্রামীদের রাজদন্ডে দন্ডিত করে বন্দি হিসেবে এখানে পাঠানো হতে থাকে ।

দেখা গেছে মি. দাশগুপ্ত কাকাবাবু ও সন্তুকে নিয়ে মোটর বোটে করে দ্বীপ ভ্রমণে বের হলেন, খানিকটা ফিকে নীল আর সবুজে মেশানো তীরের কাছের সমুদ্রের জল। কিছুটা দূরে জলের রং গাঢ় নীল, দূরে দূরে দৃশ্যমান ছোট ছোট দ্বীপ। মোটর বোট গভীর সমুদ্রে পড়ল একটু পরেই। বোটের চালক শঙ্করনারায়ণ, তার সঙ্গে রয়েছে আরও দুজন। সী সিকনেসের জন্য সন্তু কিছুটা অসুস্থ বোধ করছিল। যেতে যেতে দাশগুপ্ত জঙ্গলের মধ্যে জারোয়াদের অবস্থান নির্দেশ করল। সন্তুর 'জারোয়া কী?' এই প্রশ্নের উত্তরে দাশগুপ্ত জানিয়েছিল – 'জারোয়া হচ্ছে খুব হিংস্র একটা জাত। তারা জামাকাপড় পরে না, তারা বিষাক্ত তীর মারে – আমাদের মতন লোক দেখলেই তারা খুন করতে চায়।'

কাকাবাবু একাকী বোট চালিয়ে জারোয়াদের জঙ্গলে যেতে গিয়ে ব্যর্থ হন, বোটে ডিজেল কম থাকায়। রঙ্গতের ডাকবাংলোয় কাকাবাবুকে

দেখা গেছে দারুণ গম্ভীর হয়ে থাকতে, কারো সঙ্গে তখন তিনি কথাও বলছেন না। কাকাবাবুর এ স্বভাবের সঙ্গে সন্তু পরিচিত, - 'অনেক লোক শুধু নিজের বাড়ির লোকজন কিংবা টাকাপয়সা নিয়ে চিন্তা করেন। কিন্তু কাকাবাবু এমন সব জিনিস নিয়ে চিন্তা করেন , যার সঙ্গে তাঁর নিজের কোন সম্পর্কই নেই। পৃথিবীর নানা দেশ থেকে বৈজ্ঞানিকরা এসে আন্দামানে নিরুদ্দেশ হয়ে যাচ্ছে , এ জন্য কাকাবাবুর রাত্তিরে ঘুম হবে না কেন? কত লোক তো তবুও ঘুমোয় !' বারংবার নিষেধ সত্ত্বেও কাকাবাবু নেমে পড়েন জারোয়া দ্বীপে পৌঁছানোর জন্য। আসলে কাকাবাবু বুঝতে পেরেছিলেন ঐ জায়গাতেই রয়েছেআসল রহস্য। সন্তুও মোটর বোট থেকে জলে লাফিয়ে পড়ে। তারা এগিয়ে চলে জারোয়া দ্বীপের দিকে। দাশগুপ্ত পোর্টব্লেয়ারে এসে এস. পি. কে সব কথা জানায়। খবর পৌঁছায় জারোয়াদের ভাষা জানা মানুষ দারুণ সাহসী প্রাক্তন পুলিশ ইন্সপেক্টর প্রতীম সিং – এর কাছে।

জারোয়া দ্বীপে জঙ্গলের মধ্যে দিয়ে ধীরে ধীরে এগিয়ে চলতে থাকে সন্তু আর কাকাবাবু। তাদের চোখে পড়ে দ্রুত ধাবমান কয়েকটি হরিণ। গুলিবিদ্ধ এক জারোয়ার মৃতদেহ তারা দেখে । ঝর্নার জলে সন্তু তার তৃষ্ণা মেটায়। ঝর্নার জলে ভেসে যায় কাকাবাবুর ডান হাতের ক্রাচ। এরপর আর একটি গুরুতর আহত সারা গায়ে রক্তমাখা গুলিবিদ্ধ জারোয়াকে তারা দেখতে পায়, সন্তু ও কাকাবাবু প্রাণপণে চেষ্টা করে তাকে বাঁচিয়ে তুলতে। কিন্তু লোকটি সন্তুকে আক্রমণ করে বসে, কাকাবাবু বাধ্য হন আঘাত করে তাকে অজ্ঞান করে ফেলতে। ধীরে ধীরে ঘনিয়ে আসে অন্ধকার, এরকম পরিস্থিতির মধ্যেও কাকাবাবুর উৎসাহে কমতি নেই। তিনি গোটা দ্বীপটা দেখতে চান ঘুরে। একটু পরে শোনা যায় একসঙ্গে অনেক লোকের পায়ের শব্দ। এর মধ্যে শুরু হয়ে যায় জারোয়াদের সঙ্গে সাহেবদের যুদ্ধ। গুলি আর তীরের লড়াই। এ যুদ্ধ চলল মিনিট দশেক। জারোয়ারা তীর ছোঁড়া বন্ধ করে পিছিয়ে আসে। তারা ভয় পেয়েছে এই কারণে যে বিষ মাখানো তীরের আঘাতে সাহেবরামরছে না, বরং ইনজেকশন নিয়ে সুস্থ হয়ে উঠছে। কাকাবাবু মনে মনে ভাবলেন, 'সাহেবরা এত আটঘাট বেঁধে এখানে এসেছে কেন?' নিশ্চয়ই এখানে সাংঘাতিক কোনো দামী জিনিস আছে। এর আগে – আগে এসেছে বৈজ্ঞানিকরা। কিন্তু এদের বৈজ্ঞানিক বলে মনে হয় না, কোন বৈজ্ঞানিক গুলি করে মানুষ মারে না। এরা নিশ্চয়ই ডাকাত-টাকাত হবে।'

সন্তু মন থেকে মেনে নিতে না পারলেও কাকাবাবুরই কথায় কাকাবাবুকে রেখে প্রথমে ফিরে চলে। সন্তুর অনুভব – 'মনের মধ্যে ভীষণ খারাপ লাগছে। কাকাবাবুকে এরকমভাবে ছেড়ে চলে যাওয়া কি

ঠিক হল? একলা এই ভয়ংকর জঙ্গলের মধ্যে উনি কতক্ষণ লুকিয়ে থাকতে পারবেন? নিজে ভালো করে হাঁটতেও পারেন না, অথচ কাকাবাবু যে কিছুতেই শুনবেন না অন্য কারুর কথা।' কিন্তু সন্তু আবার ফিরে এল, ঝোপের কাছে এসেও কাকাবাবুকে দেখতে পেল না। সন্তু ভাবল – 'না , যদি মরতে হয় তো কাকাবাবুর সঙ্গে নিজেও মরবে।' সন্তুর চোখে পড়ল জঙ্গলের মধ্যের এক অদ্ভুত আলো – 'খানিকটা যাবার পর সে জঙ্গলের মধ্যে একটা আলো দেখতে পেল। সেই আলোটা দেখেও ভয় পাবার কথা। এই জঙ্গলের মধ্যে এরকম আলো আসবে কোথা থেকে? একদম নীল রঙের আলো। গাছপালা ভেদ করে বেরিয়ে আসছে সেই আলোর ছটা। কালী পুজোর সময় ম্যাগনেসিয়ামের তার পোড়ালে এরকম নীল আলো হয়। সন্তু যত এগোতে লাগল ততই আলোটা উজ্জ্বল হতে লাগল , যেন চোখ ধাঁধিয়ে যায়। সন্তু কাকাবাবুর কাছে শুনেছিল যে, জারোয়ারা আগুনই জ্বালাতে জানে না, তা এরকম আলো এখানে কে জ্বেলেছে?' জঙ্গলের মধ্যে দেখা যাচ্ছে আলোটা। তাই সন্তু এগোলো নদীর ধার ছেড়ে সেদিকে। সন্তু কাকাবাবুকে দেখতে পেল না। কিন্তু দেখল সাহেবগুলোর হাত পা জংলী লতা দিয়ে এমন শক্তভাবে বাঁধা রয়েছে যে তারা নড়াচড়া করতেও পারছে না। সন্তুর চোখে বুড়ো রাজা প্রথম ধরা পড়েছিল এভাবে – 'লোকটি অসম্ভব বুড়ো , মনে হয় নব্বই বা একশো বছর বয়েস। ছোট্ট খাট্টো চেহারা, পিঠটা একটু বেঁকে গেছে। মাথার চুল ধপধপে সাদা, মুখেও সাদা দাড়ি, লোকটির ভুরু দুটিও পাকা, লোকটি একটি লাল রঙের ধুতি মালকোঁচা দিয়ে পরে আছে। গায়ে একটা লাল রঙের চাদর। অন্য কোনো জারোয়া জামা কাপড় কিছুই পরে না। এই বুড়ো লোকটিকে জারোয়া বলে মনেও হয় না, গায়ের রঙ বেশ ফর্সা, মাথার চুলও কোঁকড়ানো নয়।' গাছের আড়াল থেকে সন্তু লক্ষ্য করেছিল এক সাহেবকে পুড়িয়ে মারা। জারোয়াদের বুড়ো রাজার নির্দেশে দ্বিতীয় সাহেবকে আগুনে ফেলার আগেই রিভলবার হাতে উপস্থিত হতে দেখা গেল কাকাবাবুকে। কাকাবাবুর প্রশ্নের উত্তরে বুড়ো রাজা বলেছেন – 'তোমাকে কে বলেছে, এই জারোয়ারা অসভ্য' আর এই সাহেবরা কিংবা তোমরা সভ্য? তোমাদের আমি ঘৃণা করি।'

বুড়ো রাজা আঘাত করে কাকাবাবুর হাত থেকে ফেলে দিলেন রিভলবার, কাকাবাবুকে গম্ভীর গলায় বললেন – 'তোমাদের সব কটাকে আমি এক্ষুণি যমের বাড়ি পাঠাব! আমরা জারোয়ারা এখানে জঙ্গলের মধ্যে আপন মনে থাকি। আমরা কারুর কোন ক্ষতি করি না, তোমরা কেন আমাদের বিরক্ত করতে আস?'

বুড়ো রাজার বিশ্বাস সাহেবরা এবং কাকাবাবু চুরি করতে এসেছে

যে পাথর থেকে আগুন বেরোচ্ছে, সেটা। কাকাবাবুর বিপদে বেরিয়ে এল সন্তু। বুড়ো রাজাকে বোঝানোর চেষ্টা করল তাদের এখানে আসার কোন খারাপ উদ্দেশ্য নেই। তাছাড়া কাকাবাবু একজন পন্ডিত লোক। জারোয়াদের বুড়ো রাজা বাংলায় কথা বলছেন, কাকাবাবু বুঝতে পেরেছিলেন জারোয়াদের বুড়ো রাজাই বহু বছর আগে আন্দামানের জেল থেকে পালানো বিপ্লবী গুণদা তালুকদার। গুণদা তালুকদার কাকাবাবু ও সন্তুর কাছ থেকে জানলেন স্বাধীন ভারতবর্ষের কথা। কাকাবাবুর কাছে বুড়ো রাজার প্রশ্ন ছিল – '.....গুণদা তালুকদারকে এখনো লোকে মনে রেখেছে?' কাকাবাবু বলেছিলেন – 'নিশ্চয়ই! আপনার ছবি ছাপা হয়েছে কতবইতে। অবশ্য সে ছবি দেখে এখন আপনাকে চেনা যায় না। আপনার জন্মদিনে উৎসব হয় অনেক জায়গায়।'

গুণদা তালুকদার জানালেন, তার সঙ্গে বাইরের কোন লোকের কথাই হয়নি গত পঞ্চাশ-ষাট বছর। বিপ্লবী গুণদা তালুকদার, আজকের জারোয়াদের বুড়ো রাজা জানিয়েছিলেন – 'আমি একটা ছোট ভেলা নিয়ে সমুদ্রে ভেসে পড়েছিলাম, ঝড়ে সেই ভেলা উল্টে গেল। আমি মরেই যেতাম। অজ্ঞান অবস্থায় ভাসতে ভাসতে এই দ্বীপে এসে ঠেকেছিলাম। আমাকে এরা মারেনি কেন জানি না । তখনো আমার একহাতে হাতকড়া ঝুলছিল। এরা মোটেই হিংস্র নয়। এদের যদি কেউ বিরক্ত না করে, এরা কখনো অন্য মানুষকে মারে না। এরা আমাকে খাইয়ে দাইয়ে সুস্থ করে তুলেছিল। সে কতকাল আগের কথা।' কাকাবাবুর কাছ থেকে জারোয়াদের সভ্য করে তোলার কথায় , উত্তেজিত হয়ে পড়েছিলেন জারোয়াদের বুড়ো রাজা। বলে ওঠেন – 'চুপ, ও কথা বলো না! সভ্য মানে কী? তোমরা সভ্য আর এরা অসভ্য? এখানে কেউ চুরি করে না, মিথ্যে কথা বলে না। এখানে সবাই খাবার একসঙ্গে ভাগ করে খায়। এখানে কোনো রোগ নেই। এর থেকে বেশি সুখ মানুষ আর কী চায়? আমি এদের বারণ করেছি তোমাদের মতনসভ্য লোকেদের সঙ্গে মিশতে। তোমরা এদের নষ্ট করে দেবে।'

গুণদা তালুকদার বিশ্বাস করেন এরা তথাকথিত সভ্যদের চেয়ে অনেক বেশি সভ্য, কাকাবাবুর দিকে গুণদা তালুকদার প্রশ্ন ছুঁড়ে দেন – 'তোমরা কেন জারোয়াদের ওপর অত্যাচার করতে আস?' তাছাড়া বুড়ো রাজা ভেবেছিলেন আগুন-জ্বলা পাথরটার ওপর কাকাবাবুরও নিশ্চয়ই লোভ আছে।

কাকাবাবু বলেন – 'ওটার কথা আমি জানতামই না , তবে আন্দাজ করেছিলাম, এরকম একটা মহা-মূল্যবান জিনিস এখানে আছে। সাহেবরা আগেই টের পেয়েছে নিশ্চয়ই।' গুণদা তালুকদা্রের প্রশ্নের

উত্তরে কাকাবাবু বলেছিলেন আগুন-জ্বলা পাথরটা নিশ্চয়ই উল্কা অথবা তা 'অন্য গ্রহের ভাঙা টুকরো।' এটা জ্বলছে বহু বছর ধরে। আমাদের পৃথিবীতে নেই এমন কোন ধাতু, যা নিশ্চিত ভাবেই রয়েছে এটার মধ্যে। আর সাংঘাতিক দাম হবে সেই নতুন ধাতু আবিষ্কৃত হলে, হৈ – চৈ পড়ে যাবে পৃথিবীর বৈজ্ঞানিক মহলে। গুণদা তালুকদারের প্রশ্ন ছিল, সভ্য মানুষ কেন চুরি করতে চায় 'প্রকৃতির দান' , জারোয়াদের সেই আগুন। গুণদা বলেন, তিনি কাকাবাবুদের ছেড়ে দিতে পারেন এই আগুনের কথা কখনও কাউকে না বলার শর্তে। কাকাবাবু বলেন, তিনি তাদের সঙ্গে স্বাধীন দেশে নিয়ে যেতে চান বিপ্লবী গুণদা তালুকদারকে ।

এর মধ্যে জারোয়াদের দ্বীপে হেলিকপটারে করে উপস্থিত হলেন পরেশ দাশগুপ্ত ,হোম সেক্রেটারি কৌশিক ভার্মা, পুলিশের এস. পি. মিঃ সিং , চারজন সৈন্য এবং 'ধপধপে সাদা দাড়িওয়ালা' শিখ প্রীতম সিং। বন্দী করা হল সাহেবগুলোকে।

সন্তুর একান্ত অনুরোধে গুণদা তালুকদার কয়েকদিনের জন্য জারোয়াদের দ্বীপ থেকে আসতে রাজী হন। সন্তুকে জড়িয়ে ধরেতিনি কেঁদেও ফেলেন। বুড়ো রাজার মনে পড়ে যায় নিজের ছোট ভাইয়ের কথা । অনেক বছর আগে জেলে আসার সময় সে ছিল সন্তুরই সমবয়সী। বুড়ো রাজা কাকাবাবুদের দিয়ে প্রতিজ্ঞা করিয়ে নেন , জারোয়াদের কেউ ক্ষতি করবে না, তাদের দ্বীপে কেউ আসবে না, নিয়ে যাবার চেষ্টা করবে না জারোয়াদের পবিত্র আগুন, আর নিজেরা যেরকম চায় সেভাবেই জারোয়াদের থাকতে দিতে হবে।

হেলিকপটারেতোলা হল বুড়ো রাজাকে। বোঝা যায় একদা বিপ্লবী গুণদা তালুকদার জারোয়াদের হৃদয়ে কতখানি জায়গা করে নিয়েছেন, প্রকৃতপক্ষে তিনি হয়ে উঠেছেন সবুজ দ্বীপের রাজা। দেখা যায় আবেগ – শ্রদ্ধা – ভালোবাসার কি অপরূপ প্রকাশ। হেলিকপটারে তোলার সময় প্রতিটি জারোয়া একটা অদ্ভুত করুণ শব্দ করতে লাগল মাটিতে মুখ গুঁজে। এটা ওদের কান্না, এ সময় ওরা কাউকে মুখ দেখায় না। বুড়ো রাজাকে ছুটে এসে জড়িয়ে ধরল কয়েকটি জারোয়া মেয়ে , তারা কিছুতেই ওঁকে যেতে দিতে চায় না, বোঝাতে গিয়ে জল পড়ল বুড়ো রাজার চোখ দিয়েও । মাটিতে মুখ গোঁজা প্রত্যেক জারোয়ার গায়ে হাত দিয়ে তিনি কথা দিলেন, ফিরে আসবেন কয়েক দিনের মধ্যে। অবাক হোম সেক্রেটারি কৌশিক ভার্মা। মানুষ যে মানুষের হৃদয়ে কতখানি জায়গা করে নিতে পারে তা তিনি ভাবতেও পারেন নি।

হেলিকপটার আকাশে যখন উড়ল তখন জারোয়ারা উঠে দাঁড়িয়ে

একসঙ্গে দুহাত তুলে করে উঠল চিৎকার, তাদের দিকে হাত নাড়তে লাগলেন বুড়ো রাজা।

অল্প সময় লাগল পোর্টব্লেয়ারে পৌঁছতে। বুড়ো রাজা আকাশ থেকে একদৃষ্টে চেয়ে রইলেন 'ব্রিটিশ আমলের কুখ্যাত সেলুলার জেলের দিকে।' যেটা তখনও পোর্টব্লেয়ারের বাড়িগুলোর মধ্যে সবচেয়ে উঁচু, যে সেলুলার জেল থেকে একদিন তিনি পালিয়েছিলেন – 'আজ সত্যিই সেখানে রাজার মতন ফিরে আসছেন।' বিশেষ বিমানে কলকাতায় পৌঁছলেন বুড়ো রাজা । বিমান বন্দরে ধ্বনি উঠল – 'গুণদা তালুকদার জিন্দাবাদ।'

বিমান বন্দর থেকে বেরিয়ে ভি. আই. পি. রোড , কাঁকুড়গাছি, মানিকতলা পেরিয়ে বিবেকানন্দ রোড দিয়ে গাড়ি যখন ছুটছে তখন অসুস্থ হয়ে পড়লেন বুড়ো রাজা। ডাক্তারের চিকিৎসায় বুড়ো রাজার সাময়িক জ্ঞান ফিরল, বুড়ো রাজা তখনই তাকে ফিরিয়ে নিয়ে যাওয়ার কথা বললেন। হাঁপাতে হাঁপাতে তিনি বললেন – '..... তোমাদের এখানে আমি নিঃশ্বাস নিতে পারছি না। এখানকার বাতাস এত খারাপ , এখানে এত শব্দ, এত মানুষ, এত বাড়ী ..... আমার সহ্য হচ্ছে না' ..... রাস্তা দিয়ে আসতে আসতে দেখলাম মানুষ ভিক্ষে করছে, রোগা রোগা ছেলে, না না, আমাকে ফিরিয়ে নিয়ে চলো ....' । অনেক কষ্টে ফিসফিস করে বুড়ো রাজা জানালেন আর পারছেন না , তার কষ্ট হচ্ছে নিঃশ্বাস নিতে, বাতাসে এত ধুলো তিনি সহ্য করতে পারছেন না, শব্দ তাকে কষ্ট দিচ্ছে।

জোর করে উঠে দাঁড়াতে গিয়ে তিনি পড়ে গেলেন। মৃত্যুর ঠিক আগে সবুজ দ্বীপের রাজা খুব ধীরে ধীরে নিজের মনে বলেছিলেন – 'আমি কেন এলাম! কত ভালো জায়গায় ছিলাম আমি .... সেখানে বাতাস কত টাটকা .... পাখির ডাক, গাছের পাতার শব্দ, আর ঝর্নার জলের শব্দ ছাড়া কোনো শব্দ নেই, সেখানে কেউ ভিক্ষে করে না, সেখানে কত শান্তি , সেই তো আমার স্বর্গ! কেন এলাম, আমাকে নিয়ে চলো। .... এক্ষুণি এক্ষুণি .... আমি যাব .... আঃ।' এরপরেই স্তব্ধ হয়ে যায় 'সবুজ দ্বীপের রাজা'র কণ্ঠস্বর । কাকাবাবুর চোখে সন্তু জীবনে প্রথম দেখল জল, কান্না ঝরে পড়ে সন্তুর চোখ থেকে, সে নিজেকে সামলাতে পারে না।

'সবুজ দ্বীপের রাজা' উপন্যাসে লেখক সুনীল গঙ্গোপাধ্যায় কোলাহল মুখরিত, লোভ-লালসায় পূর্ণ তথাকথিত সভ্য জগৎথেকে অনেক দূরের স্বপ্ন – রাজ্য আন্দামান দ্বীপপুঞ্জকে, তার ভূমির সন্তানদের যাবতীয় সমস্যাসহ চিত্রিত করেছেন। আন্দামানের অসহায়তা ও বিপন্নতা এক চিরকালীন সত্য, সভ্য-বিশ্বের লোভ – লালসার কাছে। তাই শুধু কিশোর অ্যা ডভেঞ্চার কাহিনিই নয়, সভ্যতার উপদ্রব আর শক্তিতে

বিপন্ন অসহায় মানুষের ট্র্যাজেডি ছড়িয়ে রয়েছে 'সবুজ দ্বীপের রাজা' উপন্যাসে। ইতিহাসও যে এখানে বলেছে নিজেরই কথা।

'সবুজ দ্বীপের রাজা' উপন্যাসের বিষয়বস্তুর কেন্দ্রভূমিতে রয়েছে জারোয়া অধ্যুষিত সবুজ দ্বীপ, জারোয়ারা নিজেদের মতো করেই বাঁচত। তাদের জীবনে ছিল না কোন অশান্তি, তথাকথিত সভ্য সমাজের সঙ্গে তারা সংযোগ রাখতে চায় নি । এর মূলেও রয়েছে রাজার নির্দেশ। রাজার নির্দেশেই তারা প্রতিরোধ করত আক্রমণকারী বিদেশী শত্রুদের। এই রাজার কথা তারা বাইরের কাউকেই জানায় নি , যা অবাক করে দিয়েছিল প্রীতম সিংকেও । তাকে পর্যন্ত জারোয়ারা জানতে দেয়নি যে তাদের রয়েছেন একজন বাঙালি রাজা। এই বাঙালি রাজা, আন্দামানের সেলুলার জেল থেকে পালানো বিপ্লবী গুণদা তালুকদার , পৌঁছে ছিলেন জারোয়াদের দ্বীপে , সেখানে তিনি পেয়েছিলেন অন্যরকম পৃথিবীর সন্ধান। সেখানকার মানুষদের তার মনে হয়েছিল উন্নততর ----------স্বাধীনতা , সমানাধিকার, মুক্ত জীবনধারণা প্রভৃতি নানা দিক থেকেই। শান্তিময় , সুখী , মানবতার আলোয় উদ্ভাসিত, তথাকথিত সভ্যজগৎ থেকে দূরে দ্বীপাঞ্চলের অরণ্যভূমিতে এমন মানুষগুলি ও তাদের সুন্দর সরল জীবনের সন্ধান তিনি পেয়েছিলেন – যেখানে তিনিই হয়ে উঠতে পেরেছিলেন প্রকৃতই রাজা।

জারোয়া অধ্যুষিত দ্বীপে একটি বিশেষ রহস্যের – উন্মোচনে সন্তুকে নিয়ে কাকাবাবুর যাওয়া। বিভিন্ন ঘটনার মধ্যে দিয়ে এগিয়ে চলে এর কাহিনি, যা পাঠককে শুরু থেকে শেষ না হওয়া পর্যন্ত আকৃষ্ট করে রাখে। সন্তু করেছে কাকাবাবুকে সুযোগ্য সঙ্গদান। পাঠক পায় এক অসাধারণ কাহিনি, যার মধ্যে মিশে থাকে শ্বাসরুদ্ধকর উত্তেজনা, রোমাঞ্চ আর রহস্য। পাঠকের মানসলোকে যেন উদ্ভাসিত হয়ে ওঠে এই দুর্ধর্ষ অভিযান, রহস্যের কিভাবে গ্রন্থিমোচন হল তা, জারোয়াদের জীবন – ছবি, তাদের বুড়ো রাজার কথা আর প্রকৃতির অপরূপ সৌন্দর্যের ছবি। উপন্যাসে দেখি কাকাবাবুর বিচক্ষণতা – বুদ্ধিমত্তা সঙ্গে কিশোর সন্তুর সাহস, সহৃদয়তা।

এক চিরন্তন সত্য হিসেবেই দেখা দেয় তথাকথিত সভ্য পৃথিবীর লোভ-লালসার কাছে আন্দামানের এই অসহায়তা, সঙ্কটাপন্ন অবস্থা। ক্রমশ কমছে আদিম জন জাতির সংখ্যা। আন্দামানের আবহমানকালের ইতিহাস যা বলে চলে, সে সত্যই উচ্চারিত হয় গুণদা তালুকদারের কণ্ঠেও ---------- নিজের অঞ্চলে, নিজেদের মতো জীবনযাপন করে চলা জারোয়াদের ক্ষতি, সভ্য মানুষদের আর তাদের লোভের সংস্পর্শে এলে। সবুজ দ্বীপের বুড়ো রাজা , সেলুলার জেল থেকে পালানো বিপ্লবী গুণদা

তালুকদার গীতা আর হাতকড়া নিয়ে পৌঁছেছিলেন জারোয়াদের দ্বীপে, খোঁজ পেয়েছিলেন অন্য এক পৃথিবীর। সব দিক থেকেই সেখানকার মানুষকে , তাদের জীবনকে , তাদের স্বাধীনতাকে, আর সব কিছুতেই সমান – অধিকারকে, অনেক বেশি আকাঙ্ক্ষিত বলে মনে হয়েছিল তাঁর। গুণদা তালুকদারকে তৃপ্ত করেছিল দ্বীপের অধিবাসীদের স্বতন্ত্র আর সুখী জীবন।

সেখানকার আদিবাসীদের মনে স্থান পেয়েছিলেন রাজারই মতো, দীর্ঘকাল ধরে সবুজদ্বীপের অপরূপ প্রাকৃতিক পরিবেশে জীবন – কাটানো রাজা শরীর ও মনে অসুস্থ হয়ে পড়েন শহরের বিষাক্ত বাতাস, অভাবী মানুষের রূপ, আর শব্দ – যন্ত্রণায় , যেখানে তিনি তো ছিলেন হিংসাশূন্য, লোভশূন্য সবুজ দ্বীপের শান্ত পরিবেশে প্রকৃতই রাজা হয়ে। সবুজ দ্বীপের রাজার মৃত্যু শুধু কাকাবাবু বা সন্তুর চোখেই জল আনে না, আনে পাঠকের চোখেও। সুনীল গঙ্গোপাধ্যায় দেশ স্বাধীন হবার তিন দশকের মাঝেই স্বাধীন দেশের প্রকৃত রূপটিকে কিশোর উপন্যাস 'সবুজ দ্বীপের রাজা'য় ফুটিয়ে তোলেন, মৃত্যুদৃশ্যের মধ্যে দিয়ে প্রতীকায়িত করে তোলেন স্বপ্নভঙ্গের ব্যর্থতার অনুষঙ্গকে। একদা জেল – পালানো বিপ্লবী, স্বপ্ন দেখা আদর্শবাদী গুণদা তালুকদারের কাছে গাড়ি থেকে রাস্তায় দেখতে পাওয়া ভিক্ষে করা মানুষ, রোগা ছেলে মূল্যহীন করে তোলে স্বাধীনতাকে।

স্বাধীনতা সংগ্রামী, জেল পালানো বিপ্লবী গুণদা তালুকদার যথার্থই হয়ে উঠেছিলেন সবুজ দ্বীপের রাজা, জারোয়াদের হৃদয়ে তাদের বুড়ো রাজার অম্লান প্রতিষ্ঠা।

* 'সবুজ দ্বীপের রাজা' : সুনীল গঙ্গোপাধ্যায়, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা – ৭০০০০৯।

সহায়ক গ্রন্থপঞ্জি

১। 'ভূমিকা', কাকাবাবু সমগ্র ১, সুনীল গঙ্গোপাধ্যায়, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা।
২। ঐ ।

সাংখ্য ও যোগ সম্প্রদায়ের আধিবিদ্যক আলোচনায় ঈশ্বরের ভুমিকা ; একটি সংক্ষিপ্ত পর্য্যালোচনা

দেবেশ মুদি

অনাদি কাল থেকে বর্তমান কাল পর্যন্ত অধিবিদ্যামূলক সমস্যাগুলিকে কেন্দ্র করে বহুল চর্চা হয়েছে বা হয়ে চলেছে। তার মধ্যে অন্যতম আধিবিদ্যক সমস্যা হল- ঈস্বর কেন্দ্রিক সমস্যা। এই সমস্যা যে কেবলমাত্র ভারতীয় দর্শনে আলোচনা হয়েছে বা হচ্ছে, তা নয়, প্রাশ্চাত্য দর্শনেও এরূপ সমস্যাকে কেন্দ্র করে বিস্তৃত আলোচনা হয়েছে বা হচ্ছে। দার্শনিকগণ ঈস্বর স্বীকারের পক্ষে ও বিপক্ষে যুক্তি দেন। সাধারনত যাঁরা ঈস্বরে বিশ্বাস করেন, তাঁরা নাস্তিক। কিন্তু ভারতীয় চিন্তাভাবনায় 'নাস্তিক' শব্দটি দুটি অর্থে ব্যবহৃত হয়েছে। প্রথমত, যাঁরা বেদ এ বিশ্বাস করেন না, তাঁরা হলেন নাস্তিক। যেমন – চার্বাক, বৌদ্ধ, জৈন সম্প্রদায়। দ্বিতীয়ত, যাঁরা ঈশ্বরে অস্তিত্বে অস্বীকার করেন, তাঁরা হলেন নাস্তিক। যেমন – চার্বাক, জৈন, বৌদ্ধ ও মীমাংসা সম্প্রদায়। তবে অনেক দার্শনিকই সাংখ্য সম্প্রদায়কে নিরীশ্বররূপেই গণ্য করেন।

এখন প্রশ্ন হল, আমরা ঈশ্বরে বিশ্বাস করি কেন ? সাধারণ দৃষ্টি ভঙ্গিতে আমরা ঈশ্বরকে পাপের প্রায়শ্চিত্তরুপে, পূর্ণ, অসীম ও সর্বজ্ঞ শক্তির অধিষ্ঠাত্রীরূপে আরাধনা, উপাসনা ও বিশ্বাস করি। কিন্তু, দার্শনিক দৃষ্টিভঙ্গিতে আমরা ঈস্বরকে মূলত দুটি কারণে স্বীকার করি – প্রথমত, জগৎ সৃষ্টির নিমিত্তকারণরূপে। দ্বিতীয়ত, মোক্ষলাভের উদ্দেশ্য। তবে, এ প্রসঙ্গে 'ন্যায়কুসুমাঞ্জলি' গ্রন্থে উদয়নাচার্য বলেন -ন্যায়াদি দর্শনে মূলত তিনটি দৃষ্টিতে ঈস্বরের অস্তিত্ব স্বীকৃত। জগতের নির্মাতারূপে, জীবাত্মার কর্মানুসারে ফলদাতা অথবা ধর্মধর্মীরূপে, অদৃষ্টের অধিষ্ঠাত্রীরূপে এবং সৃষ্টির প্রারম্ভে ঈশ্বরীয় জ্ঞান উপদেষ্টারূপে। এ সবেতেই মুখ্য ঈশ্বর সাধক হেতু জগৎ করণত্ব ও অদৃষ্টাধিষ্ঠাতৃত্ব।, এই দৃষ্টিভঙ্গির পরিপ্রেক্ষিতে যোগ দর্শন কি আদৌ ঈশ্বর স্বীকৃত হয়েছে ? যোগদর্শনকে সেশ্বর সাংখ্য বলে অভিহিত করা হয়, তা কোন দৃষ্টিকোণ থেকে বলা হয় ? উপরোক্ত দৃষ্টিভঙ্গিতে সাংখ্য দর্শনের ঈশ্বর স্বীকারের আবশ্যিকতা আছে কি ? যদি সাংখ্য দর্শনে ঈস্বর স্বীকার করা হয়, তাহলে কোন দৃষ্টিভঙ্গিতে স্বীকৃত ? সাংখ্য দর্শনেরে সূত্রকার মহর্ষি কপিল কি প্রকৃতই নিরীশ্বরবাদী ছিলেন ?

ঈশ্বরের স্বীকারের পক্ষে ও বিপক্ষে ভারতীয় ও প্রাশ্চাত্য দর্শনের ভিন্ন ভিন্ন সম্প্রদায়ে ভিন্ন ভিন্ন যুক্তি উপস্থাপন করা হয়েছে। এখানে

মূলতঃ ঈস্বরের অস্তিত্বের পক্ষে ও বিপক্ষে ন্যায়-বৈশেষিক ও সাংখ্য – যোগ দর্শনের যুক্তিগুলি উত্থাপিত করে তার ভিত্তিতে উপরি উক্ত প্রশ্নগুলির সম্ভাব্য সমাধানের প্রচেষ্টা করব।

ন্যায় মতে, ঈশ্বর জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের কারণ। তিনি নিত্য, অনন্ত এবং আত্মস্বরূপ। এই জগৎ শূন্য থেকে সৃষ্টি হয়নি। ঈশ্বর নিত্য পরমাণু, দেশ, কাল, আকাশ, মন ও আত্মা এই সুন্দর জগৎ রচনা করেছেন। এই সকল পদার্থ ঈশ্বরের ন্যায় পূর্ব্ব থেকে বিদ্যমান ছিল। তিনি তাদেরকে জগৎরূপে সাজিয়েছেন মাত্র । তাঁর রচনা কৌশল এমন অদ্ভুত যে, এই জগতের জীব মাত্রেই আপন কর্মানুযায়ী সুখ এবং দুঃখ ভোগ করে থাকে। তাঁরই বিধানে কর্তব্যজ্ঞান সম্পন্ন মনুষ্যজাতি ইতর প্রাণী শ্রেষ্ঠ স্থান অধিকার করেছে। জাগতিক বস্তু সমূহেও মানুষের বিচার বুদ্ধি সাধক মানুষের আধ্যাত্মিক উন্নতির সহায় হয়ে এসেছে। এই মতে ঈশ্বর জগতের নিমিত্তকারণ, উপাদান কারণ নয়। ঈশ্বর শুধু স্রষ্ঠা নয়, তিনি এই জগতের রক্ষাকর্তাও বটে। জগৎ তাঁর ইচ্ছাতেই বর্তমান আছে। আবার অধর্মের প্রাবল্য উপস্থিত হলে তাঁর ইচ্ছায় জগৎ বিনষ্ট হয়ে যাবে। ঈশ্বরকে অনন্ত ও নিত্য বলার কারণ এই, দেশ, কাল, মন এবং জীবাত্মা তাঁর কোন বাধা জন্মাতে পারে না। দেহের সাথে দেহীর যেমন সম্বন্ধ, তাদের সহিত ঈশ্বরের সম্বন্ধ সেইরূপ। ঈশ্বর সর্বশক্তিমান হলেও সৃষ্টিকালে যথেচ্ছভাবে তিনি সৃষ্টি করতে পারেন না। কারণ, জীবের পূর্ব জন্মার্জিত ধর্মাধর্মা এবং পাপ-পুণ্য অনুসারেই ভোগ্য জগতের সৃষ্টি করতে হয়। ঈশ্বরকে কৃতজ্ঞ বলার কারণ এই যে, সকল বিষয় এবং সকল ব্যাপারেই তাঁর প্রকৃত জ্ঞান আছে। তিনি নিত্য জ্ঞান সম্পন্ন । কিন্তু তাঁর স্বরূপ নয়। তিনি ষড়ৈশ্বর্যবান বলে তাকে ভগবানও বলা হয়ে থাকে। ঈশ্বর কেবল সৃষ্টি কর্তাই নয়, তিনি জীবগণের কর্মেরও নিয়ন্তা। ন্যায় মতে কোন প্রাণীই সম্পূর্ণ স্বাধীন নয়। এমনকি মনুষ্যের স্বাধীনতাও সীমাবদ্ধ। মানুষ ঈশ্বর কর্তৃক চালিত হয়ে থাকে, যেমন কোন বিচক্ষণ অভিভাবক তাঁর অধীনস্থ বালকের কর্ম এবং যোগ্যতানুসারে তাকে বিশেষ বিশেষ কার্য্যে নিযুক্ত করে কল্যানের পথে প্রেরণ করেন। ফলতঃ মনুষ্যেরা তাদের আপন আপন কার্য্যের প্রযোজ্য কর্তামাত্র। ঈশ্বরই তাদের কার্যের প্রযোজক কর্তা। ঈশ্বর পাপ-পুন্যের ফলদাতা।২ তিনি নিরপেক্ষ বিচারক, সকল ব্যাপারের চূড়ান্ত মীমাংসক।

ন্যায়-বৈশেষিক মতে ঈশ্বরের অস্তিত্বের নানা প্রমাণ দেওয়া হয়েছে। প্রথমত, ঈশ্বরকে জগতের নিমিত্ত কারণরূপে গণ্য করেন। ন্যায়-বৈশেষিক দর্শনের জগৎ সৃষ্টির তত্ত্বটি কার্য কারণের ওপর প্রতিষ্ঠিত। কার্য-কারণ প্রসঙ্গে তাঁদের মতবাদকে বলা হয় আরম্ভবাদ। তাঁরা বলেন-

কার্যটি তার উপাদান কারণে বিদ্যমান থাকে না, কার্যটি হল নতুন, সৃষ্টি বা আরম্ভ হয়। কার্য-কারণ নিয়মানুযায়ী প্রতি কার্য পদার্থেরই একটি কারণ আছে। বিচিত্র বস্তু সমন্বিত এই জগতে যাবতীয় পদার্থ, যেমন- সূর্য, চন্দ্র, গ্রহ, নক্ষত্র প্রভৃতি পরমাণু সংযোগের ফলেই উদ্ভূত। এগুলি হল কার্য। যেহেতু, এগুলি অংশের সমষ্টি বা সাবয়ব। এগুলির অবান্তর মহত্ত্ব বা সীমিত পরিসর আছে। এদের নিশ্চয়ই কোন কারণ আছে। কারণ দু প্রকার , যথা- নিমিত্ত কারণ ও উপাদান কারণ। যেমন- ঘট হল কার্য, এর উপাদান কারণ হল মাটি এবং নিমিত্ত কারণ হল কুম্ভকার। অনুরূওভাবে জগতের যাবতীয় পদার্থের উপাদান কারণ যদি ক্ষিতি, অপ, তেজ ও মরুৎ প্রভৃতির পরমাণু হয়, এদের নিমিত্ত কারণ কে বা কর্তা কে? এই সব বস্তুর উপাদান কারণগুলি নিজে নিজে সংযুক্ত হতে পারে না।যদি কোন কর্তা, এই সব উপাদান কারণগুলির মধ্যে সংযোগ সাধন না করতে পারে, তাহলে আমরা এই সব সৃষ্ট বস্তুর মধ্যে যে সামঞ্জস্য, শৃঙ্খলা, সুক্ষ্ম কলা কৌশল লক্ষ্য করি, তা কখনো সম্ভব হত না। এরুপ অনুমান করা যেতে পারে যে, এমন কোন কর্তা আছে, যার জ্ঞান, চিকীর্ষা ও কৃতি আছে। সুতরাং, সেই কর্তা অবশ্যই ঈশ্বর হবেন।

দ্বিতীয়ত, ঈশ্বর অদৃষ্টের নিয়ন্তা। এই জগতে সকলের অবস্থা সমান নয়-যেমন, কেউ সুখী, কেউ দুঃখী, কেউ বুদ্ধিমান আবার কেউ বা মূর্খ। কিন্তু এই বৈষম্যের কারণ কি? আমরা দেখতে পাই যে, মানুষ কর্মানুসারে ফল ভোগ করে থাকে। কার্য মাত্রই উপযুক্ত কারণের অধীন। সুতরাং, এক ব্যক্তির সুখ ও অপর ব্যক্তির দুঃখের নিশ্চয়ই কোন কারণ আছে। প্রশ্ন হতে পারে যে, পূর্বে যে কর্ম করা হল, তার ফল যদি তৎক্ষণাৎ কেউ না পায়, তবে ভবিষ্যতের জন্য কিরুপে সঞ্চিত থাকতে পারে? এর উত্তরে নৈয়ায়িকরা বলেন যে, সকল কর্মের ফল ইহ জন্মে দেখা না গেলেও তা একেবারে নষ্ট হয়ে যায় না, সংসারে এমন অনেক লোক দেখা যায় যারা অন্যায় কর্ম করেও সুখে দিন যাপন করে। আবার অনেক ধার্মিক ব্যক্তি আছেন, যাদের নিরন্ত্র কষ্ট ভোগ করতে দেখা যায়। কিন্তু, সুকর্মের ও কুকর্মের বিহিত ফল অবশ্যম্ভাবী। ন্যায় মতে, সুকর্মের ফল পুণ্য ও কুকর্মের ফল পাপ। কর্ম শেষ হয়ে গেলেও তজ্জনিত পাপ-পুণ্য আত্মায় অবস্থান করে। এই সঞ্চিত পাপ-পুণ্যের নামই অদৃষ্ট। তা ভবিষ্যত সুখ-দুঃখের মূল স্বরূপ। কোন ব্যক্তির বর্তমান সুখ-দুঃখ ভোগ তা অদৃষ্টেরই ফল। পুনরায় প্রশ্ন হতে পারে যে, এই অদৃষ্ট কি চেতন না অচেতন? নৈয়ায়িকরা অবশ্যই স্বীকার করেন যে, অদৃষ্ট একটি অচেতন বস্তু। কিন্তু এই অচেতন বস্তু কি প্রকারে জীবের কর্মানুসারে সুখ-দুঃখ ভোগের ব্যবস্থা করতে পারে? নৈয়ায়িকরা এই সমস্যা সমাধানের জন্য

ঈশ্বরের স্মরণাপন্ন হন; তাঁদের মতে অদৃষ্ট ঈশ্বরের বুদ্ধি দ্বারা চালিত হয়ে জীবের কর্মফল প্রদান করে থাকে। অর্থাৎ অদৃষ্টের নিয়ন্তা হিসাবে ঈশ্বরের অস্তিত্ব অবশ্য স্বীকার্য্য।

এ প্রসঙ্গে উদয়ানাচার্য তাঁর 'ন্যায়কুসুমাঞ্জলি' গ্রন্থে বলেন-

কার্য্যায়োজন ধৃত্যাদেঃ পদাৎ প্রত্যয়তঃ শ্রুতেঃ
বাক্যাৎ সংখ্যাবিশেষচ্চ সাধ্যোবিশ্ববিদ্ অব্যয়ঃ ।

অর্থাৎ পৃথিব্যাদি কার্য হওয়ায় সকর্তৃক ঘটের ন্যায়। সকর্তৃকত্ব বলতে বোঝায় উপাদান গোচর অপরোক্ষ জ্ঞান, চিকীর্ষা ও কৃতিযুক্ত। তা থেকে উৎপন্ন বস্তুই সকর্তৃক। এই কার্যত্ব হেতুওনুমান থেকে ক্ষিত্যাদির কর্তারূপে ঈশ্বরের সিদ্ধি হয়। সৃষ্টির আদিতে পরমাণুদ্বয়ের সংযোগ জনক কর্ম থেকে আয়োজন। তার আশ্রয় অনুমান্টি হল- সৃষ্টির আদিকালে দ্ব্যণুক উৎপন্নকারী পরমাণুদ্বয় সংযোগকারক কর্ম আমাদের শরীর ক্রিয়ার কর্ম হলে চেতন প্রযত্ন পূর্বক। তৃতীয় হেতু, ধৃতি অর্থাৎ ধারণ। এর আশ্রয় অনুমানটি এরূপ- ব্রহ্মাণ্ডাদি ধৃতিমান হলে পতনের প্রতিবন্ধ যে প্রযত্ন তাতে অধিষ্ঠিত আকাশে পক্ষী দ্বারা ধারণ করা হয়েছে যে, কাঠ তার সমান। ধৃতির অর্থ গুরুত্বযুক্ত পতনের অভাব। ব্রহ্মাণ্ডাদি বিনাশী হওয়ায় পাট্যমান বস্ত্রের সমা্। প্রযত্নবান কোন চেতন থেকে কোন বিনাশ্য। চতুর্থ হেতু 'পদাৎ' যার অর্থ 'পদ্যতে জ্ঞায়তে অনেন ইতি পদম'। তার আশ্রয় অনুমানটি হল- ঘটাদি সম্প্রদায় স্বতন্ত্র পুরুষ থেকে প্রযোজ্য আধুনিক লিপি শিক্ষাদির সমান, ব্যবহাররূপ হওয়ায়। পঞ্চম হেতু 'প্রত্যয়তঃ' অর্থ হল 'প্রামাণাৎ', বেদজ্ঞান প্রমা হওয়ায় প্রত্যাশাদি প্রমার সমান, কারণ গুণজন্য। ষষ্ঠ হেতু 'শ্রুতেঃ' অর্থাৎ বেদাৎ। এর আশ্রয় অনুমানটি হল- বেদ পৌরুষেয়, কারণ, আয়ুর্বেদের সমান অথবা বেদবাক্য পৌরুষেয়র বাক্য হওয়ায় আমাদের বাক্যের মত। অষ্টম হেতু 'সংখ্যাবিশেষৎ'- এই অনুসারে দ্ব্যণুকের পরিমাণ সংখ্যাজন্য পরিণাম ও প্রচয় থেকে জন্য না হলেও জন্য পরিমাণ। একই সময় পরিমাপের দুটি কপাল থেকে উৎপন্ন ঘটের পরিমাণ থেকে তা প্রকৃষ্ট সেই প্রকারের কপালদ্বয় থেকে উৎপন্ন ঘটের পরিমানের সমান।

অনু পরিমাণ দ্ব্যণুক পরিমা্ণের জনক হয় না। অনু নিত্য পরিমাণ হওয়ায় এই প্রকার সৃষ্টির আদিতে দ্ব্যণুকের পরিমাণের হেতুভূত পরমাণুদ্বয় স্থিত দ্বিত্ব সংখ্যা অস্মাদদির 'অপেক্ষাবুদ্ধি' জন্য নয়। এইজন্য সেই 'অপেক্ষাবুদ্ধি' ঈশ্বর অবশ্য স্বীকার্য।৩

যোগ দর্শনে সাংখ্য দর্শনের পঞ্চবিংশতি তত্ত্বের অতিরিক্ত একটি তত্ত্ব তথা ঈশ্বরকে স্বীকার করেন। যার ফলে যোগ দর্শনকে সেশ্বর সাংখ্য বলে অভিহিত করা হয়। যোগ দর্শনে মহর্ষি পতঞ্জলি ঈশ্বর প্রণিধানকে

সমাধি লাভের অন্যতম উপায়রূপে গণ্য করেন। যোগ সূত্রের সমাধিপাদে উল্লেখ ও নিরুপন করে বলা হয়েছে- ঈশ্বর প্রণিধানাৎ বা (যোগসূত্র ১/২৩) অর্থাৎ সমাধি ও তার ফল লাভের জন্য ঈশ্বর উপাসনা ও ঈশ্বরে সর্ব কর্ম সমার্পণ করা। পতঞ্জলি বর্ণিত সম্প্রজ্ঞাত সমাধি লাভের অন্যতম উপায় অষ্টাঙ্গিক যোগের একটি তথা দ্বিতীয় যোগাঙ্গ হল নিয়ম। ঈশ্বর প্রণিধান নিয়মেরই অন্তর্ভুক্ত। ঈশ্বরচিন্তা সমাধিলাভের সহায়ক হয়। তাছাড়া ঈশ্বরের ধারণাও বিষয় হতে পারে। পতঞ্জলি ঈশ্বরের সেই ব্যাবহারিক প্রয়োজন ছাড়া কোন তাত্ত্বিক প্রয়োজনের কথা বলেননি।

যোগশাস্ত্রে ঈশ্বরকে পুরুষ বিশেষ বলে অভিহিত করা হয়েছে। এ বিষয়ে পতঞ্জলি সমাধিপাদে বলেন "ক্লেশকর্মবিপাকশয়ৈর পরামৃষ্টঃ পুরুষ বিশেষ ঈশ্বর"। (যোগসূত্র ১/২৪) সাধারণ পুরুষের সাথে ঈশ্বরের পার্থক্য এই যে, সাধারণ পুরুষ অবিদ্যা, অস্মিতা, রাগ দ্বেষ ও অভিনিবেশ, পাপ ও পুণ্য, কর্মফল বা বিপাক এবং কর্মফল অনুযায়ী সংস্কারের অতীত নয়, কিন্তু ক্লেশ, কর্ম, বিপাক এবং আশয় ঈশ্বরকে স্পর্শ করতে পারে না। সাধারণ পুরুষ বহু কিন্তু পুরুষ বিশেষ বা ঈশ্বর এক ও অদ্বিতীয়। পুরুষ মুক্ত হলেও সাধারণ পুরুষের মতো ক্লেশাদির সাথে সম্পর্ক থাকে না। মুক্ত পুরুষের ক্লেশ প্রভৃতি মুক্তি বা কৈবল্য প্রাপ্তি পূর্বে ছিল, কিন্তু বর্তমানে নেই। কিন্তু ঈশ্বরের ক্ষেত্রে ক্লেশ প্রভৃতি কোন কালেই ছিল না। এজন্য তিনি মুক্ত পুরুষ থেকে সদা মুক্ত। বাচস্পতি মিশ্রের মতে জ্ঞান, ক্রিয়া, শক্তি প্রভৃতি সম্পদই ঈশ্বরের স্বরূপ বা ঐশ্বর্য। ঈশ্বরের ঐশ্বর্য সর্বাপ্রেক্ষা মহৎ। এই ঐশ্বর্য অসাম্য ও নিরতিশয়। এই ঐশ্বর্যের তুল্য অথবা তা অপেক্ষা উৎকৃষ্ট ঐশ্বর্য আর কারও থাকতে পারে না। তাই বলা যায়, কাষ্টাপ্রাপ্ত ঐশ্বর্যযুক্ত বিলক্ষণ পুরুষই ঈশ্বর। সুতরাং, ঈশ্বর নামক পুরুষ নিত্য, শুদ্ধ,বুদ্ধ, ও মুক্ত স্বভাব।৪

যোগ মতে পরম পুরুষ ঈশ্বর কিন্তু জগৎ স্রষ্টা নন। নৈতিক দিক থেকে জীবের অদৃষ্ট রক্ষনাবেক্ষণ এবং অদৃষ্ট অনুযায়ী প্রকৃতি বিবর্তনের জন্য ঈশ্বরকে প্রকৃতি-পুরুষ সংযোগের নিমিত্ত কারণ বলা হয়। কিন্তু, তিনি স্বয়ং জগৎ সৃষ্টি করেন না। যোগ মতে জগৎ সৃষ্টি ব্রহ্মার কাজ। শ্রুতিতে বলা হয়েছে দেবতাদের মধ্যে হিরণ্য গর্ভ ব্রহ্মা প্রথম উৎপন্ন হয়েছিলেন। তিনিই বিশ্বের কর্তা এবং ভুবনের পালয়িতা। স্মৃতিতে আছে, জগৎ স্রষ্টা ব্রহ্মা মুক্ত পুরুষ নন।, পরে তাঁর মুক্তি হয়। নিত্য মুক্ত ঈশ্বরের পক্ষে জগৎ তাই যুক্তি বিরুদ্ধ ও শাত্র বিরোধী। ঈশ্বরের উপদেশ অনুযায়ী ব্রহ্মা জগৎ সৃষতি করেন। যোগ মতে সৃষ্টিকালে ও কল্পান্তে ব্রহ্মাদি দেবগনের সৃষ্টি ও বিনাশ হয়। কিন্তু ঈশ্বর সৃষ্টি বিনাশ রহিত। তিনি কালের দ্বারা অবচ্ছিন্ন নন। তিনি শুধু সাধারণ জীবেরই

গুরু বা উপদেষ্টা নন, পূর্বাপূর্ব সৃষ্টি কর্তাদের কথা গুরুদেরও গুরু বা উপদেষ্টা।

মহর্ষি পতঞ্জলি পৃথকভাবে ঈশ্বরের অস্তিত্বের বিষয়ে কোন প্রমাণ দেননি। ঈশ্বর প্রণিধান প্রসঙ্গেই তিনি ঈশ্বরের লক্ষণ বা পরিচয় দিয়েছেন। এ প্রসঙ্গে যোগসূত্রের সমাধিপাদে তিনি বলেন- 'তত্র নিরতিশয়ঁ সর্বজ্ঞ বীজম্'(যোগসূত্র ১/২৫) অর্থাৎ ঈশ্বরই সর্বজ্ঞবীজ নিরতিশ্যত্ব প্রপ্ত হয়েছে।৫

পরবর্তীকালে এই সূত্রটিকে ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ বলে গ্রহণ করা হয়েছে। এছাড়াও পরবর্তী যোগ দার্শনিকরা ঈশ্বরের অস্তিত্বের পক্ষে অনুমান ও আগম প্রমাণ উপস্থাপন করেছেন। প্রথমত, যে জিনিসের মাত্রাভেদ আছে তার একটি উচ্চতম বা চরমতম এবং নিম্নতম বা ন্যূনতম মাত্রা থাকতে বাধ্য। উচ্চতম বা চরমতম মারত্রাকে বলে কাষ্ঠা। জ্ঞান ও শক্তির মাত্রাভেদ আছে। ব্যবহারিক জীবনে কোন জীবের জ্ঞান ও বেশী আবার কম হয়ে থাকে। যেখানেই আমরা অল্প, বহু, বহুতর, বহুতম – এইভাবে ক্রমবর্ধমান কোন গুণকে সাজাই, সেখানেই যুক্তিসঙ্গতভাবে আমাদের একটি নিরতিশয় বা পরাকাষ্টা স্বীকার করতে হয়।

দ্বিতীয়ত, বেদ উপনিষদ প্রভৃতি শ্রুতি ও স্মৃতিশাস্ত্রকে ঈশ্বরের অস্তিত্বের পক্ষে প্রমাণ হিসাবে গণ্য করা হয়। যোগ দর্শন আস্তিক দর্শন। এই দর্শন বেদ তথা বেদনুসারী শাস্ত্রসমূহে বিশ্বাসী। শ্রুতিকে নিত্য, শুদ্ধ ও মুক্তস্বভাব ঈশ্বরের কথা বলা হয়েছে। সুত্রাং বেদ যদি অভ্রান্ত হয়, তাহলে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করা ছাড়া উপায় নেই। প্রশ্ন হতে পারে, বেদ ও উপনিষদ প্রভৃতি যেসব শাস্ত্র ঈশ্বরের রচিত বলে স্বীকার করা হয়, তারা ঈশ্বরের অস্তিত্ব কীভাবে প্রমাণ করে? এই উত্তরে যোগ ভাষ্যকার বেদব্যাস বলেন, বেদের মাধ্যমে ঈশ্বরের অস্তিত্বের কথা জানা যায়। যদিও ঈশ্বর বেদের রচয়িতা তবু অস্তিওত্বের দিক থেকে বিচার করলে ঈশ্বরের অস্তিত্ব বেদের অস্তিত্বের পূর্বে। অতএব, ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার করা যায় না।

তৃতীয়ত, প্রকৃতির অভিব্যক্তির নিমিত্ত কারণরূপেও ঈশ্বরের অস্তিত্ব সিদ্ধ হয়। পুরুষের সাথে সংযোগ ভিন্ন প্রকৃতির অভিব্যক্তি সম্ভব নয়। অচেতন প্রকৃতি ও সচেতন পুরুষের স্বাভাবিক সংযোগ সম্ভব নয়। তাছাড়া জগৎ সৃষ্টি বা প্রকৃতির বিবর্তন জীবের অদৃষ্ট অনুসারেই হয়। জীবের অদৃষ্ট সর্বজ্ঞ ঈশ্বর ছাড়া কারোর পক্ষে জানা সম্ভব নয়। সুতরাং স্বীকার করতে হয় যে, অদৃষ্টানুসারে ঈশ্বর জগতের বিবর্তনের ইচ্ছা করেন এবং তাঁরই ইচ্ছায় প্রকৃতি ও পুরুষের সংযোগ সম্ভব হয়। ঈশ্বরের অস্তিত্ব ব্যতীত এসব সম্ভব নয় বলে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার

করতে হয়।

চতুর্থত, সৃষ্টির আদিতে বা অতীতে সৃষ্টিতে যে মোক্ষ জ্ঞান অ মোক্ষাভিলাষ পরিলক্ষিত হয়, সেই জ্ঞানের উন্মেষের জন্য কোন জ্ঞানী গুরু স্বীকার করা প্রয়োজন। কিন্তু এই জ্ঞানের কারণ হিসাবে কোন মানুষ অথবা স্বর্গের কেউ গুরু একথা বলা যায় না। কারণ, যোগ মতে কপিলাদি পূর্বাচার্যগণ এমনকি ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি দেবগণ কালাবচ্ছিন্ন। কল্পেই তাঁদের আবির্ভাব আবার কল্পান্তেই তাঁদের তিরোভাব হয় বলে শ্রুতিতে উক্ত হয়েছে। যেহেতু তাঁরা সকলেই সীমিত, সেহেতু তাঁদেরও গুরু ছিলেন-একথা স্বীকার করা প্রয়োজন। ফলে অতীত ও অনাগত সৃষ্টিতে মোক্ষ জ্ঞানের বা প্রকর্ষ গতির হেতুরূপে কালের দ্বারা সীমাবদ্ধ নন এওমন একজন গুরু স্বীকার করতে হয়। যিনি অনাদি ও অনন্ত জ্ঞান সম্পন্ন। সেই গুরুই নিত্যমুক্ত ঈশ্বর। এজন্যই যোগসূত্রের সমাধিপাদে বলা হয়েছে-

'স পূর্বৈষামপি গুরুঃ কালেন অনবচ্ছেদাৎ'। (যোগসূত্র ১/২৬) অর্থাৎ তিনি অনাদি গুরু, যিনি কালের দ্বারা অবচ্ছিন্ন বা সীমাবদ্ধ নন।৬

সাংখ্য দর্শন দ্বৈতবাদী তথা মূলপ্রকৃতি ও পুরুষ এই দুটি মূল বা চরমতত্ত্বের ভিত্তি করে দার্শনিক পরিকাঠামোকে মূল্যায়ন করা হয়। তবে এই দুইয়ের অতিরিক্ত একটি তথা ঈশ্বর স্বীকারের আবশ্যিকতার সংশয় দেখা যায়, যা নিরসন করা বিচারযোগ্য। আমরা সাংখ্য দর্শন সম্পর্কে মূলতঃ শিষ্য পরম্পরাক্রমে প্রাপ্ত ঈশ্বরকৃষ্ণের 'সাংখ্যকারিকা' মূল গ্রন্থরূপে অনুধাবন করি। তবে বিজ্ঞানভিক্ষু 'সাংখ্যপ্রবচনসূত্র' গ্রন্থেটিকে কপিল প্রণীত সূত্রগ্রন্থরূপে বিবেচনা করেন। এই দুটি মূল গ্রন্থ থেকে আমরা সাংখ্য দর্শন সম্পর্কে সবিস্তার আলোচনাগুলিকে অনুধাবন করি। এই গ্রন্থ পাঠ করে যে প্রশ্ন উত্থাপিত হয়, সেটি হল- পদার্থ তত্ত্বকাঠামোর দিক থেকে জগৎ সৃষ্টির জন্য ও মোক্ষ লাভের জন্য ঈশ্বরের আবশ্যিকতাকে গ্রহণ করা যায় কিনা? তার ভিত্তিতে সূত্রকারকে তথা মহর্ষি কপিলকে কি নিরীশ্বরবাদী বলা যায় ?

সাংখ্য মতে সৃষ্টি বলতে অভিব্যক্তি বোঝায়। যা প্রচ্ছন্ন আছে তাই প্রকট হয়, নতুন কিছু সৃষ্টি হয় না। এ মতে ধ্বংস বলততেও পরিপূর্ণ বিনষ্ট বোঝায় না। ধ্বংস শুধু রূপান্তর বোঝায়। সাংখ্য দর্শনে পুরুষের সান্নিধ্যমাত্র প্রকৃতির অভিব্যক্তি হয়। অচেতন ত্রিগুণাত্মিকা প্রকৃতি বিশুদ্ধ হয়ে মহৎ, অহঙ্কার, পঞ্চতন্মাত্র, এওকাদশ ইন্দ্রিয় এবং পঞ্চতন্মাত্রের পরিণাম পঞ্চমাহাভূতরূপে জগৎ সৃষ্টি করে। পুরুষ চেতন অথচ নির্গুণ, নিষ্ক্রিয়, সুতরাং কর্তৃত্ব, ভোক্তৃত্ব প্রভৃতি পুরুষের নেই। তথাপি প্রকৃতি, পুরুষের ভোগ এবং অপবর্গ সাধনের জন্য জগৎ সৃষ্টি করে। কিন্তু

অচেতন প্রকৃতি এইরূপ সৃষ্টি করতে কেন প্রবৃত্ত হয়, এর উত্তরে সাংখ্যাচার্চাগণ বলেন যে, প্রকৃতি নিজের প্রয়োজনের প্রবৃত্ত না হলেও অন্যের প্রয়োজনের জন্য প্রবৃত্ত হয়। কিন্তু অন্যের প্রয়োজনের জন্য প্রবৃত্ত হলেও কার্যসম্পাদন প্রক্রিয়ার কোন ব্যতিক্রম ঘটে না। কারণ এই ক্ষেত্রে পর প্রয়োজন এবং স্ব-প্রয়োজন সমান। নিজের প্রয়োজন সিদ্ধ হলে মানুষ যেমন তার প্রযত্ন থেকে বিরত হয়, সেইরূপ প্রকৃতিও পুরুষের মুক্তি সাধন করে বিরত হয় আর সৃষ্টি করে না। সুতরাং প্রকৃতির এই সৃষ্টি পুরুষের জন্য। এ প্রসঙ্গে ঈশ্বরকৃষ্ণ 'সাংখ্যকারিকা' গ্রন্থে বলেন-

ইত্যেষ প্রকৃতিকৃতো মহাদাদিবিশেষ ভূত পর্যন্তঃ।
প্রতি পুরুষ বিমোক্ষর্থং স্বার্থ ইব পরার্থ আরম্ভ।।৫৬।।৭

অতএব, সাংখ্যবর্ণিত বদ্ধ পুরুষের ভোগাদৃষ্ট অনুযায়ী নিজেই সৃষ্টি করে। কারণ সৃষ্টি করাই প্রকৃতির স্বভাব। অতএব, সৃষ্টিকার্যের জন্য ঈশ্বরের কোন প্রয়োজনীয়তা নেই।

সাংখ্যাচার্যগণ আবার বলেন যে, যাঁরা ঈশ্বরে বিশ্বাস করেন তাঁরা ঈশ্বরকে জগতের নিমিত্ত কারণ বলেন; কিন্তু যা নিত্য ও অপরিণামী তার পরিবর্তন কিরূপে সম্ভব হতে পারে? যদি তার কোন পরিবর্তনই না হয়, যদি সর্বদা একরূপেই বর্তমান থাকেন, তাহলে তার কোন আছে বলে বিশ্বাস করা যায় না এবং যার কোন ক্রিয়াশক্তি প্রতিপন্ন হয় না, তাকে নিমিত্তত কারণ বলা নিরর্থক। সাংখ্য দার্শনিকরা বলেন যে, মূল কারণটি নিত্য হলেও তা পরিণামী নয়, পরিণামী নিত্যেরই নাম প্রকৃতি।

অনেক দার্শনিক বলেন, এই মত যথাযথ নয়। তার কারণ হল, ঈশ্বরের যখন কোন ক্রিয়া বা ব্যাপার নেই, তখন তিনি প্রকৃতির প্রতিষ্ঠাতা হবেন কি রূপে? ঈশ্বরকে প্রকৃতির অধিষ্ঠাতা হতে হলে ক্রিয়াযুক্ত হতে হয়; কিন্তু ঈশ্বরবাদীদের মতে ঈশ্বরের কোন ক্রিয়া নেই। আবার প্রশ্ন উঠতে পারে যে, ঈশ্বর স্বয়ং পূর্ণ হয়েও প্রকৃতির অধিষ্ঠাতা হতে যাবেন কেন? প্রকৃতির অধিষ্ঠান বিষয়ে তাঁর প্রবৃত্তি হবে কেন? ঈশ্বর যখন স্বয়ং পূর্ণ তখন তাঁর অভাব এবং তজ্জনিত প্রবৃত্তি কল্পনা করা যেতে পারে না। যদি বলা হয় যে, পর দুঃখ পরিহার করার প্রবৃত্তি থেকেই প্রকৃতি অধিষ্ঠাতা হন, তাহলে সে মতও যথাযথ নয়। তার কারণ, সৃষ্টির পুর্বে ঈশ্বর থেকে ভিন্ন এমন কারা ছিল যাদের দুঃখে তিনি বিচলিত হতে পারতেন? বস্তুতঃ সৃষ্টির পূর্বে দুঃখই ছিল না। তিনি যদি সৃষ্টি কর্তা হয়ে থাকেন, তাহলে দুঃখও তারই সৃষ্টি। জীবের প্রতি করুণাই যদি জগৎ সৃষ্টির কারণ হউয়, তাহলে ঈশর করুণা করে সকল প্রাণীকেই সুখী করতেন; কিন্তু জগতে দুঃখী লোকের অভাব নেই। আর যদি তার

কারুণ্য চরিতার্থ করবার ইচ্ছা থাকত, তবে তিনি অন্য সহজ উপায়েও তা করতে পারতেন। তিনি যদি প্রকৃতির অধিষ্ঠাতা না হতেন, তা হলেও সৃষ্টি হত না এবং দুঃখাদিরও উৎপত্তি হত না।

মোক্ষসাধনের জন্যও ঈশ্বরের কোন আবশ্যিকতা নেই। কারণ যথাযথভাবে সাংখ্যশাস্ত্র অনুশীলনের ফলে বৈরাগ্যের উদয় হলে যোগ উক্ত সেই ক্রিয়া অনুযায়ী যোগাভ্যাস করেই প্রকৃতি পুরুষের ভেদ সাক্ষাৎজ্ঞান হয়, এবং এরূপ ভেদ সাক্ষাৎজ্ঞান হলে অবিদ্যার নিবৃত্তি হওয়ায় প্রাবদ্ধ কর্মের ফলভোগের অবসানে দেহপাতের পর পুনরায় জন্ম হয় না। কারণ ভোগজনক সঙ্গস্কার দগ্ধবীজের মত কার্যোৎপাদক শক্তি শূণ্য হয়ে যায়। শরীরাম্ভক কোন প্রকার হেতু না থাকায় পুনরায় জন্ম হতে পারে না অর্থাৎ তখন পুরুষ চিরদিনের মত মুক্ত হয়ে যায়। সুতরাং সাংখ্য বর্ণিত মোক্ষপ্রপ্তির উপায়ের মধ্যে ঈশ্বরের কোন প্রয়োজন নাই।

ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করলে তাঁকে পুরুষরূপেই স্বীকার করতে হয়। কিন্তু ঈশ্বর মুক্ত বা বদ্ধ কোন পুরুষরূপেই ঈশ্বর স্বীকৃত হতে পারেন না। তিনি যদি বদ্ধ পুরুষ হন, তাহলে তিনিও দুঃখত্রয়ের অধীন হবে, কিন্তু ঈশ্বর কখনও দুঃখের অধীন হতে পারেন না। আবার ঈশ্বর যদি মুক্ত হন, তাহলে তাঁকে নিত্যমুক্ত বলতে হয়। তিনি যদি নিত্যমুক্ত হন, তাহলে জগতের সাথে তাঁর কোন সম্পর্ক থাকতে পারে না।

প্রাচীন সাংখ্যাচার্যাগণ এই সমস্ত যুক্তির সাহায্যে বাচস্পতি মিশ্র, অনিরুদ্ধ প্রমুখ দার্শনিকরা সিদ্ধান্ত করেছেন যে, সাংখ্য নিরীশ্বরবাদী।৮ এই মতে প্রকৃতি স্বভাববশেই জগৎরূপে পরিণামপ্রাপ্ত হয়। তার এইরূপ স্বভাবের কারণ হল পুরুষের ভোগ ও মোক্ষ সম্পাদন। গবোৎসের নিমিত্ত যেমন গাভীর দুগ্ধ ক্ষরণ হয়, তেমনি পুরুষের ভোগ ও মোক্ষের নিমিত্তই প্রকৃতি পরিণাম প্রাপ্ত হয়। এই পরিণামের কারণরূপে ঈশ্বরের অস্তিত্বের স্বীকার করার প্রয়োজন নেই। তাই এ প্রসঙ্গে বাচস্পতি মিশ্র তাঁর 'সাংখ্যতত্ত্বকৌমুদী' বলেন- 'ন ব্রহ্মোপাদানঃ চিতিশক্তের পরিমানাৎ। নেশ্বরাধিষ্ঠিত-প্রকৃতি-কৃতঃ'।৯

কিন্তু বিজ্ঞানভিক্ষুর মতে সাংখ্য ঈশ্বরবাদী।১০ তিনি মনে করেন, সাংখ্য প্রবচন সূত্রকার ঈশ্বরের নাস্তিত্বের কথা কোথাও বলেননি। ঈশ্বরের নাস্তিত্বই যদি সূত্রাকারের অভিপ্রেত হত, তাহলে তিনি প্রমাণের অভাবে ঈশ্বর অসিদ্ধির কথা না বলে ঈশ্বরের নাস্তিত্বের কথা বলতেন। বিজ্ঞানভিক্ষুর মতে, সূত্রকারের বক্তব্য থেকে একথাই মনে হয় যে, সাংখ্য সম্প্রদায় ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করলেও ন্যায়-বৈশেষিক সম্প্রদায়ের মত জগৎ স্রষ্টারূপে ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ বিরোধী। তাই বিজ্ঞানভিক্ষু বলেন- 'ঈশ্বরে প্রমাণাভাবাৎ ন দোষঃ' অর্থাৎ ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ

নেই, এইজন্য দোষ হয় না। তাঁর মতে সাংখ্যের ঈশ্বরের অস্বীকৃতি উদ্দেশ্যমূলক।[১১]

বিজ্ঞানভিক্ষু ঈশ্বর স্বীকার করার পক্ষে কোন দৃঢ় যুক্তির উল্লেখ করেননি। তবে মূলতঃ তিনি দুটি কারণে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করার কথা বলেন – প্রথমত, নিরীশ্বরবাদ শাস্ত্রে নিন্দিত হয়েছে, কিন্তু সাংখ্য শাস্ত্রে প্রশংসিত হয়েছে। দ্বিতীয়ত, যখন প্রকৃতির ত্রৈগুণ্যের বিক্ষোভের ফলে বিরূপ পরিণাম হয়, তখন জগৎ সৃষ্টির আরম্ভ হয়। কোন নির্দিষ্ট কারণ না থাকলে প্রলয়কালে সদৃশ পরিণামাত্মিকা প্রকৃতি বিরূপ পরিণাম আরম্ভ করতে পারে না। এইজন্য ঈশ্বরের ইচ্ছাকে বিরূপ পরিণামের আরম্ভক বলা হয়েছে। তিনি বলেন, অদৃষ্টানুযায়ী ভোগসাধনের জন্য প্রকৃতির অভিব্যক্তি প্রবণতা উপস্থিত হয়। তখন প্রকৃতির সাথে পুরুষের একটি বিশেষ সংযোগ সংগঠিত হয় এবং তারই ফলে ক্রিয়াশক্তিহীন চেতন পুরুষ ও ক্রিয়াশীল অচেতন প্রকৃতি উভয়ে মিলিত হয়ে চেতন ব্যক্তির ন্যায়কার্য করে থাকে এবং সেই কার্যই মহৎ তত্ত্বরূপে অভিব্যক্ত হয়। সুতরাং পুরুষ চেতন হলেও নির্গুণ এবং নিষ্ক্রিয়। পক্ষান্তরে প্রকৃতি ক্রিয়াশীল এবং সগুণ হলেও অচেতন। সুতরাং এই উভয়ের সংযোগ স্বাভাবিক হতে পারে না। কারণ সংযোগের যে সম্বন্ধ দুটি রয়েছে তাদের মধ্যে কোন একটির পক্ষে ঐরূপ সংযোগারম্ভের প্রচেষ্টা সম্ভব নয়। কারণ, প্রচেষ্টার জন্য ইচ্ছার প্রয়োজন হয়। সুতরাং অচেতন প্রকৃতি ক্রিয়াশীল হলেও চেতননিষ্ঠ ইচ্ছা সম্ভব নয় বলেই সংযোগের জন্য কোন প্রচেষ্টা তার পক্ষে অসম্ভব। পক্ষান্তরে পুরুষ চেতন হলেও নির্গুণ ও নিষ্ক্রিয় বলেই তার সংযোগের অনুকূল প্রযত্ন সম্ভব নয়। অথচ, প্রকৃতি এবং পুরুষের সংযোগ ব্যতীত সৃষ্টি সম্ভব হয় না। এইজন্যই সর্বজ্ঞ ও সর্বশক্তিমান ঈশ্বর জীবের ভোগাদৃষ্ট বশতঃ অভিব্যক্তি প্রবণ প্রকৃতির সাথে পুরুষের সংযোগ সাধন করেন।[১২]

পরিশেষে বলা যায় যে, ঈশ্বরকৃষ্ণ সাংখ্যকারিকা গ্রন্থে যে সকল উদ্দেশ্যে ঈশ্বরে অস্তিত্ব স্বীকার করা হয়, সেই সকল উদ্দেশ্য সিদ্ধি যথাযথ ব্যক্ত করেন। কিন্তু তিনি তাঁর গ্রন্থে কোথাও ঈশ্বরের প্রসঙ্গ উল্লেখ করেননি। সাংখ্যকারিকার টীকাকারগণ যথাযথভাবে ঈশ্বরের অস্তিত্বের বিষয়টিকে যথাযথভাবে ব্যক্ত করে নিরীশ্বরবাদীত্বই প্রমাণ করেন। বাচস্পতি মিশ্র, অনিরুদ্ধ, শঙ্করাচার্য প্রমুখ দার্শনিক সাংখ্য দর্শনকে নিরীশ্বররূপেই গন্য করেন। পক্ষান্তরে বিজ্ঞানভিক্ষু দাবী করেন যে, সাংখ্য ঈশ্বরে বিশ্বাস করেন। তিনি 'সাংখ্যপ্রবচনসূত্র' গ্রন্থটিকে কপিল প্রণিত বলেও প্রচার ও দাবী করেন। এই দুই মূল গ্রন্থকে কেন্দ্র করে মহর্ষি কপিলকে নিরীশ্বর বা ঈশ্বরবাদী বলা যাবে কিনা? তা নির্ণয়

করা খুবই কঠিন ও দূরহ ব্যাপার। তার কারণ আমরা মহর্ষি কপিলের মূল গ্রন্থকে পাই না। পরিবর্তে গুরু পরম্পরাক্রমে প্রাপ্ত ঈশ্বরকৃষ্ণের 'সাংখ্যকারিকা' গ্রন্থকেই প্রাচীন ও মূল গ্রন্থরূপে গন্য করি। এই গ্রন্থের বহু বছর পর বিজ্ঞানভিক্ষু দাবী অনুসারে যে গ্রন্থকে কপিল প্রণীত বলে পাওয়া যায়, তাও সন্দেহের অবকাশ রাখে। এমতাবস্থায় ঈশ্বরকৃষ্ণের ঈশ্বর প্রসঙ্গ উত্থাপন না করাকেই অনেকেই মেনে নেন যে সাংখ্য দর্শন নিরীশ্বর ও যোগ দর্শন সেশ্বর। তবে এ বিষয়ে পন্দিত মহলে বিতর্কও দেখা যায় যে সাংখ্য দর্শন ও যোগ দর্শন সমানতন্ত্র হয়েও কীভাবে এরূপ বিভেদ করা যায়?

এরূপ মনে করার কারণ হল যোগ দর্শনে মহর্ষি পতঞ্জলি প্রণিত 'পাতঞ্জলসূত্র' গ্রন্থে ঈশ্বরের উল্লেখ আছে। তবে সাংখ্য দর্শনে যে উদ্দেশ্য ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার করা হয়, সেই একই উদ্দেশ্যে যোগ দর্শনেও ঈশ্বরের অস্তিত্বকে অস্বীকার করা হয়। স্যতরাং যাঁরা সাংখ্য ও যোগ দর্শনকে পৃথকরূপে অভিহিত করেন তাঁদের উদ্দেশ্যে গীতিকার বলেন – সাংখ্যযোগেই পৃথক বলোঃ প্রবদন্তি ন পন্ডিতা', এবং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি'।

তবে প্রাচীন সাংখ্য সম্পর্কে পুরাণাদি প্রভৃতি গ্রন্থে সাংখ্য দর্শন সম্পর্কে বিস্তৃত আলোচনা ও তার জয়ধ্বনি পাওয়া যায়। যদিও কোনও গ্রন্থের ভূমিকাতে তার সংক্ষিপ্ত বিবরণ লক্ষ্য করে এবং তার ভিত্তিতে বলা যায় যে সাংখ্য দর্শন ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করে। কিন্তু প্রশ্ন হল, সেখানে কেন ঈশ্বর স্বীকার করেছেন? যদিও ধরে নেওয়া যায় যে, ঈশ্বরে অস্তিত্বে বিশ্বাস কপ্রেন তা কি পুরুষ অতিরিক্ত নাকি পুরুষ বিশেষ ? এ বিষয়ে তথা "আদি সাংখ্যদর্শনে ঈশ্বরে স্বীকৃত হত, পরে বৌদ্ধযুগের প্রভাবে তাকে নিরীশ্বরবাদীরূপে প্রচার করা হয়েছে। এই অভিমত বাল গঙ্গাধর তিলকের গবেষণার পর উপেক্ষা করা যায় না। কারণ সাংখ্যকারিকাভাষ্যদৃষ্টে তিনি বর্তমানে অনুদ্ধৃত ৬২তম যে কারিকাটি আবিষ্কার করেছেন তাতে ঈশ্বরের ইঙ্গিত আছে।"

তথ্যসূত্র

১। উদয়ানাচার্য, ন্যায়কুসুমাঞ্জলি, ডঃ চন্দন ভট্টাচার্য্য (অনুবাদক), কলকাতা, মহাবোধি বুক এজেন্সি, ২০১৪,

২। প্রশস্তপাদ, প্রশস্তপাদভাষ্যম্, দণ্ডিস্বামী দামোদরাশ্রম, কলকাতা, দণ্ডিস্বামী দামদরাশ্রম, ২০১০

৩। উদয়ানাচার্য, ন্যায়কুসুমাঞ্জলি, ডঃ চন্দন ভট্টাচার্য্য (অনুবাদক), কলকাতা, মহাবোধি বুক এজেন্সি, ২০১৪,

৪। বেদান্তচঞ্চু, শ্রীপূর্ণচন্দ্র, সাংখ্যকারিকা, কলকাতা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০০৭,

৫। আরণ্যক, শ্রীমৎ স্বামী হরিহরানন্দ, পাতঞ্জল যোগ দর্শন, কলকাতা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০১৫

৬। ঐ

৭। অজ্ঞাত লেখক, যুক্তিদীপিকা, শ্রী যদুপতি ত্রিপাঠি (অনুবাদক), কলকাতা, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১১

৮। চট্টোপাধ্যায়, দেবীপ্রসাদ, ভারতীয় দর্শন, কলকাতা, ন্যাশনাল বুক এজেন্সী প্রাইভেট লিঃ, ১৯৬০

৮। গৌড়পাদ, গৌড়পাদভাষ্য, শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায় (অনুবাদক), কলকাতা, স্বদেশ, ১৪১৫ (ভূমিকা)

৯। বাচস্পতি মিশ্র, সাংখ্যতত্ত্বকৌমুদী, শ্রী নারায়ণ চন্দ্র গোস্বামী (অনুবাদক), কলকাতা সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৮

১০। গৌড়পাদ, গৌড়পাদভাষ্য, শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায় (অনুবাদক), কলকাতা, স্বদেশ, ১৪১৫ (ভূমিকা)

১১। মহর্ষি কপিল, সাংখ্যদর্শনম্, কালীবর বেদান্তবাগীশ, কলকাতা, সেন্ট্রাল বুক এজেন্সী, ১৩৬০

১২। ভট্টাচার্য, বিধুভূষণ, সাংখ্য দর্শনের বিবরণ, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০০৮

আধুনিক যুগে পুরুষার্থ

অনিমেশ সরকার

সারসংক্ষেপ :

প্রাচ্য ও প্রাশ্চ্যাত্য উভয় নীতিতত্বের ক্ষেত্রেই নৈতিকতার (morality) উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। ভারতীয় নীতিশাস্ত্রের ক্ষেত্রে নৈতিকতার যে ধারণাটি গড়ে ওঠেছে তার একটি মূলস্তম্ভ হল পুরুষার্থের ধারণা। এই পুরুষার্থই ভারতীয় নীতিবিদ্যার একটি দিক নির্দেশক। সুতরাং দাবি করা সঙ্গত যে ভারতীয় চিন্তার ইতিহাসে পুরুষার্থের ধারণাটি স্বকীয় মহিমায় উজ্জ্বল। পুরুষার্থ মানুষের জীবনের পরিচালনার জন্য একটি মডেল হিসাবে কাজ করে। পুরুষার্থ মানুষের সাধনার প্রতিফলন। বৈদিক যুগের (রামায়ণ, মহাভারত)সময় পুরুষার্থ মানুষের জীবনে সর্বাঙ্গীন ভাবে প্রয়োগ করা হত কিন্তু যুগের পরিবর্তন হয়েছে সাথে সাথে মানুষেরও পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনশীল যুগে পুরুষার্থের প্রাসঙ্গিকতা কি আদৌ আছে? আমার এই প্রবন্ধে এটাই অন্বেষণ করার চেষ্টা করব যে বৈদিক যুগের পুরুষার্থ কিভাবে আধুনিক যুগেও সমান ভাবে তাৎপর্যপূর্ণ।

বীজশব্দ: পুরুষ, অর্থ, কাম্যবস্তু, সাধনা, অর্জিত, পরম আনন্দ, মূল্যবান। 'পুরুষার্থ'[১] শব্দটি বিশ্লেষণ করলে দুটি শব্দ পাওয়া যায়। একটি হল 'পুরুষ ' অন্যটি হল 'অর্থ'। পুরুষ বলতে "সচেতন মানবকে বোঝানো হয়েছে " এবং অর্থ বলতে বোঝানো হয়েছে " মানুষ যা কামনা করে বা কাম্যবস্তু "। ফলতঃ এরূপ বিশ্লেষণের পরিপ্রেক্ষিতে পুরুষার্থের অর্থ হল " সচেতন মানুষের কাম্যবস্তু"[২] । স্বাভাবিকভাবেই পুরুষার্থের ধারণার সঙ্গে কাম্যবস্তুর ধারণাও ওতপ্রোতভাবে জড়িত। এখন প্রশ্ন হল : কাম্যবস্তু কি? প্রশ্নের উত্তরে বলা যায়, কাম্যবস্তু হল এমন বস্তু যা মানুষ কামনা করে। কামনা করে এই কারনে যে তা মানুষের মধ্যে অনুপস্থিত, কিন্তু সাধনার বা চেষ্টার মাধ্যমে তা লাভ করা যায়। অর্জিত হলে মানুষ পরম আনন্দ অনুভব করে। কামনার বস্তু এতই মূল্যবান এ কারণে যে, তা মানুষের চরিত্রকে এক অতি উচ্চ আদর্শের আলোকে আলোকিত করে। তাই ভারতীয় দর্শনে সাধনালব্ধ কাম্যবস্তুর উপর অত্যন্ত গুরুত্ব আরোপ করা হয়েছে।

প্রচলিত ধারণা অনুসারে পুরুষার্থ চার প্রকার। যথা - ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ। অবশ্য পুরুষার্থের সংখ্যা নিয়ে কিছু মতভেদ আছে। অনেকে

মতে আদিতে ধর্ম, অর্থ, ও কাম এই ত্রিবর্গই পুরুষার্থের অন্তর্গত ছিল। পরবর্তী কালে চতুর্থ পুরুষার্থ 'মোক্ষ' এর সঙ্গে যুক্ত হয়েছে। ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ - এই চারটি পুরুষার্থকে চতুর্বর্গ বলা হয়। এখন এই চারটি পুরুষার্থের অর্থ ও তাৎপর্য পৃথক পৃথক ভাবে আলোচনা করা যাক :

ধর্ম :

'ধৃ' ধাতুর সঙ্গে 'মন ' প্রত্যয় যোগ করে 'ধর্ম ' শব্দটির উৎপত্তি হয়েছে। "ধৃ+মন = ধর্ম"৩। ' ধর্ম' শব্দের একটি প্রাচীন অর্থ হল ''ধারণাৎ ধর্মম ইত্যাহু:"৪ - অর্থাৎ ধর্ম তাই যা মানুষ ও সমাজ কে ধারণ বা রক্ষা করে। বেদ উপনিষদে ধর্মকে এক অলঙ্ঘনীয় নিয়ম রূপে গণ্য করা হয়েছে, যার দ্বারা সমগ্র বিশ্বজগৎ পরিচালিত হয় এবং জগতের নিয়ম-শৃঙ্খলা রক্ষিত হয়। ঋকবেদে ' ঋত ' কে ধর্ম বলা হয়েছে। ঋত জীবজগৎ ও জড়জগৎকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করে। জগতের প্রত্যেক বস্তু তার নিজস্ব নিয়মে, তার স্বভাব-নিয়মে চলে এবং সেটাই তার ধর্ম। আগুনের স্বভাব উত্তাপ বিকিরণ করা এবং সেটাই তার ধর্ম।

ভারতীয় নীতিশাস্ত্রে সমাজজীবনের প্রেক্ষিতে 'ধর্ম' শব্দটির অর্থ করা হয়েছে, লৌকিক অর্থে শব্দটিকে গ্রহণ করা হয়নি। লৌকিক অর্থে 'ধর্ম' বলতে বোঝায় ঈশ্বর আরাধনা। কিন্তু ধর্মশাস্ত্র ও নীতিশাস্ত্রে 'ধর্ম' শব্দটির অর্থ হল - শাস্ত্রসম্মত সামাজিক আচরণবিধি যা প্রত্যেক মানুষের তার 'বর্ণ' ও 'আশ্রম ' অনুসারে অনুসরণীয়। সমাজে বসবাস করে নিজের এবং অপরের কল্যানের জন্য মানুষকে যে সব আচারণবিধি অনুসরণ করতে হয়, সেটাই তার ধর্ম। ব্যক্তি তথা সমাজ তথা বিশ্ববাসীর কল্যাণের জন্য কর্মসাধনই মানুষের ধর্ম। আসলে আধুনিক পরিভাষায় যাকে Justice বা ন্যায়ধর্ম বলা হয় তাকেই ভারতীয় দর্শনে ধর্ম বলা হয়। গীতায় তাই শ্রীকৃষ্ণ অর্জুনকে ক্ষাত্র ধর্ম পালন করে যুদ্ধে (কর্মে) অগ্রসর হতে বলেছেন এবং ধর্ম প্রতিষ্ঠার কথা বলেছেন।

অর্থঃ

অর্থ হল চতুর্বিধ পুরুষার্থের অন্যতম। কারন ধর্মাচারণের জন্য অর্থেরও একান্ত প্রয়োজন। অর্থ ছাড়া ধর্মাচারণ সম্ভব নয় বলেই অর্থকেও পুরুষার্থ রূপে গণ্য করা হয়। চাণক্য বলেছেন- " ধর্মস্য মূলম অর্থঃ " - অর্থাৎ অর্থই হল ধর্মেই মূল বা ভিত্তি। আশ্রম ধর্ম পালনের জন্যও অর্থের প্রয়োজন হয়। বেদবিহিত বিভিন্ন প্রকার ধর্মানুষ্টানের নিমিত্ত অর্থের প্রয়োজন। গার্হস্থ্য জীবন যাপনের জন্যও অর্থের প্রয়োজন। অর্থ তাই মানব জীবনের অন্যতম পুরুষার্থ। ক্ষত্রিয় অর্জুন মহাভারতের শান্তি পর্বে উদাসীন যুধিষ্ঠিরকে অর্থের মাহাত্ম্য সম্পর্কে উপদেশ দিয়েছিলেন।

তাঁর মতে " ধর্ম, কাম, স্বর্গ, আনন্দ, ক্রোধ, শাস্ত্রজ্ঞান এবং ইন্দ্রিয়দমন - এই সমস্ত কিছুই অর্থের দ্বারা নিস্পন্ন হয়। পর্বত থেকে যেমন অনেক নদী ধারা বেরিয়ে আসে তেমনি নানা জায়গা থেকে জোগাড় করা, ক্রমে বেড়ে ওঠা সঞ্চিত অর্থ থেকেই সমস্ত কাজ করা যায়। এই অর্থ থেকেই ধর্ম, কাম, স্বর্গ এবং এই অর্থ থেকেই জীবনযাত্রার কাজ নির্ধারিত হয়" ৫।

